উপলক্ষণযোগেন ব্যাবৃত্ত্যা চ প্রদর্শনাৎ।
বেদগম্যঃ পরঃ শুদ্ধ ইতি মে ধীয়তে মতিঃ ॥৯৮॥
অধ্যাত্মধ্যানসম্ভূতমভূতং দীপবৎ স্ফুটম্।
জ্ঞানং বিদ্ধি শুভাচারে! তেন যান্তি পরাং গতিম্ ॥৯৯॥
যদি মে ব্যাহৃতং গুহ্যং শ্রুতং ন তু ত্বয়া শুভে!।
তথ্যমিত্যেব বা শুদ্ধে! জ্ঞানং জ্ঞানবিলোচনে! ॥১০০॥

ভাবতকৌমুদী

পরব্রহ্মণি, তে শব্দাঃ শ্যামো ঘট ইত্যাদিবৎ স্বরূপবোধকতয়া, ন বর্ত্তন্তে। যেন হি তস্য পরাত্মনো বচসামগোচরত্বম্। তথা এবমেতদগোচরত্বং যুক্তঞ্চ রূপাদ্যভাবেন ইন্দ্রিয়াগোচরত্বাৎ ইন্দ্রিয়ান্তরগোচরত্বস্যৈব চ বাগ্‌গোচরত্বাদিতি ভাবঃ ॥৯৭॥

পরমাত্মনো বেদগম্যত্বমুপপাদয়তি সাধনস্যেতি। সাধনস্য ব্রহ্মোপাসনায়াঃ, "ওমিত্যেকাক্ষরমুদ্গীথমুপাসীত" ইত্যাদিশ্রুত্যা উপদেশাৎ; "সমং কায়শিরোগ্রীবং ধারয়ন্নচলং স্থিরঃ' ইত্যাদিনা তদুপায়স্য চ সূচনাৎ; উপলক্ষণযোগেন গ্রহণকালে চন্দ্রসূর্য্যোপলক্ষিতরাহোরিব দেহোপলক্ষিতজীবস্য তাদাত্ম্যসম্বন্ধেন, ব্যাবৃত্ত্যা ব্রহ্ম ঘটো ন, পটো ন, ইত্যাদিভেদেন চ "নেতি নেতি" ইত্যাদিশ্রুত্যা প্রদর্শনাচ্চ শুদ্ধঃ পরঃ পরমাত্মা বেদগম্য ইতি মে মম মতির্ধীয়তে ধার্য্যতে। ষট্‌পাদোঽয়ং শ্লোকঃ ॥৯৮॥

অধ্যাত্মেতি। হে শুভাচারে! আত্মানমধিকৃত্য জীবরূপেণ স্থিতমিত্যধ্যাত্মং ব্রহ্ম তস্য ধ্যানেন সম্ভূতম্, ঘটপটাদিধ্যানেন চাভূতম্, দীপবৎ স্ফুটং স্পষ্টং জ্ঞানং বিদ্ধি; তেন চ জ্ঞানেন মানুষাঃ পরাং গতিং মুক্তিং যান্তি প্রাপ্নুবন্তি ॥৯৯॥

কল্যাণি! লৌকিক ঘটপটাদি শব্দের ন্যায় বৈদিক শব্দও সার্থক বলিয়াই গ্রহণ করা হয়; তথাপি সে বৈদিক শব্দও পরমাত্মাকে বুঝাইতে পারে না। কারণ, তিনি বাক্যের অগোচর এবং সে অগোচরত্ব যুক্তিসিদ্ধও বটে ॥৯৭॥

বেদে ব্রহ্মোপাসনার উপদেশ রহিয়াছে এবং সে উপাসনার উপায়ও সূচিত আছে; আর গ্রহণকালে চন্দ্রে ও সূর্য্যে যেমন রাহুকে দেখা যায়; তেমন এই দেহে জীবরূপে ব্রহ্মকে জানা যায়; তার পর, ব্রহ্ম ঘট নহেন, পট নহেন ইত্যাদিরূপে বেদে দৃশ্যমান বস্তুর ভেদদ্বারা ব্রহ্ম প্রদর্শিত হইয়াছেন; এই সকল কারণে নির্ম্মল পরব্রহ্ম একমাত্র বেদবোধ্য, ইহাই আমার ধারণা ॥৯৮॥

শুভচারিণি! তত্ত্বজ্ঞান ব্রহ্মধ্যানে উৎপন্ন হয়; কিন্তু লৌকিক পদার্থ ধ্যানে উৎপন্ন হয় না এবং সে তত্ত্বজ্ঞান প্রদীপের ন্যায় স্পষ্ট; ইহা তুমি জানিয়া রাখ এবং সেই তত্ত্বজ্ঞানদ্বারাই মানুষ পরম গতি লাভ করে ॥৯৯॥

নানারূপবদস্যৈবমৈশ্বর্য্যং দৃশ্যতে শুভে ॥১০০॥
ন বায়ুস্তং ন সূর্য্যস্তং নাগ্নিস্তং তৎ পরং পদম্।
অনেন পূর্ণমেতদ্ধি হৃদি ভূতমিহেষ্যতে ॥১০১॥
এতাবদাত্মবিজ্ঞানমেতাবদ্‌যদহং স্মৃতম্।
আবয়োর্ন চ সত্ত্বে বৈ তস্মাদজ্ঞানবন্ধনম্ ॥১০২॥
ভীষ্ম উবাচ।
এবং সুবর্চ্চলা হৃষ্টা প্রোক্তা ভর্ত্রা যথার্থবৎ।
পরিচর্য্যমাণা হ্যনিশং তত্ত্ববুদ্ধিসমন্বিতা ॥১০৩॥

ভারতকৌমুদী

উপসংহরতি ত্রিভির্যদীতি। হে শুভে! হে জ্ঞানবিলোচনে! ত্বয়া, যে ময়া ব্যাহৃতমুক্তম্, ইতীদং গুহ্যং গোপনীয়ম্, তথ্যং সত্যঞ্চ শুদ্ধে ব্রহ্মণি জ্ঞানং যদি শ্রুতং ন শ্রুতং বা তথাপি ব্রবীমীতি শেষঃ ॥১০০॥

নানেতি। হে শুভে! অস্য পরমাত্মনঃ, এবং চন্দ্রসূর্য্যাদিভাসকত্বরূপং নানারূপবৎ ঐশ্বর্য্যং বিভূতির্দৃশ্যতে। কিন্তু বায়ুস্তং পরমাত্মানং ন চালয়তি, সূর্য্যস্তং ন ভাসয়তি, অগ্নিরপি তং ন দীপয়তি; কিন্তু তদ্ব্রহ্ম, এভ্যঃ পরমতীতং পদং বস্তু। অনেন ব্রহ্মণা ইহ জগতি এতৎ ভূতং প্রাণিবৃন্দং হৃদি জীবরূপেণ পূর্ণম্, ইতি ধারণা মুনিভিরিষ্যতে। ষট্‌পাদোঽয়ং শ্লোকঃ ॥১০১॥

এতাবদিতি। আত্মবিজ্ঞানম্ এতাবৎ এতদুক্তপ্রকারম্, অহম্ অহংজ্ঞানমপি এতাবদেব স্মৃতম্। আবয়োস্তব মম চ ন চ সত্ত্বে নৈব চিরং বিদ্যমানতে। ইতি দেহাবচ্ছেদেনৈব ধারণেতি ভাবঃ। তস্মাৎ অজ্ঞানবন্ধনম্ আত্মনস্থায়িত্বজ্ঞানং দেহবিষয়ত্বাৎ অজ্ঞানহেতুকম্ ॥১০২॥

এবমিতি। পরিচর্য্যমাণা অন্নবস্ত্রাদিদানেন ভর্ত্রৈব ॥১০৩॥

কল্যাণি! জ্ঞানপর্য্যালোচনাকারিণি! আমি এই গোপনীয় ও সত্য ব্রহ্মজ্ঞানের বিষয় বলিলাম; তুমি যদি ইহা শুনিয়া থাক, বা না শুনিয়া থাক, তথাপি আবার বলিতেছি ॥১০০॥

কল্যাণি! এই পরব্রহ্মের ঐশ্বর্য্য নানাপ্রকার দেখা যায়। বায়ু পরব্রহ্মকে চালিত করে না কিংবা সূর্য্য ও অগ্নি তাঁহাকে প্রকাশ করিতে পারে না, তিনি ইহাদের অতীত বস্তু; মহর্ষিরা এই ধারণা করেন যে, এই পরমাত্মাই জীবরূপে জগতের সমস্ত প্রাণীর হৃদয় পূর্ণ করিয়া রহিয়াছেন ॥১০১॥

ব্রহ্মজ্ঞান এই প্রকার এবং 'অহং জ্ঞান'ও এই জাতীয়। আর 'তুমি ও আমি চিরকাল থাকিব না' এইরূপ যে ধারণা হয়, তাহা অজ্ঞাননিবন্ধনই হইয়া থাকে' ॥১০২॥

ভর্ত্তা চ তামনুপ্রেক্ষ্য নিত্যনৈমিত্তিকান্বিতঃ।
পরমাত্মনি গোবিন্দে বাসুদেবে মহাত্মনি ॥১০৪॥
সমাধায় চ কর্ম্মাণি তন্ময়ত্বেন ভাবিতঃ।
কালেন মহতা রাজন্! প্রাপ্নোতি পরমাং গতিম্ ॥১০৫॥ (যুগ্মকম্)
এতত্তে কথিতং রাজন্! যন্মাং ত্বং পরিপৃচ্ছসি।
গার্হস্থ্যঞ্চ সমাস্থায় গতৌ জায়াপতী পরম্ ॥১০৬॥

ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং শান্তিপর্ব্বণি মোক্ষধর্ম্মে অষ্টাদশাধিকদ্বিশততমোঽধ্যায়ঃ ॥০॥ *

ভারতকৌমুদী

ভর্ত্তেতি। তাং সুবর্চ্চলাম্, অনুপ্রেক্ষ্য অনুসৃত্য কর্ম্মাণি নিত্যনৈমিত্তিকানি, বাসুদেবে সমাধায় সমর্প্য, তন্ময়ত্বেন ভাবিতো ভাববান্। প্রাপ্নোতি স্ম ॥১০৪—১০৫॥

এতদিতি। সমাস্থায় অবলম্ব্য, জায়াপতী সুবর্চ্চলাশ্বেতকেতূ ॥১০৬॥

ইতি মহামহোপাধ্যায়-ভারতাচার্য্য শ্রীহরিদাসসিদ্ধান্তবাগীশভট্টাচার্য্যবিরচিতায়াং মহাভারত-টীকায়াং ভারতকৌমুদীসমাখ্যায়াং শান্তিপর্ব্বণি মোক্ষধর্ম্মে অষ্টাদশাধিকদ্বিশততমোঽধ্যায়ঃ ॥০॥

ভীষ্ম বলিলেন—'ভর্ত্তা শ্বেতকেতু এইভাবে যথার্থ কথা সকল বলিলে, সুবর্চলা আনন্দিত হইলেন এবং সর্ব্বদা তত্ত্বজ্ঞানসমন্বিত হইয়া চলিতে লাগিলেন; আর ভর্ত্তাও তাঁহাকে প্রতিপালন করিতে থাকিলেন ॥১০৩॥

রাজা! শ্বেতকেতু সুবর্চ্চলাকে লইয়া নিত্য ও নৈমিত্তিক কার্য্য সকল করিতেন এবং মহাত্মা গোবিন্দ ও বাসুদেবস্বরূপ পরমাত্মাতে সেই সকল কর্ম্ম সমর্পণ করিয়া তন্ময়ভাবে থাকিতেন; এইভাবে তিনি বহুকালের পর পরমগতি লাভ করিয়াছিলেন ॥১০৪—১০৫॥

রাজা! তুমি আমার নিকট যাহা জিজ্ঞাসা করিয়াছিলে, এই আমি তাহা তোমার নিকট বলিলাম; পতি শ্বেতকেতু এবং পত্নী সুবর্চ্চলা গৃহস্থধর্ম্ম অবলম্বন করিয়া অন্তিমে পরমপদ লাভ করিয়াছিলেন' ॥১০৬॥

* অয়মধ্যায়শ্চ পি বঙ্গ বর্দ্ধ নাস্তি।

ঊনবিংশত্যধিকদ্বিশততমোঽধ্যায়ঃ।

—ঃ০ঃ—

যুধিষ্ঠির উবাচ।

কিং কুর্ব্বন্ সুখমাপ্নোতি কিং কুর্ব্বন্ দুঃখমাপ্নুয়াৎ।
কিং কুর্ব্বন্ নির্ভয়ো লোকে সিদ্ধশ্চরতি ভারত। ॥১॥

ভীষ্ম উবাচ।

দমমেব প্রশংসন্তি বৃদ্ধাঃ শ্রুতিসমাধয়ঃ।
সর্ব্বেষামেব বর্ণানাং ব্রাহ্মণস্য বিশেষতঃ ॥২॥
নাদান্তস্য ক্রিয়াসিদ্ধির্যথাবদুপপদ্যতে।
ক্রিয়া তপশ্চ সত্যঞ্চ দমে সর্ব্বং প্রতিষ্ঠিতম্ ॥৩॥
দমস্তেজো বর্দ্ধয়তি পবিত্রং দম উচ্যতে।
বিপাপ্মা নির্ভয়ো দান্তঃ পুরুষো বিন্দতে মহৎ ॥৪॥

ভারতকৌমুদী

কিমিতি। সিদ্ধো নিষ্পন্নকার্য্যো মানবঃ ॥১॥
দমমিতি। দমং বহিরিন্দ্রিয়নিগ্রহম্। শ্রুতিষু বেদেষু সমাধিশ্চিত্তৈকাগ্রতা যেষাং তে ॥২॥
নেতি। অদান্তস্য দমহীনস্য। উপপদ্যতে সম্ভবতি ॥৩॥

ভারতভাবদীপঃ

"কিং কুর্ব্বন্ সুখমাপ্নোতি কিং কুর্ব্বন্ দুঃখমাপ্নুয়াৎ" ইত্যারভ্য আদ্যন্তং সর্ব্বভূতানাং জ্ঞাতুমিচ্ছামি কৌরবেত্যতঃ প্রাক্তনী একাদশাধ্যায়ী উক্তবক্ষ্যমাণস্বরূপজ্ঞানলাভার্থা সাধনসম্পদ্বির্ণনার্থা প্রায়েণ স্পষ্টার্থা ; তথাপি বিষমাণি পদান্তত্র ব্যাখ্যায়ন্তে ॥১॥ শ্রুতিসমাধয়ো বেদদ্রষ্টারঃ

যুধিষ্ঠির বলিলেন—'ভরতনন্দন! মানুষ কি করিবা সুখলাভ করে? কি করিয়া দুঃখ ভোগ করে এবং কি করিয়াই বা নির্ভয় ও সিদ্ধকার্য্য হইয়া জগতে বিচরণ করে' ॥১॥

ভীষ্ম বলিলেন—'বেদচিন্তাপরায়ণ বৃদ্ধেরা সকল বর্ণের বিশেষতঃ ব্রাহ্মণের দমেরই প্রশংসা করেন (বহিরিন্দ্রিয়দমনের নাম 'দম') ॥২॥

দমগুণশূন্য মানুষের যথাযথভাবে কার্য্য সিদ্ধি হয় না এবং লৌকিক কার্য্য, তপস্যা ও সত্য—এ সমস্তই এক দমগুণের উপরে প্রতিষ্ঠিত রহিয়াছে ॥৩॥

সুখং দান্তঃ প্রস্বপিতি সুখঞ্চ প্রতিবুধ্যতে।
সুখং লোকে বিপর্য্যেতি মনশ্চাস্য প্রসীদতি ॥৫॥
তেজো দমেন ধ্রিয়তে তন্ন তীক্ষ্ণোঽধিগচ্ছতি।
অমিত্রাংশ্চ বহূন্নিত্যং পৃথগাত্মনি পশ্যতি ॥৬॥
ক্রব্যাদ্ভ্য ইব ভূতানামদান্তেভ্যঃ সদা ভয়ম্।
তেষাং বিপ্রতিষেধার্থং রাজা সৃষ্টঃ স্বয়ম্ভুবা ॥৭॥
আশ্রমেষু চ সর্ব্বেষু দম এব বিশিষ্যতে।
যচ্চ তেষু ফলং ধর্ম্মো ভূয়ো দান্তো তদুচ্যতে ॥৮॥

ভাবতকৌমুদী

দম ইতি। বিন্দতে লভতে, মহৎ সুখমিতি শেষঃ ॥৪॥

সুখমিতি। প্রতিবুধ্যতে জাগর্ত্তি। বিপর্য্যেতি বিচরতি ॥৫॥

তেজ ইতি। দমেন তেজঃ শুক্রং ধ্রিয়তে; কিন্তু তীক্ষ্ণো দমগুণাভাবেন তীব্রকামঃ পুরুষঃ তত্তেজঃ নাধিগচ্ছতি ন লভতে ভূয়সা স্ত্রীসংসর্গেণ তদপগমাৎ। তথা মানুষো দমেন বহূন্ অমিত্রান্ শত্রূন্ পৃথগাত্মনি ভিন্ন জন এব নিত্যং পশ্যতি ॥৬॥

ক্রব্যাদ্ভ্য ইতি। ক্রব্যং মাংসমদন্তীতি ক্রব্যাদো ব্যাঘ্রাদয়স্তেভ্যঃ, ভূতানাং প্রাণিনাম্। বিপ্রতিষেধার্থং দুষ্ক্রিয়ানিবারণার্থম্ ॥৭॥

আশ্রমেষ্বিতি। তেষু আশ্রমেষু চ ধর্ম্মো নাম যৎ ফলং ভবতি, দান্তে তৎ ফলং ভূয়ো বহুলমুচ্যতে ॥৮॥

দমগুণ তেজ বৃদ্ধি করে এবং দমগুণ পরম পবিত্র, আর দমগুণসম্পন্ন মানুষ নিষ্পাপ ও নির্ভয় হইয়া মহাসুখ লাভ করেন ॥৪॥

দমগুণসম্পন্ন মানুষ সুখে নিদ্রা যান, সুখে জাগরিত হন এবং জগতে সুখে বিচরণ করেন; আর উঁহার মন সর্ব্বদাই প্রসন্ন থাকে ॥৫॥

মানুষ দমগুণের ফলে বীর্য্য ধারণ করে; কিন্তু তীব্রকামুক পুরুষ তাহা ধারণ করিতে পারে না, আর মানুষ, দমগুণের ফলে সর্ব্বদা পরেরই বহুতর শত্রু দেখিতে পায় ॥৬॥

হিংস্র জন্তুগণ হইতে প্রাণিগণের যেমন সর্ব্বদা ভয় হয়, তেমন দমগুণবিহীন মানুষ হইতেও প্রাণিগণের সর্ব্বদাই ভয় হইয়া থাকে। অতএব তাহাদের শাসনের জন্য বিধাতা রাজা সৃষ্টি করিয়াছেন ॥৭॥

---

(৬) .. তন্ন তীক্ষ্ণোঽধিগচ্ছতি • বঙ্গ নি।

(৮) .. যচ্চ তেষু ফল, ধর্ম্মে •বঙ্গ বর্দ্ধ, • যচ্চ তেষাং ফলং ধর্ম্ম্যম্.. নি।

তেষাং লিঙ্গানি বক্ষ্যামি যেষাং সমুদয়ো দমঃ।
অকার্পণ্যমসংরম্ভঃ সন্তোষঃ শ্রদ্দধানতা ॥৯॥
অক্রোধ আর্জবং নিত্যং নাতিবাদোঽভিমানিতা।
গুরুপূজানসূয়া চ দয়াভূতেম্বপৈশুনম্ ॥১০॥
জনবাদমৃষাবাদস্তুতিনিন্দাবিবর্জনম্।
সাধুকামশ্চ স্পৃহয়েন্নায়তিং প্রত্যয়েষু চ ॥১১॥

ভারতকৌমুদী

তেষামিতি। লিঙ্গানি চিহ্নানি। সমুদেতীতি সমুদয়ঃ সমুদিতঃ। অকার্পণ্যং ব্যয়েষকুণ্ঠতা, অসংরম্ভঃ অনুত্তেজনা, শ্রদ্দধানতা গুরুশাস্ত্রবাক্যয়োর্বিশ্বাসঃ ॥৯॥

অক্রোধ ইতি। আর্জবং সরলতা, নাতিবাদঃ অনধিকভাষণম্, নাভিমানিতা অদম্ভঃ। অনসূয়া পরদোষাবিষ্কারাভাবঃ, ভূতেষু প্রাণিষু, অপৈশুনম্ অখলত্বম্ ॥১০॥

জনেতি। জনবাদো লোকবাদপ্রচারঃ, মৃষাবাদো মিথ্যাভাষণম্, স্তুতিঃ প্রশংসা নিন্দা চ তাসাং বর্জনম্। সাধূন্ কাময়ত ইতি সাধুকামঃ সৎসঙ্গাভিলাষী, প্রত্যয়েষু সুখানুভবেষু, আয়তি-মুত্তরকালং ন স্পৃহয়েৎ উত্তরকালে সুখং ন কাময়েদিত্যর্থঃ ॥১১॥

ভারতভাবদীপঃ

॥২॥ দমো বাহ্যেন্দ্রিয়নিগ্রহস্তদ্বর্জ্জিতঃ অদান্তঃ ॥৩—৫॥ তীক্ষ্ণো রাজসঃ, অমিত্রান্ কামাদীন্ ॥৬॥ ক্রব্যাদ্ভ্যো ব্যাঘ্রাদিভ্যো মাংসভক্ষকেভ্যঃ ॥৭॥ ভূয়োঽধিকম্ ॥৮॥ লিঙ্গানি স্বরূপাণি, সমুদেত্য-স্মাদিতি সমুদয়ো হেতুঃ, অকার্পণ্যমদীনত্বম্, অসংরম্ভোঽভিনিবেশাভাবঃ ॥৯॥ অতিবাদো লৌকিকার্থভাষণম্, অভিমানিতা গর্ব্বঃ ॥১০॥ জনবাদো রাজাদিবার্ত্তা, সাধুকামো মোক্ষার্থী, প্রত্যয়েষু সুখদুঃখাগ্ননুভবেষু আয়তিমুত্তরকালং ন স্পৃহয়েৎ প্রাপ্তং সুখাদিকং ভুঞ্জীত ন তু কালান্ত-রীয়ৌ তজ্জৌ হর্ষবিষাদৌ চিন্তনীয়াবিত্যর্থঃ। নায়তিং প্রত্যয়ো নৃষিতি পাঠে ফলসংবাদেন

সমস্ত আশ্রমে এক দমগুণই প্রধান বলিয়া গণ্য হয়। কারণ, সেই সকল আশ্রমে নানা ব্যাপারে যে ধর্ম্মরূপ ফল হয়; এক দমগুণবিশিষ্ট পুরুষের তদপেক্ষা সেই ধর্ম্মরূপ ফল অধিক হয় বলিয়া মুনিরা বলেন ॥৮॥

যাঁহাদের দমগুণ উৎপন্ন হইয়াছে; তাঁহাদের লক্ষণ আমি বলিতেছি—অকার্পণ্য, অনুত্তেজনা, সন্তোষ এবং গুরুবাক্যে ও শাস্ত্রবাক্যে বিশ্বাস ॥৯॥

সর্ব্বদা অক্রোধ, সরলতা, মিতভাষিতা, অনভিমানিতা, গুরুজনের সম্মান, কাহারও অসূয়া না করা এবং প্রাণিগণের উপরে দয়া করা ও দুর্জ্জনতা না করা ॥১০॥

লোকবাদ (গুজব), মিথ্যা কথা, লোকের প্রশংসা ও লোকের নিন্দা বর্জ্জন করা দমের লক্ষণ এবং দমগুণসম্পন্ন মানুষ সৎসঙ্গাভিলাষী হইবেন; কিন্তু ভাবী সুখের লিপ্সা করিবেন না ॥১১॥

অবৈরকৃৎ সূপচারঃ সমো নিন্দাপ্রশংসয়োঃ।
সুবৃত্তঃ শীলসম্পন্নঃ প্রসন্নাত্মাত্মবান্ প্রভুঃ ॥১২॥
প্রাপ্য লোকে চ সৎকারং স্বর্গং বৈ প্রেত্য গচ্ছতি।
দুর্গমং সর্বভূতানাং প্রাপয়ন্মোদতে সুখী ॥১৩॥
সর্বভূতহিতে যুক্তো ন স্ম যো দ্বিষতে জনম্।
মহাহ্রদ ইবাক্ষোভ্যঃ প্রজ্ঞাতৃপ্তঃ প্রসীদতি ॥১৪॥
অভয়ং যস্য ভূতেভ্যঃ সর্ব্বেষামভয়ং যতঃ।
নমস্যঃ সর্বভূতানাং দান্তো ভবতি বুদ্ধিমান্ ॥১৫॥

ভারতকৌমুদী

অবৈরকৃদিতি। সূপচারো লোকৈঃ সহ সদ্ব্যবহারকারী। সুবৃত্তঃ সদাচারঃ। আত্মবান্ ধৈর্য্যবান্, প্রভুঃ কামাদিদমনে সক্ষমঃ ॥১২॥

প্রাপ্যেতি। প্রেত্য পরলোকে। সর্ব্বভূতানাং দুর্গমং দুষ্প্রাপমন্নাদিকম্, প্রাপয়ন্ ক্ষুধার্ত্তান্ ভোজয়ন্ ॥১৩॥

সর্ব্বেতি। যুক্ত উদ্যোগী, দ্বিষতে দ্বেষ্টি। প্রজ্ঞাতৃপ্ত আত্মজ্ঞানেনৈব সন্তুষ্টঃ ॥১৪॥

অভয়মিতি। স দান্তো জনঃ, সর্ব্বভূতানাং নমস্যো বুদ্ধিমাংশ্চ ভবতি ॥১৫॥

ভারতভাবদীপঃ

বিশ্বস্তো মৃষাদরং ন কুর্য্যাৎ; কিন্তু প্রাগেবাকৃতকার্য্যেষু সাধুত্ববিশ্বাসো ন কর্ত্তব্য ইত্যর্থঃ ॥১১॥ সূপচারঃ শাঠ্যবর্জ্জিতাদরঃ, প্রসন্নাত্মা শুদ্ধচিত্তঃ, আত্মবান্ ধৃতিমান্, প্রভুর্জ্জিতকামাদিদোষঃ ॥১২॥ দুর্গমং দুষ্কালে দুর্লভমন্নাদি প্রাপয়ন্ দয়াবানিত্যর্থঃ ॥১৩॥ স্মেতি পৃথক্পদম্ ॥১৪—২০॥

ইতি শান্তিপর্ব্বণি মোক্ষধর্ম্মে নৈলকণ্ঠীয়ে ভারতভাবদীপে ঊনবিংশত্যধিকদ্বিশততমোঽধ্যায়ঃ ॥২১৯॥

দমগুণী পুরুষ কাহারও সহিত শত্রুতা করিবেন না, সকলের সহিতই সদ্ব্যবহার করিবেন, নিজের নিন্দায় ও প্রশংসায় সমভাব থাকিবেন এবং সদাচার, সৎস্বভাব, প্রসন্নচিত্ত, ধৈর্য্যশালী ও কামাদি দমনে সক্ষম হইবেন ॥১২॥

দমগুণসম্পন্ন মানুষ, ইহলোকে সকলের নিকট সম্মান ও পরলোকে স্বর্গলাভ করেন এবং ক্ষুধার্ত্তকে সকল প্রাণীর দুর্লভ অন্ন ভোজন করাইয়া আমোদ অনুভব করেন ও সুখী হন ॥১৩॥

যিনি সর্ব্বভূতের হিতসাধনে উদ্যোগী থাকেন, কাহারও প্রতি বিদ্বেষ করেন না এবং মহাহ্রদের ন্যায় অক্ষোভ্য হন; তিনি আত্মজ্ঞানে তৃপ্ত থাকিয়া আত্মপ্রসাদ লাভ করেন ॥১৪॥

কোন প্রাণী হইতেই যাঁহার ভয় হয় না এবং যাহা হইতে কোন প্রাণীই ভয় করে না; সেই দমগুণান্বিত মানুষ সমস্ত প্রাণীর নমস্য ও সদ্বুদ্ধিসম্পন্ন হন ॥১৫॥

ন হৃষ্যতি মহত্যর্থে ব্যসনে চ ন শোচতি।
স বৈ পরিমিতপ্রজ্ঞঃ স দান্তো দ্বিজ উচ্যতে ॥১৬॥
কর্ম্মভিঃ শ্রুতিসম্পন্নঃ সদ্ভিরাচরিতঃ শুচিঃ।
সদৈব দমসংযুক্তস্তস্য ভুঙ্‌ক্তে মহাফলম্ ॥১৭॥
অনসূয়া ক্ষমা শান্তিঃ সন্তোষঃ প্রিয়বাদিতা।
সত্যং দানমনায়াসো নৈষ মার্গো দুরাত্মনাম্ ॥১৮॥
কামক্রোধৌ চ লোভশ্চ পরস্যের্ষ্যা বিকত্থনা।
কামক্রোধৌ বশে কৃত্বা ব্রহ্মচারী জিতেন্দ্রিয়ঃ ॥১৯॥
বিক্রম্য ঘোরে তমসি ব্রাহ্মণঃ শংসিতব্রতঃ।
কালাকাঙ্ক্ষী চরেল্লোকান্ নিরপায় ইবাত্মবান্ ॥২০॥ (যুগ্মকম্)

ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং শান্তিপর্ব্বণি মোক্ষধর্ম্মে দমপ্রশংসায়াম্ ঊনবিংশত্যধিকদ্বিশততমোঽধ্যায়ঃ ॥০॥ *

ভারতকৌমুদী

নেতি। মহত্যর্থে বিশালে অভীষ্টে বস্তুনি লব্ধেঽপি যো ন হৃষ্যতি; ব্যসনে বিপদি চ ন শোচতি; সঃ, পরিমিতা সূক্ষ্মপরিমাণা প্রজ্ঞা বুদ্ধির্যস্য স দান্তশ্চোচ্যতে ॥১৬॥

কর্ম্মভিরিতি। শ্রুতসম্পন্নঃ শাস্ত্রজ্ঞানযুক্তঃ, সদ্ভিঃ কর্ম্মভিঃ আচরিতঃ অন্বিতঃ, শুচিঃ পবিত্রঃ। তস্য সৎকর্ম্মাদেঃ মহাফলং ভুঙ্‌ক্তে ॥১৭॥

অনসূয়েতি। অনায়াসো দুঃসহপরিশ্রমাভাবঃ ॥১৮॥

দুরাত্মনাং কো মার্গ ইত্যাহ কামেত্যাদ্যর্দ্ধেন। ঘোরে তমসি মোহে উপস্থিতে সতি, বিক্রম্য তপোবলেন পরাক্রম্য পরাক্রমেণ তং মোহং বিনাশ্যেত্যর্থঃ। নিরপায়ো নির্বিঘ্ন ইব, আত্মবান্ ধৈর্য্যবান্ ॥১৯—২০॥

ইতি মহামহোপাধ্যায়-ভারতাচার্য্য-শ্রীহরিদাসসিদ্ধান্তবাগীশভট্টাচার্য্যবিরচিতায়াং মহাভারত টীকায়াং ভারতকৌমুদীসমাখ্যায়াং শান্তিপর্ব্বণি মোক্ষধর্ম্মে ঊনবিংশত্যধিকদ্বিশততমোঽধ্যায়ঃ ॥০॥

প্রচুর লাভ হইলেও যিনি আনন্দিত হন না, আবার বিপদেও শোক করেন না; সেই দ্বিজাতিকে সূক্ষ্মবুদ্ধি ও দমগুণান্বিত বলা হয় ॥১৬॥

যিনি শাস্ত্রজ্ঞানসম্পন্ন, সৎকর্ম্মান্বিত, পবিত্র এবং সর্ব্বদাই বহিরিন্দ্রিয়দমনকারী হন; তিনি সেই সৎকর্ম্মপ্রভৃতির মহাফল লাভ করেন ॥১৭॥

পরের দোষ আবিষ্কার না করা, ক্ষমা, শান্তি, সন্তোষ, প্রিয়বাদিতা, সত্য, দান ও গুরুতর পরিশ্রম না করা—এইগুলি দুরাত্মাদের পদ্ধতি নহে ॥১৮॥

* '... বিংশত্যধিকদ্বিশততমোঽধ্যায়ঃ' বঙ্গ বর্দ্ধ, '...পঞ্চবিংশত্যধিকদ্বিশততমোঽধ্যায়ঃ' নি।

বিংশত্যধিকদ্বিশততমোঽধ্যায়ঃ।

—ঃ০ঃ—

যুধিষ্ঠির উবাচ।

দ্বিজাতয়ো ব্রতোপেতা যদিদং ভুঞ্জতে হবিঃ।
অন্নং ব্রাহ্মণকামায় কথমেতৎ পিতামহ ! ॥১॥

ভীষ্ম উবাচ।

অবেদোক্তব্রতোপেতা ভুঞ্জানাঃ কার্য্যকরিণঃ।
বেদোক্তেষু চ ভুঞ্জানা ব্রতলুব্ধা যুধিষ্ঠির ! ॥২॥

ভারতকৌমুদী

দ্বিজাতয় ইতি। ব্রতং দুর্গাপূজাদি তদুপেতাস্তত্র দীক্ষিতাঃ, দ্বিজাতয়ো ব্রহ্মাণক্ষত্রিয়বৈশ্যাঃ, ব্রাহ্মাণস্য কামায় কামনাসম্পাদনায়, ইদং যৎ অন্নম্ অন্নাদিরূপং হবির্দেবেভ্যো দত্তং মৎস্যং মাংসঞ্চ ভুঞ্জতে, এতদ্ভোজনং কথং সঙ্গচ্ছতে তন্নিষেধাৎ ॥১॥

ভাবতভাবদীপঃ

"ভূতানামভয়ং যতঃ" ইত্যহিংসাবিধিঃ কিমগ্নীষোমীয়ং পশুমালভেত সুবাগ্রহং গৃহ্লাতীতি বৈদিকং ব্রাহ্মণং কর্ম্মপ্রবর্ত্তনাবাক্যম্, তথা "প্রীণয়েচ্চণ্ডিকাঃ ভক্ত্যা মাংসেন সুরয়া নৃপ !" ইত্যবৈদিকং ব্রাহ্মণম্ ? স বিধিঃ কিমেতাভ্যাং বিরুধ্যতে ন বেতি প্রশ্নার্থঃ। দ্বিজাতয়স্ত্রৈবর্ণিকাঃ, ব্রতং যজ্ঞ-দীক্ষা মন্ত্রদীক্ষা চ তদ্যুক্তাঃ হবির্দ্দেবতাশেষম্ অন্নমদনীয়ং মাংসমৎস্যাদি, ব্রাহ্মণং পূর্ব্বোক্তং দ্বিবিধম্;

কাম, ক্রোধ, লোভ, অন্যের প্রতি ঈর্ষ্যা ও আত্মশ্লাঘা—এইগুলিই দুরাত্মাদের পদ্ধতি। আর ব্রহ্মনিষ্ঠ মানুষ কাম ও ক্রোধকে বশীভূত করিয়া, ব্রহ্মচারী ও জিতেন্দ্রিয় হইয়া, প্রবল মোহ উপস্থিত হইলে, বিক্রমপ্রকাশপূর্ব্বক তাহাকে হটাইয়া দিয়া, সুদৃঢ়নিয়মপরায়ণ হইয়া, কালের প্রতীক্ষা করিয়া নির্বিঘ্নের ন্যায় ধৈর্য্যসহকারে জগতে বিচরণ করিবেন ॥১৯—২০॥

—ঃ০ঃ—

যুধিষ্ঠির বলিলেন—'পিতামহ ! ব্রতে বা যজ্ঞে দীক্ষিত ব্রাহ্মণ, ক্ষত্রিয় বা বৈশ্য ব্রাহ্মণের অনুরোধে এই যে দেবনিবেদিত অন্ন ও মাংসাদি ভোজন করেন, ইহা কি সঙ্গত !' ॥১॥

যুধিষ্ঠির উবাচ।

যদিদং তপ ইত্যাহুরুপবাসং পৃথগ্‌জনাঃ।
এতত্তপো মহারাজ! উতাহো কিং তপো ভবেৎ ॥৩॥

ভীষ্ম উবাচ।

মাসপক্ষোপবাসেন মন্যন্তে যত্তপো জনাঃ।
আত্মতন্ত্রোপঘাতস্তু ন তপস্তৎ সতাং মতম্ ॥৪॥

ভারতকৌমুদী

অবেদেতি। হে যুধিষ্ঠির! অবেদোক্তব্রতোপেতা দুর্গাপূজাদিব্রতদীক্ষিতাঃ তান্যেব কার্য্যাণি কুর্ব্বন্তীতি তে দ্বিজাতয়ঃ, ব্রতলুব্ধাস্তত্তৎ ব্রতফললোভিন এব, দুর্গাপূজাদিষু দেবেভ্যো দত্তং মাংসাদিকং ভুঞ্জানাঃ, বেদোক্তেষু চ অগ্নীষ্টোমযাগাদিষু দেবেভ্যো দত্তং মাংসং ভুঞ্জানা ভবন্তি "মৎস্যৈশ্চা'শৈশ্চ রাজেন্দ্র! দত্ত্বান্নৈর্বেদ্যমুত্তমম্। ব্রাহ্মণেভ্যঃ প্রদায়াথ স্বয়ং তদশনো ভবেৎ।।" ইতি স্মৃতেঃ "সর্ব্বস্মাদ্‌গ্রাসান্বার্দ্ধমশ্নীয়াৎ" ইতি স্মৃতেশ্চ। তন্ন দোষায়েতি ভাবঃ ॥২॥

যদিতি। হে মহারাজ! মহাক্ষত্রিয়! পৃথগ্‌জনা মূর্খতরলোকাঃ, উপবাসং যদিদং তপ ইত্যাহুঃ; এতত্তপঃ, উতাহো কিমন্যত্তপো ভবেৎ ॥৩॥

মাংসেতি। আত্মনো দেহস্য তন্ত্রস্য প্রধানস্য তত্ত্বজ্ঞানার্জ্জনস্য চ উপঘাতঃ কষ্টনিবন্ধনো বিঘ্নস্তত্রেতি ন তত্তপঃ, ইতি সতাং মতম্ ॥৪॥

ভারতভাবদীপঃ

তত্রোক্তো যঃ কামঃ স্বর্গপুত্রাদিস্তস্মৈ যৎ ভুঞ্জতে তদিদং কথং যুক্তমযুক্তং বেতি পদার্থঃ ॥১॥ অবেদোক্তেতি। ভুঞ্জানা অভোজ্যং মাংসাদীতি শেষঃ। কার্য্যকারিণঃ কামাচারবন্তঃ, ইহৈব পতিতা ইত্যর্থঃ। ব্রতলুব্ধা দীক্ষোক্তফলানুরাগিণঃ স্বর্গং প্রাপ্য পতিষ্যন্তীত্যর্থঃ। লুপ্তা ইতি পাঠে ব্রতবিধিনা বর্জিতা ইত্যর্থঃ ॥২॥ এবং পরপীড়াকরং যাগাদিকং বিনিন্দ্য দেহপীড়াকরমপি ধর্ম্মং মুমুক্ষূণামনুপাদেয়ং নিন্দতি প্রশ্নোত্তরাভ্যাং—যদিতি ॥৩॥ আত্মতন্ত্রমাত্মবিদ্যা তস্যা উপঘাতো

ভীষ্ম বলিলেন—'যুধিষ্ঠির! অবেদোক্তব্রতে কিংবা বেদোক্তব্রতে দীক্ষিত দ্বিজাতিরা সেই সেই কার্য্য করিতে থাকিয়া তাহার ফললাভে লোভী হইয়াই মাংসাদি ভোজন করিয়া থাকেন' ॥২॥

যুধিষ্ঠির বলিলেন—'ক্ষত্রিয়শ্রেষ্ঠ! সাধারণ লোকেরা এই উপবাসকে যে তপস্যা বলে, ইহা কি তপস্যা? না, অন্য কোন কার্য্যের নাম তপস্যা?' ॥৩॥

ভীষ্ম বলিলেন—'সাধারণ লোকেরা একমাস বা একপক্ষপ্রভৃতি উপবাসকে যে তপস্যা বলে; তাহা প্রকৃত তপস্যা নহে; ইহাই পণ্ডিতদিগের মত। কারণ, তাহাতে দেহের ও তত্ত্বজ্ঞানের ব্যাঘাত হয় ॥৪॥

ত্যাগশ্চ সন্নতিশ্চৈব শিষ্যতে তপ উত্তমম্।
সদোপবাসী স ভবেৎ ব্রহ্মচারী সদা ভবেৎ ॥৫॥
মুনিশ্চ স্যাৎ সদা বিপ্রো দৈবতঞ্চ সদা ভবেৎ।
কটুম্বিকো ধর্ম্মকামঃ সদাঽস্বপ্নশ্চ ভারত! ॥৬॥
অমাংসাদী সদা চ স্যাৎ পবিত্রশ্চ সদা ভবেৎ।
অমৃতাশী সদা চ স্যাৎ দেবতাতিথিপূজকঃ ॥৭॥
বিঘসাশী সদা চ স্যাৎ সদা চৈবাতিথিব্রতঃ।
শ্রদ্দধানঃ সদা চ স্যাদ্দৈবতদ্বিজপূজকঃ ॥৮॥
যুধিষ্ঠির উবাচ।
কথং সদোপবাসী স্যাদ্ব্রহ্মচারী কথং ভবেৎ।
বিঘসাশী কথঞ্চ স্যাৎ সদা চৈবাতিথিব্রতঃ ॥৯॥

ভারতকৌমুদী

তর্হি কিং তপ ইত্যাহ তপ ইতি। ত্যাগঃ কর্ম্মসন্ন্যাসঃ, সন্নতিবানতিঃ উপাসনয়া স্বেষ্টদেবসন্তোষণমিতি যাবৎ শিষ্যতে উচ্যতে। স তাদৃশস্ত্যাগী সন্নতশ্চ সদোপবাসী ভবেৎ সদা ব্রহ্মচারী চ ভবেৎ ॥৫॥

মুনিরিতি। মুনির্মৌনব্রতী। দৈবতং দেবতেব শুস্থানবাসী। কটুম্বিকঃ পরিজনান্বিতঃ। অস্বপ্নঃ অনিদ্রঃ ॥৬॥

অমাংসাদীতি। ন মাংসমত্তি ভুঙ্‌ক্তে ইতি অমাংসাদী। অমৃতাশীতি পরস্তাদ্বিবরিষ্যতি ॥৭॥

বিঘসেতি। বিঘসাশী ভুক্তাবশিষ্টভোজী ॥৮॥

ভারতভাবদীপঃ

বিঘ্নঃ ॥৪॥ আত্মবিদ্যোপকারকং তপ আহ—ত্যাগ ইতি। ভূতভয়ঙ্করকর্ম্মসন্ন্যাসস্ত্যাগঃ। সন্নতির্ভূতাবাধনম্। অসন্ন্যাসিনামপি মার্গমাহ—সদেতি। সকুটুম্বিকোঽপি সদোপবাসীত্যাদিবিশেষণবান্ ভবেৎ ॥৫॥ ধর্ম্মকামঃ ন তু ফলকামঃ। অস্বপ্ন ইতি চ্ছেদঃ ॥৬—৭॥ অতিথি-

---

সন্ন্যাস ও ইষ্টদেবতার উপসনাকেই পণ্ডিতেরা উত্তম তপস্যা বলেন। সেই প্রকার তপস্বী সর্ব্বদা উপবাসী হইবেন এবং সর্ব্বদা ব্রহ্মচারী থাকিবেন ॥৫॥

ভরতনন্দন! ব্রাহ্মণ সর্ব্বদা মৌনী, দেবতার ন্যায় সর্ব্বদা পবিত্রস্থানবাসী, পরিজনবর্গের সহিত সর্ব্বদা ধর্ম্মকামী এবং সর্ব্বদা নিদ্রাশূন্য হইবেন ॥৬॥

সর্ব্বদা অমাংসভোজী, সর্ব্বদা পবিত্র, সর্ব্বদা অমৃতভোগী এবং সর্ব্বদা দেবতা ও অতিথির পূজক হইবেন ॥৭॥

সর্ব্বদা ভুক্তাবশিষ্টভোজী, সর্ব্বদা অতিথিব্রত, সর্ব্বদা শ্রদ্ধাশীল এবং সর্ব্বদা দেবতা ও ব্রাহ্মণের পূজক হইবেন' ॥৮॥

ভীষ্ম উবাচ।

অন্তরা প্রাতরাশঞ্চ সায়মাশং তথৈব চ।
সদোপবাসী স ভবেদ্যো ন ভুঙ্‌ক্তেঽন্তরা পুনঃ ॥১০॥
ভার্য্যাং গচ্ছন্ ব্রহ্মচারী ঋতৌ ভবতি বৈ দ্বিজঃ।
ঋতবাদী ভবেন্নিত্যং জ্ঞাননিত্যশ্চ যো নরঃ ॥১১॥
ন ভক্ষয়েদ্‌বৃথামাংসমমাংসাশী ভবত্যপি।
দাননিত্যঃ পবিত্রশ্চ অস্বপ্নশ্চ দিবাঽস্বপন্ ॥১২॥
ভৃত্যাতিথিষু যো ভুঙ্‌ক্তে ভুক্তবৎসু সদা নরঃ।
অমৃতং কেবলং ভুঙ্‌ক্তে ইতি বিদ্ধি যুধিষ্ঠির। ॥১৩॥

ভারতকৌমুদী

কথমিতি। সদোপবাসে জীবনমেব ন তিষ্ঠতীতি পারিভাষিকঃ কোঽর্থ ইতি প্রশ্নার্থঃ। এব মন্যত্রাপ্যুন্নেয়ঃ ॥৯॥

অন্তরেতি। যঃ প্রাতরাশং দিবাভোজনম্, অন্তরা মধ্যে, মধ্যাহ্নভোজনাৎ পূর্ব্বমিত্যর্থঃ, তথৈব সায়মাশং রাত্রিভোজনম্ অন্তরা মধ্যে রাত্রিভোজনাৎ পূর্ব্বমিতি তাৎপর্য্যম্, কিঞ্চিদপি ন ভুঙ্‌ক্তে স সদোপবাসী ভবেৎ ॥১০॥

ভার্য্যামিতি। ঋতাবেব ভার্য্যাং গচ্ছন্ সদা ব্রহ্মচারী ভবতি। যশ্চ নরঃ, জ্ঞানং নিত্যং যস্য সঃ, নিত্যম্ ঋতবাদী সত্যভাষী ভবেৎ ॥১১॥

নেতি। বৃথামাংসং দেবেভ্যঃ পিতৃভ্যো বাপ্যনিবেদিতং মাংসম্। দিবা দিবসে অস্বপন্নিদ্রামগচ্ছন্ ॥১২॥

যুধিষ্ঠির বলিলেন—'কি প্রকারে সর্ব্বদা উপবাসী এবং কিভাবেই বা সর্ব্বদা ব্রহ্মচারী হইতে পারে? আর বিঘসাশিশব্দের অর্থ কি এবং সর্ব্বদা অতিথিব্রত শব্দেরই বা তাৎপর্য্য কি?' ॥৯॥

ভীষ্ম বলিলেন—'যিনি মধ্যাহ্ন ভোজনের পূর্ব্বে ও রাত্রি ভোজনের পূর্ব্বে কিছুই ভোজন করেন না; তিনিই সর্বদা উপবাসী বলিয়া অভিহিত হন ॥১০॥

যে দ্বিজাতি কেবল ঋতুকালেই ভার্য্যা গমন করেন, তিনিই সর্বদা ব্রহ্মচারী বলিয়া অভিহিত হন, আর যিনি সর্বদা জ্ঞানচর্চ্চা করেন; তিনিই সত্যবাদী বলিয়া কথিত হইয়া থাকেন ॥১১॥

যিনি বৃথামাংস (দেবতা ও পিতৃলোককে অনিবেদিত মাংস) ভোজন না করেন, তিনি অমাংসাশী বলিয়া কথিত হন এবং যিনি প্রত্যহ দান করেন, তিনি পবিত্র বলিয়া অভিহিত হইয়া থাকেন; আর যিনি দিনের বেলা নিদ্রা না যান, তাঁহাকেই অস্বপ্ন বলা হয় ॥১২॥

অভুক্তবৎসু নাশ্নানঃ সততং যস্তু বৈ দ্বিজঃ।
অভোজনেন তেনাস্য জিতঃ স্বর্গো ভবত্যুত ॥১৪॥
দেবতাভ্যঃ পিতৃভ্যশ্চ ভৃত্যেভ্যোঽতিথিভিঃ সহ।
অবশিষ্টন্তু যোঽশ্নাতি তমাহুর্বিঘাশিনম্ ॥১৫॥
তেষাং লোকা হ্যপর্য্যন্তাঃ সদনে ব্রহ্মণা সহ।
উপস্থিতাশ্চাপ্সরোভিঃ পরিযান্তি দিবৌকসঃ ॥১৬॥
দেবতাভিশ্চ যে সার্দ্ধং পিতৃভিশ্চোপভুঞ্জতে।
রমন্তে পুত্রপৌত্রৈশ্চ তেষাং গতিরনুত্তমা ॥১৭॥

ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং শান্তিপর্ব্বণি মোক্ষধর্ম্মে অমৃতপ্রাশ্নিকে বিংশত্যধিকদ্বিশততমোঽধ্যায়ঃ ॥০॥ *

ভাবতকৌমুদী

ভৃত্যেতি। "অমৃতং বিঘসো যজ্ঞশেষভোজনশেষয়োঃ" ইত্যমরঃ ॥১৩॥

অভুক্তেতি। অভুক্তবৎসু ভৃত্যাতিথিষু, নাশ্নানো ন ভুঞ্জানঃ ॥১৪॥

দেবতাভ্য ইতি। দেবতাভ্যো দেবতাভোজনেভ্যঃ। এবমন্যত্রাপি ॥১৫॥

তেষামিতি। লোকাঃ স্বর্গাঃ, অপর্য্যন্তা অসীমাঃ, সদনে গৃহে ॥১৬॥

দেবতাভিরিতি। দেবতাভিঃ সার্দ্ধং দেবতাভুক্তাবশিষ্টমিত্যর্থঃ ॥১৭॥

ইতি মহামহোপাধ্যায়-ভারতাচার্য্য-শ্রীহরিদাসসিদ্ধান্তবাগীশভট্টাচার্য্যবিরচিতায়াং মহাভারত-টীকায়াং ভারতকৌমুদীসমাখ্যায়াং শান্তিপর্ব্বণি মোক্ষধর্ম্মে বিংশত্যধিকদ্বিশততমোঽধ্যায়ঃ ॥০॥

ভারতভাবদীপঃ

বৈশ্বদেবান্তে প্রাপ্তঃ। দেবতাবদ্দ্বিজানাং পূজকঃ ॥৮—১১॥ বৃথা দেবপিতৃশেষং বিনা। অম্বপ-ন্নিতি ছেদঃ ॥১২—১৩॥ অভুক্তবৎস্বিত্যাদিষু, নাশ্নানঃ অনশ্নন্ ॥১৪—১৭॥

ইতি শান্তিপর্ব্বণি মোক্ষধর্ম্মে নৈলকণ্ঠীয়ে ভারতভাবদীপে বিংশত্যধিকদ্বিশততমোঽধ্যায়ঃ ॥২২০॥

যুধিষ্ঠির! যিনি প্রত্যহ ভৃত্যগণ ও অতিথিগণ ভোজন করিলে পর ভোজন করেন, তিনি অমৃতই ভোজন করেন; ইহা তুমি অবগত হও ॥১৩॥

প্রত্যহ ভৃত্যগণ ও অতিথিগণ ভোজন না করিলে যিনি ভোজন না করেন; তাঁহার সেই অভোজনে স্বর্গ আয়ত্ত হয় ॥১৪॥

দেবগণ, পিতৃগণ, অতিথিগণ ও ভৃত্যগণের ভুক্তাবশিষ্ট যিনি ভোজন করেন, তাঁহাকে বিঘসাশী বলা হয় ॥১৫॥

তাঁহাদের অনন্ত স্বর্গ হয় এবং তাঁহাদের গৃহে দেবগণ, ব্রহ্মাও অপ্সরাদের সহিত উপস্থিত হইয়া পরিভ্রমণ করেন ॥১৬॥

* 'একবিংশত্যধিকদ্বিশততমোঽধ্যায়ঃ' বঙ্গ বর্দ্ধ, 'ষড্‌বিংশত্যধিকদ্বিশততমোঽধ্যায়ঃ' নি।

একবিংশত্যধিকদ্বিশততমোঽধ্যায়ঃ

—ঃঃ—

যুধিষ্ঠির উবাচ।

যদিদং কর্ম্ম লোকেঽস্মিন্ শুভং বা যদি বাশুভম্।
পুরুষং যোজয়েত্যেব ফলযোগেন ভারত! ॥১॥
কর্ত্তাস্তি তস্য পুরুষ উতাহো নেতি সংশয়ঃ।
এতদিচ্ছামি তত্ত্বেন ত্বত্তঃ শ্রোতুং পিতামহ! ॥২॥

ভীষ্ম উবাচ।

অত্রাপ্যুদাহরন্তীমমিতিহাসং পুরাতনম্।
প্রহ্লাদস্য চ সংবাদমিন্দ্রস্য চ যুধিষ্ঠির! ॥৩॥

ভারতকৌমুদী

যদিতি। হে ভাবত! অস্মিন্ লোকে ইদং যৎ শুভং শুভজনকং বা অশুভম্ অশুভজনকং যদি বা কর্ম্ম দৃশ্যতে তৎ, ফলযোগেন শুভাশুভরূপফলসম্বন্ধেন পুরুষং কর্ত্তারং যোজয়ত্যেব অবশ্যমেব সংবধ্নাতি ॥১॥

কর্ত্তেতি। পুরুষ ঈশ্বরঃ, তস্য ফলস্য কর্ত্তা দাতা অস্তি ভবতি; উতাহো ন; কর্ত্তৃত্বে সসঙ্গত্বাপত্তিঃ, অকর্ত্তৃত্বে ঈশ্বরত্বানুপপত্তিরিত্যাশয়ঃ ॥২॥

অত্রেতি। অত্র ঈশ্বরস্য কর্ত্তৃত্বাকর্ত্তৃত্ববিষয়ে ॥৩॥

ভাবতভাবদীপঃ

যদিতি। ইদং সদোপবাসী স্যাদিত্যাদিনা বিহিতং কর্ম্ম ॥১॥ তস্য কর্ত্তা অস্তির্ভবত্যর্থে। পুরুষস্তস্য কর্ত্তা ভবতি ন বেতি প্রশ্নার্থঃ। কর্ত্তেতি কাণাদাঃ, অকর্ত্তেতি কাপিলাঃ। আদ্যে মোক্ষানুপপত্তিঃ স্বাভাবিকস্য কর্ত্তৃত্বস্য বহ্ন্যৌষ্ণ্যবদাশ্রয়নাশমন্তরেণাবিনাশাৎ। অন্ত্যে শাস্ত্রানর্থক্য-

---

যাঁহাবা দেবগণ ও পিতৃগণেব ভুক্তাবশিষ্ট ভোজন কবেন, তাঁহাবা পুত্র পৌত্রাদিব সহিত আমোদ করেন এবং তাঁহাদেব সর্ব্বোত্তম গতি হয়' ॥১৭॥

—ঃ০ঃ—

যুধিষ্ঠির বলিলেন—'ভরতনন্দন! এই জগতে এই যে শুভকর্ম্ম ও অশুভকর্ম্ম দেখা যায়, তাহা অবশ্যই মানুষেব শুভফল বা অশুভফল উৎপাদন করে ॥১॥

ঈশ্বব সেই ফল দান করেন কি না? ইহাই আমাব সন্দেহ। অতএব পিতামহ! আমি এই বিষয়ে সতত্ত্ব আপনাব নিকট হইতে যথাযথভাবে শুনিতে ইচ্ছা করি' ॥২॥

অসক্তং ধূতপাপ্মানং কুলে জাতং বহুশ্রুতম্।
অস্তব্ধমনহঙ্কারং সত্ত্বস্থং সময়ে রতম্ ॥৪॥
তুল্যনিন্দাস্তুতিং দান্তং শূন্যাগারনিবেশনম্।
চরাচরাণাং ভূতানাং বিদিতপ্রভবাপ্যয়ম্ ॥৫॥
অক্রুদ্ধন্তমহৃষ্যন্তমপ্রিয়েষু প্রিয়েষু চ।
কাঞ্চনে বাথ লোষ্টে বা উভয়োঃ সমদর্শনম্ ॥৬॥
আত্মনি শ্রেয়সি জ্ঞানে ধীরং নিশ্চিতনিশ্চয়ম্।
পরাবরজ্ঞং ভূতানাং সর্ব্বজ্ঞং সর্ব্বদর্শনম্ ॥৭॥
শক্রঃ প্রহ্লাদমাসীনমেকান্তে সংযতেন্দ্রিয়ম্।
বুভুৎসমানস্তৎপ্রজ্ঞামভিগম্যেদমব্রবীৎ ॥৮॥ (কুলকম্)

ভারতকৌমুদী

অসক্তমিতি। অসক্তং কর্ম্মফলে অসংপৃক্তং কর্ম্মফলেচ্ছাবহিতম্, ধূতপাপ্মানং তত্ত্বজ্ঞানেন দগ্ধপাপম্, কুলে সদ্বংশে জাতম্, বহুশ্রুতং বহুশাস্ত্রজ্ঞম্, অস্তব্ধমনলসম, অনহঙ্কারম্ অভিমানশূন্যম্, সত্ত্বস্থং সত্ত্বগুণাধিষ্ঠিতম্, সময়ে সদাচারে রতং প্রসক্তম্। তুল্যে নিন্দাস্তুতী যস্য তম্, দান্তং বহিরিন্দ্রিয়নিগ্রহশালিনম্, শূন্যাগারে নির্জ্জনগৃহে নিবেশনমবস্থানং যস্য তম্, চরাচরাণাং ভূতানাং বিদিতৌ প্রভবাপ্যয়ৌ উৎপত্তিবিনাশৌ যেন তম্। অক্রুদ্ধন্তমিত্যর্দ্ধে যথাসংখ্যেনান্বয়ঃ। আত্মনি ব্রহ্মণি শ্রেয়সি ব্রহ্মবিষয়কতয়া শ্রেষ্ঠে জ্ঞানে, ধীরং কোবিদম্, নিশ্চিতো নিশ্চয়ঃ সত্যং যেন তম্, পরং ব্রহ্ম অবরান্ হিরণ্যগর্ভাদীন্ জানাতীতি তম্, সর্ব্বজ্ঞম্, ভূতানাং সম্বন্ধে সমদর্শনঞ্চ। শক্রঃ ইন্দ্রঃ। বুভুৎসমানো বোদ্ধুমিচ্ছন্, তস্য প্রহ্লাদস্য, প্রজ্ঞাং জ্ঞানম্ ॥৪—৮॥

ভারতভাবদীপঃ

পণ্ডিঃ জড়স্যাপ্রের্য্যত্বাচ্চেতনস্যাকর্ত্তৃত্বাচ্চ সংশয়ঃ ॥২—৩॥ তত্ত্ববিদাং লক্ষণমেব জ্ঞানসাধনমিতি প্রহ্রাদং বিশিনষ্টি—অসক্তমিত্যাদিনা। অসক্তং ফলেচ্ছারহিতম্, অস্তব্ধম্ অনলসম্, অনহঙ্কারং বীতগর্ব্বম্, সত্ত্বস্থং সাত্ত্বিকম্ ; অতএব সময়ে স্বোচিতে শমাদৌ ধর্ম্মে রতম্ ॥৪॥ বিদিতঃ প্রভবশ্চাপ্যয়শ্চৈতন্যপরিণাম্যুপাদানভূতঃ পরমাত্মা যেন তম্ ॥৫—৬॥ আত্মনি প্রতীচি শ্রেয়স্যানন্দরূপে জ্ঞানে চিন্মাত্রে ধীরং কুতর্কানভিভূতম্, অতএব নিশ্চিতনিশ্চয়ং পরো হিরণ্যগর্ভোঽবরো নীচো যস্মাদীশ্বরাত্তজ্জ্ঞম্ অতএব সর্ব্বজ্ঞে "আত্মনো বা অরে দর্শনেনেদং সর্ব্বং বিদিত"মিত্যাত্মজ্ঞানাৎ

ভীষ্ম বলিলেন—'যুধিষ্ঠির ! এই বিষয়েও পণ্ডিতেরা ইন্দ্র ও প্রহ্লাদের সংবাদরূপ প্রাচীন বৃত্তান্তের উল্লেখ করিয়া থাকেন ॥৩॥

একদা ইন্দ্র প্রহ্লাদের জ্ঞান পরীক্ষা করিবার জন্য তাঁহার নিকট উপস্থিত হইয়া এই কথা বলিয়াছিলেন। তৎকালে প্রহ্লাদ সংযতচিত্ত হইয়া নির্জ্জন গৃহে উপবেশন

যৈঃ কশ্চিৎ সম্মতো লোকে গুণৈঃ স্যাৎ পুরুষো নৃষু।
ভবত্যনপগান্ সর্ব্বাংস্তান্ গুণান্ লক্ষয়ামহে ॥৯॥
অথ তে লক্ষ্যতে বুদ্ধিঃ সমা বালজনৈরিহ।
আত্মানং মন্যমানঃ সন্ শ্রেয়ঃ কিমিহ মন্যসে ॥১০॥
বদ্ধঃ পাশৈশ্চ্যুতঃ স্থানাদ্দ্বিষতাং বশমাগতঃ।
শ্রিয়া বিহীনঃ প্রহ্লাদ! শোচিতব্যে ন শোচসি ॥১১॥

ভারতকৌমুদী

যৈরিতি। লোকে জগতি, নৃষু পুরুষেষু মধ্যে, যৈর্গুণৈঃ শমদমাদিভিঃ কশ্চিৎ পুরুষঃ সম্মতঃ প্রধানত্বেনাভিমতো ভবতি; ভবতি ত্বয়ি অনপগান্ অনপায়িনঃ তান্ সর্ব্বান্ গুণান্ লক্ষয়ামহে বয়ং পশ্যামঃ ॥৯॥

অথেতি। বালজনৈঃ সমা রাগদ্বেষাদিরাহিত্যাৎ। আত্মানং ব্রহ্ম মন্যমানো জানন্ ত্বম্, ইহ আত্মজ্ঞানে কিং শ্রেয়ঃ প্রশস্ততরং সাধনং মন্যসে ॥১০॥

ভারতভাবদীপঃ

সার্ব্বজ্ঞ্যশ্রুতেঃ। সমং নির্ব্বিশেষং তদ্দর্শনবত্তম্ ॥৭॥ বুভুৎমানঃ সম্বোদ্ধুমিচ্ছন্ ॥৮॥ ভবতি ত্বয়ি, অনপগান্ স্থিরান্ ॥৯॥ বালজনৈঃ সমা রাগদ্বেষাদিরাহিত্যাৎ, মন্যমানো জানন্নাত্মজ্ঞানার্থং

করিয়াছিলেন এবং তিনি কর্ম্মফলের কামনা করিতেন না; পাপ সকল দূর করিয়াছিলেন, সৎকুলে জন্মিয়াছিলেন, বহু শাস্ত্র জানিতেন, অলস ও অভিমানী ছিলেন না, সাত্ত্বিক ও সদাচারনিষ্ঠ ছিলেন, কেহ নিন্দা করিলে অসন্তুষ্ট হইতেন না কিংবা প্রশংসা করিলেও সন্তুষ্ট হইতেন না বহিরিন্দ্রিয়গুলিকে দমনে রাখিয়াছিলেন, স্থাবর ও জঙ্গম প্রাণিগণের উৎপত্তি ও বিনাশের তত্ত্ব জানিতেন, অপ্রিয় উপস্থিত হইলে ক্রুদ্ধ হইতেন না কিংবা প্রিয় উপস্থিত হইলেও আনন্দিত হইতেন না, স্বর্ণ ও লোষ্ট্রে সমানজ্ঞান করিতেন, সর্ব্বশ্রেষ্ঠ ব্রহ্মজ্ঞানে পণ্ডিত ছিলেন, সত্য নিশ্চয় করিয়াছিলেন, ব্রহ্মা হইতে কীটপর্য্যন্ত সমস্ত প্রাণীর বৃত্তান্ত জানিতেন, এমন কি, তিনি সর্ব্বজ্ঞই ছিলেন এবং সমস্ত প্রাণীর উপরে সমান দৃষ্টি করিতেন ॥৪—৮॥

'অসুররাজ! জগতে পুরুষের মধ্যে কোন একজন যে সকল গুণদ্বারা সকলের প্রধান বলিয়া অভিমত হইয়া থাকেন; চিরস্থায়ী সেই সকল গুণই আপনাতে আমরা দেখিতে পাই ॥৯॥

বিশেষতঃ আমরা বালকের ন্যায় আপনার বুদ্ধি লক্ষ্য করিয়া থাকি। সে যাহা হউক, আপনি ব্রহ্মজ্ঞান লাভ করিয়াছেন; সুতরাং আপনার নিকট জিজ্ঞাসা করি, সেই ব্রহ্মজ্ঞান লাভের এই জগতে প্রশস্ততর উপায় কি? ॥১০॥

প্রজ্ঞালাভাত্তু দৈতেয়! উতাহো ধৃতিমত্তয়া।
প্রহ্লাদ! সুস্থরূপোঽসি পশ্যন্ ব্যসনমাত্মনঃ ॥১২॥
ইতি সঞ্চোদিতস্তেন ধীরো নিশ্চিতনিশ্চয়ঃ।
উবাচ শ্লক্ষ্ণয়া বাচা স্বাং প্রজ্ঞামনুবর্ণয়ন্ ॥১৩॥

প্রহ্লাদ উবাচ।

প্রবৃত্তিঞ্চ নিবৃত্তিঞ্চ ভূতানাং যো ন বুধ্যতে।
তস্য স্তম্ভো ভবেদ্বাল্যান্নাস্তি স্তম্ভোঽনুপশ্যতঃ ॥১৪॥

ভারতকৌমুদী

বদ্ধ ইতি। বদ্ধঃ শত্রুভিঃ, স্থানাৎ সিংহাসনাৎ ॥১১॥

প্রজ্ঞেতি। প্রজ্ঞায়াস্তত্ত্বজ্ঞানস্য লাভাৎ। ধৃতিমত্তয়া ধৈর্য্যেণ। ব্যসনং বিপদম্ ॥১২॥

ইতীতি। সঞ্চোদিতো বক্তুং প্রেরিতঃ, তেন শক্রেণ, নিশ্চিতো নিশ্চয়ঃ সত্যং যেন সঃ। শ্লক্ষ্ণয়া কোমলয়া ॥১৩॥

প্রবৃত্তিমিতি। প্রবৃত্তিমুৎপত্তিম্, নিবৃত্তিং বিনাশঞ্চ তয়োঃ কারণাদিকমিত্যর্থঃ। স্তম্ভো জড়তা, বাল্যাৎ মূর্খত্বাৎ। অনুপশ্যতো জানতঃ ॥১৪॥

ভারতভাবদীপঃ

কিং শ্রেয়ঃ প্রশস্ততরং সাধনম্ ॥১০—১৩॥ অত্র সাংখ্যমতমাদায় কর্ত্তৃত্বং নিরাকরোতি—প্রবৃত্তিমিত্যাদিনা। প্রবর্ত্তত ইতি প্রবৃত্তিঃ; নিবর্ত্তত ইতি নিবৃত্তিঃ। পুরুষস্য ভোগাপবর্গৌ সাধয়িতুমনুলোমপ্রতিলোমপরিণামবতী মূলপ্রকৃতিস্তাং কর্ত্তৃকরণক্রিয়ারূপামাত্মনোঽন্যাং যো ন বুধ্যতে তস্যাত্মনি বুদ্ধিধর্ম্মান্ কর্ত্তৃত্বাদীনারোপয়তঃ স্তম্ভো ভবেন্ন ত্বাত্মানমনুপশ্যতঃ। তথা চ

প্রহ্লাদ! শত্রুগণ আপনাকে পাশদ্বারা বন্ধন করিয়াছিল; আপনি স্বস্থান ভ্রষ্ট হইয়াছিলেন এবং শত্রুগণের বশীভূত ও রাজলক্ষ্মীশূন্য হইয়া রহিয়াছেন; এইরূপ শোকের বিষয়েও আপনি শোক করেন না? ॥১১॥

দিতিনন্দন প্রহ্লাদ! আপনি নিজের বিপদ দেখিয়াও যে সুস্থভাবে আছেন, ইহা কি তত্ত্বজ্ঞান লাভ করা বশতঃ, না ধৈর্য্যবশতঃ?' ॥১২॥

ইন্দ্র এইরূপ জিজ্ঞাসা করিলে, ধীরপ্রকৃতি ও তত্ত্বনিশ্চয়শালী প্রহ্লাদ, আপন জ্ঞানের বর্ণনা করিতে থাকিয়া কোমল বাক্যে বলিতে লাগিলেন ॥১৩॥

প্রহ্লাদ বলিলেন- 'যে লোক ভূতগণের উৎপত্তি ও বিনাশের কারণ না জানে, মূর্খতাবশতঃ তাহার জড়তাই চলিতে থাকে; আর যিনি তাহা জানেন, তাঁহার জড়তা থাকে না ॥১৪॥

স্বভাবাৎ সম্প্রবর্ত্তন্তে নিবর্ত্তন্তে তথৈব চ।
সর্ব্বে ভাবাস্তথাভাবাঃ পুরুষার্থো ন বিদ্যতে ॥১৫॥
পুরুষার্থস্য চাভাবে নাস্তি কশ্চিচ্চ কারকঃ।
স্বয়ং ন কুর্ব্বতস্তস্য জাতু মানো ভবেদিহ ॥১৬॥
যস্তু কর্ত্তারমাত্মানং মন্যতে সাধ্বসাধু বা।
তস্য দোষবতী প্রজ্ঞা অতত্ত্বজ্ঞেতি মে মতিঃ ॥১৭॥

ভাবতকৌমুদী

ভবানেব তাং প্রবৃত্তিং নিবৃত্তিঞ্চ বদত্বিত্যাহ স্বভাবাদিতি। সম্প্রবর্ত্তন্তে উৎপদ্যন্তে, নিবর্ত্তন্তে নশ্যন্তি। ভাবাঃ পদার্থাঃ, অভাবাস্তেষাং নাশাশ্চ; কিন্তু পুরুষস্যাত্মনঃ অর্থঃ কর্তৃত্বরূপং প্রয়োজনং তত্র ন বিদ্যতে ॥১৫॥

স্বভাবস্যৈব কর্তৃত্বং সমর্থয়তি পুরুষেতি। পুরুষার্থস্য আত্মনঃ কর্তৃত্বস্য চাভাবে, স্বভাবং বিনা অপরঃ কশ্চিচ্চ কারকঃ কারয়িতা নাস্তি। জাতু কদাচিদপি স্বয়ং ন কুর্ব্বতঃ কর্ম্মাকুর্ব্বতঃ তস্য পুরুষস্য ইহ দেহে মানঃ অহং কর্ত্তেত্যভিমানঃ অবিদ্যাবশাদেব ভবেৎ ॥১৬॥

ভারতভাবদীপঃ

শ্রুতিঃ—"তত্র কো মোহঃ কঃ শোক একত্বমনুপশ্যত" ইতি ॥১৪॥ রথাদিবদচেতনা প্রকৃতি রধিষ্ঠাতারং বিনা কথং প্রবর্ত্তেতেত্যাশঙ্ক্যাহ—স্বভাবাদিতি। যথা বৎসোৎপত্তেঃ প্রাগেব তদ্‌বৃদ্ধিনিমিত্তং ক্ষীরং রুধিরপূর্ণেঽপি গবামুধসি প্রবর্ত্ততে ন চ তদা বাৎসল্যাদিকং তৎপ্রবর্ত্তকমস্তি বৎসস্যৈবাজাতত্বাৎ, জাতে তু বৎসে বাৎসল্যং স্বরসতাং নাম প্রবৃত্তিস্তু ক্ষীরে স্বাভাবিক্যেব। তদ্বৎ সর্ব্বে ভাবাভাবাঃ স্বভাবাদেব প্রকৃতিত এব সম্প্রবর্ত্ততে নাস্তি প্রবর্ত্তকাপেক্ষেত্যর্থঃ। নন্বেবং জিতং সাংখ্যৈরিত্যাশঙ্ক্যাহ—ভাবা মহদাদ্যা অভাবাস্তেষাং প্রলয়াশ্চ পুরুষার্থো ন বিদ্যত ইতি পুরুষার্থো ভোগাপবর্গাত্মকঃ, স আত্মনি নাস্তি। নহি প্রকৃতিঃ কর্ত্রী পুরুষো ভোক্তেতি বদামো যেন সিদ্ধান্তাদ্ভ্রংশেম, শাস্ত্রফলং প্রয়োক্তরি তল্লক্ষণত্বাদিতি ন্যায়ং চ ন পশ্যামঃ, কিন্তু যা কর্ত্রী সৈব ভোক্ত্রী, আত্মনি তু ভোক্তৃত্বং জলচাঞ্চল্যবদ্ভ্রান্তিবিতি বদামঃ ॥১৫॥ নন্বয়স্কান্তমণিবৎ পুরুষস্যোদাসীনস্যাপি সত্তামাত্রেণ প্রবর্ত্তকত্বমস্ত্বিত্যাশঙ্ক্যাহ—পুরুষার্থস্যেতি। ভোগাপবর্গয়োরভাবে কারকঃ কারয়িতা কথং স্যাৎ? সত্তামাত্রেণ কারয়িতৃত্বমপি বিক্রিয়মাণসত্ত্বাধীনং বিক্রিয় চ ন বস্তুর-গায়মানায়াঃ প্রকৃতের্ব্বাস্তবী সম্ভবতীতি ন কারকত্বমাত্মনঃ। ততশ্চ ন কুর্ব্বতঃ অকুর্ব্বতস্তস্যেহ

সমস্ত ভাব ও অভাব স্বভাবতই উৎপন্ন হয়, আবার স্বভাবতই বিনষ্ট হইযা যায়; তাহাতে ঈশ্বরের কোন কর্তৃত্ব নাই ॥১৫॥

আত্মার কর্তৃত্ব না থাকিলে, স্বভাব ভিন্ন অন্য কেহ কার্য্যকারক থাকিতে পারে না। আত্মা স্বয়ং কখনও কার্য্য না করিলে 'আমি কার্য্য করি' এইরূপ দেহে যে অভিমান হয়; তাহা অবিদ্যাবশতই হয় ॥১৬॥

যদি স্যাৎ পুরুষঃ কর্ত্তা শক্রাত্মশ্রেয়সে ধ্রুবম্।
আরম্ভাস্তস্য সিধ্যেয়ুর্ন তু জাতু পরাভবেৎ ॥১৮॥
অনিষ্টস্য হি নির্ব্বৃত্তিরনির্ব্বৃত্তিঃ প্রিয়স্য চ।
লক্ষ্যতে যতমানানাং পুরুষার্থস্ততঃ কুতঃ ॥১৯॥
অনিষ্টস্যাভিনির্ব্বৃত্তিমিষ্টসংবৃত্তিমেব চ।
অপ্রযত্নেন পশ্যামঃ কেষাঞ্চিত্তৎ স্বভাবতঃ ॥২০॥

ভারতকৌমুদী

নৈয়ায়িকসম্মতমাত্মনঃ কর্ত্তৃত্বং দূষয়তি য ইতি। যস্ত যুক্তত্বাৎ সাধু অযুক্তত্বাদসাধু বা আত্মানং কর্ত্তারং মন্যতে; তস্য অতত্ত্বজ্ঞা যথার্থ্যামভিজ্ঞা, প্রজ্ঞা বুদ্ধিঃ, দোষবতী ভ্রান্তিরূপা; আত্মনো নিঃসঙ্গতয়া কর্ত্তৃত্বাসম্ভবাৎ ॥১৭॥

আত্মনঃ কর্ত্তৃত্বে দোষাস্তরমাহ যদীতি। হে শক্র! পুরুষো যদি আত্মনঃ শ্রেয়সে স্বস্য মঙ্গলায় কর্ম্মণঃ কর্ত্তা স্যাৎ; তদা তস্য সর্ব্ব এবারম্ভাঃ ধ্রুবং সিধ্যেয়ুঃ; কিন্তু জাতু কদাচিদপি স পুরুষো ন পরা ভবেৎ; কর্ম্মাসিদ্ধ্যা ব্যর্থমনোরথো ভবেৎ; তস্যেশ্বরস্যে ন ব্যাহতপ্রভাবত্বাদিত্যাভয়-ত্রাপি ভাবঃ ॥১৮॥

অপি চাহ অনিষ্টস্যেতি। ইষ্টসিদ্ধয়ে যতমানানাং জনানাম্, অনিষ্টস্য নিবৃত্তির্নিষ্পত্তিঃ, প্রিয়স্য ইষ্টস্য চ অনির্ব্বৃত্তিরনিষ্পত্তির্লক্ষ্যতে; ততঃ কুতঃ পুরুষার্থ আত্মনঃ কর্ত্তৃত্বং কুতোঽপি নেত্যর্থঃ; সর্ব্বদৈব ইষ্টনির্ব্বৃত্তিসম্ভবাদিত্যাশয়ঃ ॥১৯॥

অনিষ্টস্যেতি। কেষাঞ্চিৎ অপ্রযত্নেনৈব অনিষ্টস্য অভিনির্ব্বৃত্তিং সর্ব্বতোভাবেন নিষ্পত্তিম্, ইষ্টস্য সংবৃত্তিং ব্যাহতিঞ্চ যৎ পশ্যামঃ; তৎ স্বভাবত এব বয়ং পশ্যামঃ ॥২০॥

ভারতভাবদীপঃ

দেহাদৌ স্বয়ং মানোঽহমিত্যভিমানো ভবেৎ অবিদ্যয়েতি শেষঃ ॥১৬॥ কস্তাবতা দোষ ইত্যত আহ—য ইতি ॥১৭॥ আত্মনঃ কর্ত্তৃত্বে দৃষ্টবিরোধমাহ—যদীত্যাদিনা ॥১৮॥ নম্বদৃষ্টানুকূল্যাভাবাদারম্ভ-বিঘাত ইত্যত আহানিষ্টস্যেতি। হিতার্থং যতমানানাং স্বতন্ত্রাণামপ্যনিষ্টাদৃষ্টোৎপত্তিরপ্যযুক্তে-

যিনি আত্মাকে কর্ত্তা মনে করেন, তাঁহার সে মত তাঁহার নিকট ভালই হউক বা মন্দই হউক, আমার নিকট মন্দই বটে; কারণ, তাঁহার বুদ্ধি ভ্রমসংকুল বলিয়া তত্ত্ব বুঝিতে সমর্থ হয় না ॥১৭॥

ইন্দ্র! আত্মা যদি নিজের মঙ্গলের জন্য কার্য্যকারক হইতেন; তবে নিশ্চয়ই তাঁহার সকল কার্য্যই সিদ্ধ হইতে পারিত; কিন্তু কার্য্যের অসিদ্ধিনিবন্ধন তিনি কখনও ব্যর্থমনোরথ হইতেন না ॥১৮॥

আমরা দেখিতে পাই—মানুষ ইষ্টসাধনের জন্য চেষ্টা করে; তাহার ইষ্ট হয় না, অনিষ্টই হয়; সুতরাং আত্মা কি প্রকারে কর্ত্তা হইতে পারেন? ॥১৯॥

প্রতিরূপতরাঃ কেচিদ্দৃশ্যন্তে বুদ্ধিমত্তরাঃ।
বিরূপেভ্যোঽল্পবুদ্ধিভ্যো লিপ্সমানা ধনাগমম্ ॥২১॥
স্বভাবপ্রেরিতাঃ সর্ব্বে নিবিশন্তে গুণা যদা।
শুভাশুভাস্তদা তত্র কস্য কিং মানকারণম্ ॥২২॥
স্বভাবাদেব তৎসর্ব্বমিতি মে নিশ্চিতা মতিঃ।
আত্মপ্রতিষ্ঠা প্রজ্ঞা বা মম নাস্তি ততোঽন্যথা ॥২৩॥

ভারতকৌমুদী

প্রতীতি। কেচিৎ প্রতিরূপতরাঃ পরমসুন্দরা জনা বিরূপেভ্যঃ কুৎসিতেভ্যো জনেভ্যঃ, কেচিদ্বুদ্ধিমত্তরা অতিশয়েন বুদ্ধিমন্তো জনাশ্চ অল্পবুদ্ধিভ্যো জনেভ্যঃ ধনাগমং লিপ্সমানা দৃশ্যন্তে। তথা চ তেষাং ধনাগমলিপ্সৈব স্বাভাবিকী ন পুনস্তত্র সদৃশজনাপেক্ষেতি ভাবঃ ॥২১॥

স্বভাবেতি। যদা যতঃ, সর্ব্ব এব শুভাশুভা গুণাঃ সুখদুঃখাদয়ঃ স্বভাবপ্রেরিতা এব সন্তঃ নিবিশন্তে মনসি প্রবিশন্তি; তদা ততঃ, তত্র সুখদুঃখাদিনিবেশে কস্য জনস্য কিং মানকারণম্ 'অহং সুখং সম্পাদয়ামি, অহং দুঃখং জনয়ামি' ইত্যভিমানস্য কো হেতুঃ, কিমপি নেত্যর্থঃ ॥২২॥

স্বভাবাদিতি। তৎ সর্ব্বং সুখদুঃখাদিকং স্বভাবাদেব ভবতি; ইতি মে মম মতির্নিশ্চিতা। তথা আত্মনি ব্রহ্মণি প্রতিষ্ঠাস্থিতির্মুক্তিঃ, প্রজ্ঞা তত্ত্বজ্ঞানং বা ততঃ স্বভাবাৎ অন্যথা নাস্তি ন ভবতি ইত্যপি মম মতমিতি শেষঃ ॥২৩॥

ভারতভাবদীপঃ

বেতি ভোক্তৃত্বসমনিয়তস্য কর্ত্তৃত্বস্যাভাবে ভোক্তৃত্বস্যাপ্যভাব ইত্যর্থঃ ॥১৯॥ ঈশঃ কালশ্চেতি স্বভাবস্যৈব নামান্তরমিত্যভিপ্রেত্যাহানিষ্টস্যেতি। যথানিষ্টনিষ্পত্তিরিষ্টতিবোধানং চাযত্নত এব স্বভাবাদাপতত্যেবমন্যদপীত্যর্থঃ। নহি স্বভাবজমদৃষ্টং স্বভাবপ্রবর্ত্তকং ভবতি কার্য্যস্য কারণপ্রবর্ত্তকত্বাদিতি ভাবঃ ॥২০—২১॥ প্রকৃতেঃ স্বাতন্ত্র্যমুপসংহরতি দ্বাভ্যাং—স্বভাবেতি। গুণাঃ সুখদুঃখাদয়ঃ; মানকারণমহং সুখী কর্ত্তা ভোক্তা চেত্যভিমানহেতুর্ন কিমপীত্যর্থঃ ॥২২॥ আত্মপ্রতিষ্ঠা মোক্ষঃ, প্রজ্ঞা আত্মজ্ঞানম্, তদপি স্বভাবাদেব বন্ধস্যৈবাসত্ত্বাৎ প্রতিযোগিনী মুক্তিরপ্য-

---

কতকগুলি লোকের বিনাচেষ্টাতেই সর্ব্বপ্রকারে অনিষ্ট হয়; কিন্তু কোন প্রকারেই ইষ্ট হয় না; ইহা যে আমরা দেখি, তাহা স্বভাবের প্রভাবই দেখি ॥২০॥

এইরূপ দেখা যায় যে, কতকগুলি সুন্দর লোক কুৎসিত লোকের নিকট হইতে ধনলাভ ইচ্ছা করে এবং কতকগুলি বুদ্ধিমান্ লোক অল্পবুদ্ধি লোকের নিকট হইতে ধনলাভ কামনা করে; (এস্থলে উহাদের ধনলিপ্সাই স্বাভাবিক, কিন্তু সদৃশ লোক হইতে ধনলিপ্সা উদ্দেশ্য নহে) ॥২১॥

সুখ ও দুঃখপ্রভৃতি সমস্তই যখন স্বভাবপ্রেরিত হইয়া মানুষের মনে উপস্থিত হয়; তখন তাহাতে কাহার কি অভিমানের কারণ আছে? ॥২২॥

কর্ম্মজস্ত্বিহ মন্যন্তে ফলযোগং শুভাশুভম্।
কর্ম্মণাং বিষয়ং কৃৎস্নমহং বক্ষ্যামি তচ্ছৃণু ॥২৪॥
যথা বেদয়তে কশ্চিদোদনং বায়সো হ্যদন্।
এবং সর্বাণি কর্ম্মাণি স্বভাবস্যৈব লক্ষণম্ ॥২৫॥

ভারতকৌমুদী

কর্ম্মজমিতি। কেচিৎ শুভাশুভং ফলযোগং সুখং দুঃখঞ্চ কর্ম্মজং মন্যতে, ন তু স্বভাবজম্। কিন্তু অহং কৃৎস্নং কর্ম্মণাং বিষয়ং বক্ষ্যামি, তৎ শৃণু। তেনৈব তন্মতনিবাসো ভবিষ্যতীত্যাশয়ঃ ॥২৪॥

যথেতি। যথা কশ্চিদ্বায়সঃ কাকঃ, অদন্ ওদনমেব ভক্ষয়ন্, ওদনমন্নম্, বেদয়তে ইদমন্নমিতি পথিকং জ্ঞাপয়তি; এবং তথা সর্ব্বাণি কর্ম্মাণি স্বভাবস্যৈব লক্ষণং বহ্ন্যাদের্ধূমাদিবৎ জনকতয়া জ্ঞাপকানি ভবন্তি। তথা চ অন্নং ভক্ষয়ন্ কাকো যদুদাসীনমন্নং জ্ঞাপয়তি, তৎ স্বভাবাদেব ন তু তজ্জ্ঞাপনোদ্দেশাদন্নং ভক্ষয়তি; তথা লোকঃ স্বপিতি সুখং বা দুঃখং বা তদানীং তস্য স্বভাবাদেবাগচ্ছতি ন ত্বসৌ সুখার্থং বা স্বপিতীতি ভাবঃ ॥২৫॥

ভাবতভাবদীপঃ

জ্ঞানাদেবেত্যর্থঃ। তথা চ শ্রুতিঃ—"ন নিবোধো ন চোৎপত্তির্ন বদ্ধো ন চ সাধকঃ। ন মুমুক্ষুর্ন বৈ মুক্ত ইত্যেষা পবমার্থতা॥" ইতি ॥২৩॥ নন্থ পর্জ্জন্যবদীশকালস্থানীয়া প্রকৃতিঃ সাধাবণং কাবণম্, কর্ম্ম তু বীজবদসাধাবণমিতি শঙ্কতে—কর্ম্মজমিতি। এতন্নিবাসং প্রতিজানীতে কর্ম্মণামিতি। বিষয়ং বিশেষকার্য্যম্ ॥২৪॥ তদেবাহ—যথেতি। কাকোঽন্নমিব কর্ম্মাণি স্বভাবং প্রকাশয়ন্তি ন তু বর্ত্তয়ন্তীত্যর্থঃ। লক্ষণং জ্ঞাপকানি অসাধাবণো ধর্ম্ম ইতি যাবৎ। অয়ং ভাবঃ—তন্তব এব পটস্য কারণং তদ্গতশৌক্ল্যাদিকন্তু পটগতবৈচিত্র্যস্য, এবং স্বভাব এব জন্মমাত্রহেতুস্তদ্গতং ধর্ম্মাদিকং তদ্বৈচিত্র্যেঽসাধাবণো হেতুঃ। এতদেবোক্তং যোগৈঃ—"নিমিত্তমপ্রযোজকং প্রকৃতীনামাববণভেদস্তু ততঃ ক্ষেত্রিকব"দিতি। ধর্ম্মাদির্গুণানাং ন প্রবর্ত্তকঃ, কিন্তু তেন গুণপ্রবাহস্যাধর্ম্মস্রোতঃ খিলীকুর্ব্বতা ধর্ম্মস্রোতস আববণং দূবীক্রিয়তে ইতি সূত্রার্থঃ। এতদেব কর্ম্মণাং স্বভাবজ্ঞাপকত্ব-

---

আমি এই ধারণা স্থির কবিয়াছি যে, সুখ ও দুঃখপ্রভৃতি সমস্ত স্বভাবই হইয়া থাকে; এমন কি, মুক্তি বা তত্ত্বজ্ঞানও স্বভাব ভিন্ন অন্য প্রকাবে হইতে পাবে না, ইহাই আমাব মত ॥২৩॥

কেহ কেহ মনে কবেন যে, সুখ ও দুঃখ পুণ্য কর্ম্ম ও পাপ কর্ম্ম হইতেই হইয়া থাকে। দেবরাজ! আমি সেই কর্ম্মের সমস্ত বিষয় বলিতেছি, আপনি শ্রবণ করুন ॥২৪॥

কাক যেমন অন্ন ভক্ষণ করিতে থাকিয়া 'ইহা অন্ন' এইরূপ উদাসীন ব্যক্তিকে জ্ঞাপন করে; তেমন সমস্ত কর্ম্মই স্বভাবকে জ্ঞাপন করে ॥২৫॥

বিকারানেব যো বেদ ন বেদপ্রকৃতিং পরাম্।
তস্য স্তম্ভো ভবেদ্বাল্যান্নাস্তি স্তম্ভোঽনুপশ্যতঃ ॥২৬॥
স্বভাবভাবিনো ভাবান্ সর্বানেবেহ নিশ্চয়াৎ।
বুধ্যমানস্য দর্পো বা মানো বা কিং করিষ্যতি ॥২৭॥
বেদ ধর্ম্মবিধিং কৃৎস্নং ভূতানাঞ্চাপ্যনিত্যতাম্।
তস্মাচ্ছক্র! ন শোচামি সর্ব্বং হ্যেবেদমন্তবৎ ॥২৮॥

ভারতকৌমুদী

বিকারানিতি। যো জনঃ, একাদশেন্দ্রিয়াণি পঞ্চমহাভূতানি চেতি ষোড়শবিধান্ বিকারানেব, বেদ প্রত্যক্ষাদিগোচরতয়া জানাতি; কিন্তু প্রকৃতিং প্রধানমহদহঙ্কারপঞ্চতন্মাত্রাণি, পরাং সর্ব্বোত্তমাং চিতিং ব্রহ্ম চ ন বেদ অনুমানাদিনাপি ন জানাতি; তস্য জনস্য বাল্যাৎ মূর্খত্বাৎ, স্তম্ভো জড়তা ভবেৎ; কিন্তু অনুপশ্যতো বিকারাদীন্ সর্ব্বানেব যথাযথং জানতো জনস্য, স্তম্ভো জড়তা নাস্তি ॥২৬॥

স্বভাবেতি। ইহ জগতি নিশ্চয়াৎ সর্ব্বানেব ভাবান্ পদার্থান্ স্বভাবাদ্ভবন্তীতি স্বভাবভাবিনঃ, বুধ্যমানস্য জানতো জনস্য, দর্পো বা মানোঽভিমানো বা কিং করিষ্যতি; অপি তু কিমপি নেত্যর্থঃ; তয়োরস্পর্শাদেবেতি ভাবঃ। অত্র মতে ব্রহ্মৈব স্বভাবঃ, নাস্তিকমতে তু জড়ধর্ম্মঃ স্বভাব ইত্যনয়োর্ভেদঃ ॥২৭॥

ইদানীং "শোচিতব্যে ন শোচসি" ইত্যস্যোত্তরমাহ বেদেতি। হে শক্র! অহং কৃৎস্নং ধর্ম্মবিধিং ভূতানাঞ্চাপি অনিত্যতাম্ ইদং সর্ব্বমেব জগচ্চান্তবৎ, বেদ জানামি; তস্মান্ন শোচামি; "ন প্রহৃষ্যেৎ প্রিয়ং প্রাপ্য নোদ্বিজেৎ প্রাপ্য চাপ্রিয়ম্" ইতি ধর্ম্মবিধেঃ অনিত্যার্থে শোকস্য নিরর্থকত্বাচ্চেতি ভাবঃ ॥২৮॥

ভারতভাবদীপঃ

মিতি ॥২৫॥ ফলিতমাহ—বিকারানিতি। বিকারান্ ধর্ম্মান্ পরাং প্রকৃতিমর্ব্বাচীনত্রিগুণময়-প্রকৃত্যপেক্ষয়া শ্রেষ্ঠাং প্রকৃতিমুপাদানং ব্রহ্ম যো ন বেদ তস্য কর্ম্মপ্রধানস্য ভেদদর্শিনঃ স্তম্ভো ভবতি ন ত্বনুপশ্যতঃ পরাং প্রকৃতিম্ ॥২৬॥ ব্রহ্মবিদঃ কুতঃ স্তম্ভো নাস্তীত্যাশঙ্ক্য প্রকৃতিরেব কর্ত্রী ন ত্বাত্মেতি বোধাদিত্যাহ—স্বভাবেতি। কর্ত্তৃত্বাভিমানো হি দর্পাদেঃ কারণং তদভাবাদ্দর্পাদ্য-

---

যে লোক একাদশ ইন্দ্রিয় ও পঞ্চমহাভূত এই ষোড়শবিধ বিকারকেই জানে; কিন্তু মূল প্রকৃতি, মহৎ অহঙ্কার ও পঞ্চতন্মাত্র এই অষ্টবিধ প্রকৃতিকে এবং পর-ব্রহ্মকে জানে না; মূর্খতাবশতঃ তাহার জড়তা থাকে; আর যিনি এই সমস্তই জানেন, তাঁহার জড়তা থাকে না ॥২৬॥

এই জগতে সমস্ত পদার্থই স্বভাব হইতে উৎপন্ন হইয়াছে; ইহা যিনি নিশ্চিত রূপে জানেন, তাঁহার দর্প বা অভিমান কি করিবে? ॥২৭॥

নির্ম্মমো নিরহঙ্কারো নিরাশীর্মুক্তবন্ধনঃ।
স্বস্থোঽব্যপেতঃ পশ্যামি ভূতানাং প্রভবাপ্যয়ৌ ॥২৯॥
কৃতপ্রজ্ঞস্য দান্তস্য বিতৃষ্ণস্য নিরাশিষঃ।
নায়াসো বিদ্যতে শক্র! পশ্যতো লোকমব্যয়ম্ ॥৩০॥
প্রকৃতৌ চ বিকারে চ ন মে প্রীতির্ন চ দ্বিষে।
দ্বেষ্টারঞ্চ ন পশ্যামি যো মামদ্য মমায়তে ॥৩১॥

ভারতকৌমুদী

"প্রহ্লাদ! স্বস্থরূপোঽসি পশ্যন্ ব্যসনমাত্মনঃ" ইত্যস্যোত্তরমাহ নির্ম্মম ইতি। নিরাশী-নিষ্কামঃ, মুক্তবন্ধনো ভ্রমহীনঃ, অব্যপেতঃ স্থানাদচ্যুতঃ। প্রভবাপ্যয়ৌ তয়োঃ কারণীভূতং ব্রহ্মেত্যর্থঃ ॥২৯॥

কৃতেতি। হে শক্র! কৃতপ্রজ্ঞস্য লব্ধতত্ত্বজ্ঞানস্য। নিরাশিষো নিষ্কামস্য। আয়াসঃ কষ্টম্। অব্যয়মনশ্বরম্, লোক্যতে দৃশ্যত ইতি লোকস্তমাত্মানং পশ্যতো মম ॥৩০॥

প্রকৃতাবিতি। প্রকৃতৌ সুখদুঃখয়োঃ কারণীভূতে ধর্ম্মাধর্ম্মদ্বয়ে, বিকারে ধর্ম্মাধর্ম্মফলে সুখ-দুঃখদ্বয়ে চ, মে ন প্রীতিঃ, ন চাহং তে দ্বিষে দ্বেষ্মি। যথাসংখ্যেনান্বয়ঃ। তথা যো মামদ্য দ্বেষ্টি, তাদৃশং দ্বেষ্টারঞ্চ ন পশ্যামি, যশ্চ মমেবাচরতীতি মমায়তে তাদৃশমাত্মীয়ঞ্চ ন পশ্যামি ॥৩১॥

ভারতভাবদীপঃ

ভাব ইত্যর্থঃ ॥২৭॥ অস্মাদেব জানামি সর্ব্বমস্তবদিতি তস্মান্ন শোচামীত্যর্থঃ ॥২৮॥ শোকাভাবে হেতুমাহ—নির্ম্মম ইতি। মুক্তবন্ধনো নির্ব্বাসনঃ, স্বস্থঃ স্বরূপপ্রতিষ্ঠঃ, অব্যপেতো দেহাত্মনভি মানেন স্বরূপাদপ্রচ্যুতঃ ভূতানাং প্রভবাপ্যয়ৌ পরং ব্রহ্ম ॥২৯॥ লোকমাত্মানম্, অব্যয়ং নিরপায়ম্ ॥৩০॥ প্রকৃতৌ বিশ্বকর্ত্র্যাং বিকারে ধর্ম্মাধর্ম্মফলয়োঃ সুখদুঃখয়োঃ মম দ্বেষ্টারমহং ন পশ্যামি যশ্চ

দেবরাজ! সমস্ত ধর্ম্মশাস্ত্র, ভূতগণের অনিত্যতা এবং এই সমস্তই বিনশ্বর, ইহা আমি জানি; এজন্যই আমি শোক করি না ॥২৮॥

মমতা, অহঙ্কার, কামনা ও ভ্রম ইহার কিছুই আমার নাই এবং স্থানচ্যুতও হই নাই। সুতরাং আমি সুস্থ থাকিয়া ভূতগণের উৎপত্তি ও বিনাশের কারণ পরব্রহ্মকে দেখিতেছি ॥২৯॥

দেবরাজ! আমি তত্ত্বজ্ঞান লাভ করিয়াছি, ইন্দ্রিয়গুলিকে দমন করিয়াছি এবং তৃষ্ণা ও কামনাকে পরিত্যাগ করিয়াছি; আর সর্ব্বদা অবিনাশী পরমাত্মাকে দেখিতেছি; সুতরাং আমার কোন কষ্টই নাই ॥৩০॥

---

(৩০) .. পশ্যতো লোকবিস্ময়া—বর্দ্ধ।

নোর্দ্ধং নাবাঙ্ ন তির্য্যক্ চ ন ক্বচিচ্ছক্র ! কাময়ে।
ন হি জ্ঞেয়ে ন বিজ্ঞানে ন জ্ঞানে শর্ম্ম বিদ্যতে ॥৩২॥

শক্র উবাচ।

যেনৈষা লভ্যতে প্রজ্ঞা যেন শান্তিরবাপ্যতে।
প্রব্রূহি তমুপায়ং মে সম্যক্ প্রহ্লাদ ! পৃচ্ছতঃ ॥৩৩॥

প্রহ্লাদ উবাচ।

আর্জবেনাপ্রমাদেন প্রসাদেনাত্মবত্তয়া।
বৃদ্ধশুশ্রূষয়া শক্র ! পুরুষো লভতে মহৎ ॥৩৪॥

ভারতকৌমুদী

নেতি। হে শক্র ! অহং ন ক্বচিৎ কালেঽপি ন ঊর্দ্ধং স্বর্গভুবনম্, নাবাক্ ন নীচং ভুবনং পাতালম্, ন তির্য্যক্ ন মধ্যভুবনং মর্ত্ত্যঞ্চ কাময়ে। জ্ঞেয়ে ঘটপটাদৌ ন, বিজ্ঞানে শিল্পশাস্ত্রবুদ্ধৌ ন, সাকারদেবানাং জ্ঞানে চ ন, শর্ম্ম সুখম্, বিদ্যতে। অতএব তান্যপি ন কাময় ইতি ভাবঃ ॥৩২॥

যেনেতি। এষা ঈদৃশী, প্রজ্ঞা বুদ্ধিঃ ॥৩৩॥

আর্জবেনেতি। আর্জবেন সারল্যেন, অপ্রমাদেন মোক্ষং প্রতি সাবধানতয়া, প্রসাদেন রাগ-

ভারতভাবদীপঃ

মমায়তে মমেবাচরতি পুত্রমিত্রাদিবাত্মীয়ত্বঞ্চ ন পশ্যামি ॥৩১॥ ঊর্দ্ধং স্বর্গম্, অবাক্ পাতালম্, তির্য্যক্ মর্ত্ত্যলোকম্, ন কাময়ে ক্বচিৎ কালে ; তত্র হেতুর্ন হীতি। জ্ঞেয়ে বিজ্ঞানে কর্ম্ম পাঠান্তরে শর্ম্ম বা ন বিদ্যতে ইতি নহি কিন্তু জ্ঞানে এব ন বিদ্যতে ইতি যোজনা। বিজ্ঞানে বুদ্ধৌ, জ্ঞানে চিদাত্মনি, আত্মনো ধর্ম্মাধর্ম্মতৎফলাশ্রয়ত্বভাবাদহং ন কিমপি কাময়ে ইত্যর্থঃ ॥৩২॥ প্রজ্ঞা

ধর্ম্মে এবং তাহার ফল সুখেও আমার প্রীতি নাই ; আর অধর্ম্মে এবং তাহার ফল দুঃখেও আমার বিদ্বেষ নাই। তাব পব, আজ আমাকে যে বিদ্বেষ করে, তেমন বিদ্বেষ্টাকেও আমি দেখি না ; কিংবা যে আমার প্রতি মমতাচবণ করে, তেমন লোককেও আমি দর্শন করি না ॥৩১॥

ইন্দ্র ! আমি কোন কালেই স্বর্গ, মর্ত্ত্য বা পাতালের কামনা করি না ; আর জ্ঞেয়, বিজ্ঞান ও সাকার দেবতার-জ্ঞানে কোন সুখ নাই বলিয়া তাহার কোনটাতেও আমার কামনা নাই' ॥৩২॥

ইন্দ্র বলিলেন—'অসুববাজ প্রহ্লাদ ! আপনি যে উপায়ে এইরূপ জ্ঞান লাভ কবিয়াছেন এবং যে উপায়ে এই জাতীয় শান্তি পাইয়াছেন ; আমি প্রশ্ন করিতেছি, আপনি আমার নিকট সেই উপায়টী সমীচীনভাবে বলুন' ॥৩৩॥

---

(৩২) ·· ন জ্ঞানে কর্ম্ম বিদ্যতে—বঙ্গ।

স্বভাবাল্লভতে প্রজ্ঞাং শান্তিমেতি স্বভাবতঃ।
স্বভাবাদেব তৎ সর্ব্বং যৎকিঞ্চিদনুপশ্যসি॥৩৫॥
ইত্যুক্তো দৈত্যপতিনা শক্রো বিস্ময়মাগমৎ।
প্রীতিমাংশ্চ তদা রাজংস্তদ্বাক্যং প্রত্যপূজয়ৎ॥৩৬॥
স তদাভ্যর্চ্চ্য দৈত্যেন্দ্রং ত্রৈলোক্যপতিরীশ্বরঃ।
অসুরেন্দ্রমুপামন্ত্র্য জগাম স্বং নিবেশনম্॥৩৭॥

ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং শান্তিপর্ব্বণি মোক্ষধর্ম্মে শক্রপ্রহ্লাদসংবাদে একবিংশত্যধিকদ্বিশততমোঽধ্যায়ঃ॥০॥ *

ভারতকৌমুদী

দ্বেষাদিশূন্যতয়া, আত্মবত্তয়া জ্ঞানলাভায় যত্নবত্তয়া। মহৎ মুক্তিসুখম্॥৩৪॥

স্বভাবাদিতি। প্রজ্ঞাং তত্ত্বজ্ঞানম্। তৎ সর্ব্বং জায়ত ইতি শেষঃ॥৩৫॥

ইতীতি। বিস্ময়মাগমৎ অসাধারণবাক্যশ্রবণেনেতি ভাবঃ॥৩৬॥

স ইতি। উপামন্ত্র্য গমনার্থমনুমতিগ্রহণায় সম্বোধ্য॥৩৭॥

ইতি মহামহোপাধ্যায়-ভারতাচার্য্য-শ্রীহরিদাসসিদ্ধান্তবাগীশভট্টাচার্য্যবিরচিতায়াং মহাভারত-টীকায়াং ভারতকৌমুদীসমাখ্যায়াং শান্তিপর্ব্বণি মোক্ষধর্ম্মে একবিংশত্যধিকদ্বিশততমোঽধ্যায়ঃ॥০॥

ভারতভাবদীপঃ

জ্ঞানং শান্তিস্তৎফলম্॥৩৩॥ প্রসাদেন বুদ্ধের্নৈর্ম্মল্যেন, আত্মবত্তয়া জিতেন্দ্রিয়তয়া, মহৎ মোক্ষম্॥৩৪॥ অনাত্মনঃ কর্ত্তৃত্বমুপপাদ্যোপসংহরতি—স্বভাবাদেবেতি। বিদ্যাবিদ্যা মুক্তিশ্চ শাক্তিক্যো বেত্যর্থঃ। যথোক্তং শ্রীমদ্ভাগবতে—"বিদ্যাবিদ্যে মম তনূ বিদ্ধ্যুদ্ধব! শরীরিণাম্। মোক্ষবন্ধকরী আদ্যে মায়য়া মে বিনির্ম্মিতে॥" ইতি। মম মায়াবিনঃ॥৩৫—৩৭॥

ইতি শান্তিপর্ব্বণি মোক্ষধর্ম্মে নৈলকণ্ঠীয়ে ভারতভাবদীপে একবিংশত্যধিকদ্বিশততমোঽধ্যায়ঃ॥২২০॥

প্রহ্লাদ বলিলেন—"দেবরাজ! সরলতা, সাবধানতা, মনের প্রসন্নতা, যত্ন ও বৃদ্ধের পরিচর্য্যাদ্বারা মানুষ মহাসুখ লাভ করে॥৩৪॥

দেবরাজ! মানুষ স্বভাবতঃ জ্ঞান লাভ করে এবং স্বভাবতই শান্তি পায়; আর যে কিছু দেখিতেছেন, সে সমস্তই স্বভাব হইতে উৎপন্ন হইয়াছে॥৩৫॥

রাজা! প্রহ্লাদ এইরূপ বলিলে, ইন্দ্র তখন বিস্ময়াপন্ন হইলেন এবং সন্তুষ্ট হইয়া তাঁহার বাক্যের প্রশংসা করিলেন॥৩৬॥

তখন ত্রিভুবনের অধিপতি দেবরাজ ইন্দ্র প্রহ্লাদের সম্মান করিয়া এবং তাঁহার অনুমতি লইয়া আপন ভবনে গমন করিলেন॥৩৭॥

---

* 'দ্বাবিংশত্যধিকদ্বিশততমোঽধ্যায়ঃ'—বঙ্গ বর্দ্ধ; 'একোনত্রিংশদধিকদ্বিশততমোঽধ্যায়ঃ' নি।

দ্বাবিংশত্যধিকদ্বিশততমোঽধ্যায়ঃ।

—ঃ০ঃ—

যুধিষ্ঠির উবাচ।

যয়া বুদ্ধ্যা মহীপালো ভ্রষ্টশ্রীর্বিচরেন্মহীম্।
কালদণ্ডবিনিষ্পিষ্টস্তন্মে ব্রূহি পিতামহ! ॥১॥

ভীষ্ম উবাচ।

অত্রাপ্যুদাহরন্তীমমিতিহাসং পুরাতনম্।
বাসবস্য চ সংবাদং বলের্বৈরোচনস্য চ ॥২॥
পিতামহমুপাগম্য প্রণিপত্য কৃতাঞ্জলিঃ।
সর্বানেবাসুরান্ জিত্বা বলিং পপ্রচ্ছ বাসবঃ ॥৩॥
যস্য স্ম দদতো বিত্তং ন কদাচন হীয়তে।
তং বলিং নাধিগচ্ছামি ব্রহ্মন্নাচক্ষ্ব মে বলিম্ ॥৪॥

ভারতকৌমুদী

যয়েতি। কালদণ্ডেন দুর্দৈবেন বিনিষ্পিষ্টঃ, তদ্‌বুদ্ধিরূপম্ ॥১॥
অত্রেতি। বাসবস্য ইন্দ্রস্য, বৈরোচনস্য বিরোচনপুত্রস্য বলেশ্চ ॥২॥
পিতামহমিতি। বলিং তদাখ্যদৈত্যরাজস্বরূপম্ ॥৩॥
যস্যেতি। বিত্তং ধনম্, হীয়তে ক্ষীয়তে। নাধিগচ্ছামি. স্বরূপেণ নাবগচ্ছামি ॥৪॥

ভারতভাবদীপঃ

ইন্দ্রিয়নিগ্রহোঽহংকর্ত্তৃত্বাভিমানত্যাগশ্চ কার্য্য ইত্যধ্যায়দ্বয়েনোক্ত্বা সম্পদাং চাঞ্চল্যাত্তৎপ্রাপ্তিনাশয়োর্হর্ষশোকৌ ন কর্ত্তব্যাবিত্যাখ্যায়িকামুখেনাধ্যায়ত্রয়েণাহ—যয়া বুদ্ধ্যেত্যাদিনা। কালদণ্ড-

---

যুধিষ্ঠির বলিলেন—'পিতামহ! রাজা রাজ্যভ্রষ্ট ও দুর্দ্দৈবনিষ্পিষ্ট হইয়া যে বুদ্ধি অনুসারে পৃথিবীতে বিচরণ করিবেন; সেই বুদ্ধির স্বরূপ কি? তাহা আপনি আমার নিকট বলুন' ॥১॥

ভীষ্ম বলিলেন—'এই বিষয়েও পণ্ডিতেরা ইন্দ্র ও বিরোচনপুত্র বলির সংবাদরূপ প্রাচীন বৃত্তান্তের উল্লেখ করিয়া থাকেন ॥২॥

দেবরাজ ইন্দ্র সমস্ত অসুরকে জয় করিয়া একদা ব্রহ্মার নিকটে যাইয়া তাঁহাকে নমস্কার করিয়া কৃতাঞ্জলি হইয়া বলির বিষয়ে প্রশ্ন করিলেন—॥৩॥

স বায়ুর্বরুণশ্চৈব স রবিঃ স চ চন্দ্রমাঃ।
সোঽগ্নিস্তপতি ভূতানি জলঞ্চ স ভবত্যুত ॥৫॥
তং বলিং নাধিগচ্ছামি ব্রহ্মন্নাচক্ষ্ব মে বলিম্।
স এব হ্যস্তময়তে স স্ম বিদ্যোততে দিশঃ ॥৬॥
স বর্ষতি স্ম বর্ষাণি যথাকালমতন্দ্রিতঃ।
তং বলিং নাধিগচ্ছামি ব্রহ্মন্নাচক্ষ্ব মে বলিম্ ॥৭॥

ব্রহ্মোবাচ।

নৈতত্তে সাধু মঘবন্! যদেনমনুপৃচ্ছসি।
পৃষ্টস্তু নানৃতং ব্রূয়াত্তস্মাদ্বক্ষ্যামি তে বলিম্ ॥৮॥

ভারতকৌমুদী

স ইতি। স বলিঃ, বায়ুঃ সন্ বহতি; বরুণঃ সন্ জলং ভবতি; স রবিঃ সন্ প্রকাশয়তি; স চন্দ্রমাঃ সন্ শস্যান্যুৎপাদয়তি ॥৫॥

তমিতি। অস্তমস্তাচলম্, অয়তে গচ্ছতি, বিদ্যোততে বিদ্যোতয়তে ॥৬॥

স ইতি। বর্ষতি করোতি। অতন্দ্রিতঃ অনলসঃ ॥৭॥

নেতি। হে মঘবন্! ইন্দ্র! যঃ খল্বাত্মগোপনেন ব্রহ্ম ধ্যায়তি, তদ্বিষয়ে রূপপ্রশ্নো নোচিত ইতি ভাবঃ ॥৮॥

'পিতামহ! যিনি সর্ব্বদা ধনদান করিতেন; তথাপি তাঁহার ধন কখনও ক্ষয় পাইত না; সেই বলির স্বরূপ আমি বুঝিতে পারিতেছি না। অতএব আপনি বলির স্বরূপ আমার নিকট বলুন ॥৪॥

বলি বায়ু হইয়া বহিত হন, বরুণ হইয়া জল হইয়া থাকেন; সূর্য্য হইয়া প্রকাশ করেন, চন্দ্র হইয়া শস্য উৎপাদন করিয়া থাকেন এবং অগ্নি হইয়া ভূতগণকে সন্তপ্ত করেন ॥৫॥

পিতামহ! আমি সে বলিকে চিনিতে পারিতেছি না; অতএব আপনি আমার নিকট বলির স্বরূপ বলুন। (আমার ধারণা এই যে,) বলি সূর্য্য হইয়া অস্তে যাইতেছেন এবং তিনিই সমস্ত দিক্ প্রকাশ করিতেছেন ॥৬॥

বলিই উদ্‌যোগী হইয়া যথাকালে বর্ষা করিতেছেন; সেই বলিকে আমি চিনিতে পারিতেছি না। অতএব পিতামহ! আপনি আমার নিকট সেই বলির স্বরূপ বলুন' ॥৭॥

ব্রহ্মা বলিলেন—'ইন্দ্র! তুমি যে বলির স্বরূপ জিজ্ঞাসা করিতেছ; ইহা তোমার ভাল হইতেছে না। সে যাহা হউক, কেহ জিজ্ঞাসা করিলে, মিথ্যা বলিবে না—এইরূপ শাস্ত্র আছে। অতএব আমি তোমার নিকট বলির স্বরূপ বলিতেছি ॥৮॥

উষ্ট্রেষু যদি বা গোষু খরেম্বশ্বেষু বা পুনঃ।
বরিষ্ঠো ভবিতা জন্তুঃ শূন্যাগারে শচীপতে! ॥৯॥

শক্র উবাচ।

যদি স্ম বলিনা ব্রহ্মন্! শূন্যাগারে সমেযিবান্।
হন্যামেনং ন বা হন্যাং তদ্‌ব্রহ্মন্নমুশাধি মাম্ ॥১০॥

ব্রহ্মোবাচ।

মাস্ম শক্র! বলিং হিংসীর্ন বলির্বধমর্হতি।
ন্যায়স্তু শক্র! প্রষ্টব্যস্ত্বয়া বাসব! কাম্যয়া ॥১১॥

ভীষ্ম উবাচ।

এবমুক্তো ভগবতা মহেন্দ্রঃ পৃথিবীং তদা।
চচারৈরাবতস্কন্ধমধিরুহ্য শ্রিয়া বৃতঃ ॥১২॥

ভারতকৌমুদী

উষ্ট্রেম্বিতি। খরেষু গর্দ্দভেষু। ভবিতা বলিরিতি শেষঃ ॥৯॥

যদীতি। বলিনা সার্দ্ধং কস্মিন্নপি শূন্যাগারে সমেযিবান্ সম্মিলিতো ভবিষ্যামি। অনুশাধি উপদিশ ॥১০॥

মাস্মেতি। বলির্ন বধমর্হতি ব্রহ্মনিষ্ঠত্বাদহিংস্রত্বাচ্চ ন্যায়ো নীতিঃ। কাম্যয়া নীতিশিক্ষেচ্ছয়া ॥১১॥

এবমিতি। ভগবতা ব্রহ্মণা। শ্রিয়া রাজশোভয়া ॥১২॥

শচীপতি! কোন শূন্যগৃহে উষ্ট্র, বৃষ, গর্দ্দভ কিংবা অশ্বের মধ্যে কোন একটা শ্রেষ্ঠ জন্তুরূপে তিনি রহিয়াছেন' ॥৯॥

ইন্দ্র বলিলেন—'পিতামহ! সেই শূন্যগৃহে আমি যদি বলির সহিত মিলিত হই, তবে উঁহাকে বধ করিব কি না? এই বিষয়ে আপনি আমাকে উপদেশ দিন' ॥১০॥

ব্রহ্মা বলিলেন—'ইন্দ্র! তুমি বলির হিংসা করিও না; বলি বধের যোগ্য নহেন। কিন্তু বাসব! তুমি নীতিশিক্ষা করিবার ইচ্ছায় বলির নিকট নীতি জিজ্ঞাসাই করিও' ॥১১॥

ভীষ্ম বলিলেন—'ব্রহ্মা এইরূপ বলিলে, ইন্দ্র রাজশোভায় শোভিত হইয়া ঐরাবতহস্তীর স্কন্ধে আরোহণ করিয়া বলিকে অন্বেষণ করিবার জন্য তখন পৃথিবীতে বিচরণ করিতে লাগিলেন ॥১২॥

ততো দদর্শ স বলিং খরবেশেন সংবৃতম্।
যথাখ্যাতং ভগবতা শূন্যাগারে কৃতালয়ম্ ॥১৩॥

শক্র উবাচ।

খরযোনিমনুপ্রাপ্তস্তুষভক্ষোঽসি দানব।
ইয়ং তে যোনিরধমা শোচস্যাহো ন শোচসি ॥১৪॥
অদৃষ্টং বত পশ্যামি দ্বিষতাং বশমাগতম্।
শ্রিয়া বিহীনং মিত্রৈশ্চ ভ্রষ্টবীর্য্যপরাক্রমম্ ॥১৫॥
যত্তদ্‌যানসহস্রৈস্ত্বং জ্ঞাতিভিঃ পরিবারিতঃ।
লোকান্ প্রতাপয়ন্ সর্ব্বান্ যাস্যস্মানবিতর্কয়ন্ ॥১৬॥
ত্বন্মুখাশ্চৈব দৈতেয়া ব্যতিষ্ঠংস্তব শাসনে।
অকৃষ্টপচ্যা চ মহী তবৈশ্বর্য্যে বভূব হ ॥১৭॥

ভাবতকৌমুদী

তত ইতি। খরবেশেন গর্দ্দভাকারেণ। কৃতালয়ং বিহিতাবস্থানম্ ॥১৩॥
খরেতি। তুষান্ ধান্যাদিত্বচো ভক্ষয়তীতি সঃ ॥১৪॥
অদৃষ্টমিতি। অদৃষ্টং দৈবকৃতদুরবস্থাম্ ॥১৫॥
যদিতি। অস্মান্ দেবান্ অবিতর্কয়ন্ অবজ্ঞয়া অগণয়ন্ ॥১৬॥
ত্বন্মুখা ইতি। ত্বয়ি মুখানি যেষাং তে ত্বাং প্রতি সান্থনয়দৃষ্টিকারিণ ইত্যর্থঃ। কৃষ্টে পচ্যন্তে স্বয়মেবেতি কৃষ্টপচ্যানি শস্যানি "কৃষ্টপচ্যকুপ্যে সংজ্ঞায়াম্" ইতি নিপাতঃ; ন বিদ্যন্তে কৃষ্টপচ্যানি যস্যাং সা কর্ষণং বিনাপি শস্যোৎপাদিকেত্যর্থঃ, ঐশ্বর্য্যে রাজত্বকালে ॥১৭॥

তাহার পর তিনি বলিকে দেখিতে পাইলেন—ব্রহ্মা যেমন বলিয়াছিলেন; তেমন ভাবেই বলি তৎকালে গর্দ্দভের বেশ ধারণ করিয়া এক শূন্যগৃহে অবস্থান করিতেছিলেন ॥১৩॥

ইন্দ্র বলিলেন—'দনুনন্দন। আপনি গর্দ্দভযোনি প্রাপ্ত হইয়াছেন এবং তুষ ভক্ষণ করিতেছেন। এই যোনি আপনার পক্ষে নিকৃষ্ট; অতএব আপনি ইহার জন্য শোক করেন কি না? ॥১৪॥

হায়! আমি আপনার দুরদৃষ্ট দেখিতেছি, আপনি শত্রুগণের বশীভূত; রাজলক্ষ্মী ও মিত্রশূন্য এবং শক্তি ও পরাক্রমভ্রষ্ট হইয়া গিয়াছেন ॥১৫॥

দানবরাজ! আপনি সহস্র সহস্র যানারোহী জ্ঞাতিগণে পরিবেষ্টিত হইয়া আপন প্রতাপে সমস্ত লোককে প্রতপ্ত করিতে থাকিয়া আমাদিগকে অগ্রাহ্য করতঃ সেই যে বিচরণ করিতেন, (তাহা মনে পড়ে কি)? ॥১৬॥

ইদঞ্চ তেঽস্য ব্যসনং শোচস্যাহো ন শোচসি।
দ্বিজোত্তমৈঃ সত্রগতৈরভিষ্টুতো বিদীপ্ততেজাঃ শতমন্যুরীশ্বরঃ।
প্রশান্তচেতা মুদিতঃ স্বমালয়ং ত্রিপিষ্টপং প্রাপ্য মুমোদ বাসবঃ ॥১১৯॥
ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং শান্তিপর্ব্বণি মোক্ষধর্ম্মে বলিবাসবসংবাদে পঞ্চবিংশত্যধিকদ্বিশততমোঽধ্যায়ঃ ॥০॥ *

ভারতকৌমুদী

অস্মত্ত ইতি। অস্মত্তো দেবেভ্যঃ। প্রতিপালয় প্রতীক্ষস্ব। নিরাবাধো নির্ব্বিঘ্নঃ ॥১১৬॥

তমিতি। গজরাজ ঐরাবতো বাহনং যস্য সঃ। একরাট্ অদ্বিতীয়ো রাজা ॥১১৭॥

মহর্ষয় ইতি। অঞ্জসা যথার্থভাবেন। বৃষেণ ধর্ম্মেণ ন কম্পত ইতি বৃষাকপিরগ্নিস্তম্। "বৃষাকপিঃ পুমান্ কৃষ্ণে শঙ্করে জাতবেদসি" ইতি মেদিনী। হিমাপহঃ সঃ অগ্নিশ্চ। তথা ভক্তৈরর্পিতম্ অমৃতমপি ঈশ্বরো দেবরাজ উবাহ ইতি সম্বন্ধঃ ॥১১৮॥

দ্বিজোত্তমৈরিতি। সত্রগতৈর্যজ্ঞস্থানস্থিতৈঃ। ঈশ্বরো দেবরাজঃ। মুদিতো গমনকালেঽপি হৃষ্টঃ, ত্রিপিষ্টপং স্বর্গম্ ॥১১৯॥

ইতি মহামহোপাধ্যায়-ভারতাচার্য্য শ্রীহরিদাসসিদ্ধান্তবাগীশভট্টাচার্য্যবিরচিতায়াং মহাভারত-টীকায়াং ভারতকৌমুদীসমাখ্যায়াং শান্তিপর্ব্বণি মোক্ষধর্ম্মে পঞ্চবিংশত্যধিকদ্বিশততমোঽধ্যায়ঃ ॥০॥

পূজার উপহার দিবে এবং যে সময়ে ব্রাহ্মণাদি বর্ণচতুষ্টয়ের মধ্যে সকলেই শাস্ত্রোক্ত-শৃঙ্খলাবিহীন হইবে; সেই সময়ে আপনার এক একটী বরুণপাশ ক্রমে ক্রমে মুক্ত হইবে ॥১১২—১১৫॥

অসুররাজ! দেবগণ হইতে আপনার কোন ভয় নাই। কালের প্রতীক্ষা করুন এবং আপনি সুখী, নির্ব্বিঘ্ন, সুস্থচিত্ত ও নিরাময় হউন' ॥১১৬॥

বলিকে এইরূপ বলিয়া, ভগবান্ ইন্দ্র ঐরাবতহস্তীতে আরোহণ করিয়া প্রস্থান করিলেন এবং সমস্ত অসুরকে জয় করিয়া দেবাধিপতি ও অদ্বিতীয় রাজা হইয়া অত্যন্ত আনন্দিত হইলেন ॥১১৭॥

ওদিকে মহর্ষিরা যথার্থরূপে সমস্ত চরাচরের অধীশ্বর অগ্নিদেবের স্তব করিতে থাকিলেন এবং অগ্নিদেবও যজ্ঞে হব্য বহন করিতে লাগিলেন; আর দেবরাজও ভক্তজনার্পিত অমৃত ভোগ করিতে থাকিলেন ॥১১৮॥

---

* 'সপ্তবিংশত্যধিকদ্বিশততমোঽধ্যায়ঃ' বঙ্গ বর্দ্ধ, 'চতুস্ত্রিংশদধিকদ্বিশততমোঽধ্যায়ঃ'—নি।

ষড়্‌বিংশত্যধিকদ্বিশততমোঽধ্যায়ঃ।

—ঃ০ঃ—

যুধিষ্ঠির উবাচ।

পূর্ব্বরূপাণি মে রাজন্! পুরুষস্য ভবিষ্যতঃ।
পরাভবিষ্যতশ্চৈব তন্মে ব্রূহি পিতামহ! ॥১॥

ভীষ্ম উবাচ।

মন এব মনুষ্যস্য পূর্ব্বরূপাণি শংসতি।
ভবিষ্যতশ্চ ভদ্রং তে তথৈব ন ভবিষ্যতঃ ॥২॥

অত্রাপ্যুদাহরন্তীমমিতিহাসং পুরাতনম্।
শ্রিয়া শক্রস্য সংবাদং তন্নিবোধ যুধিষ্ঠির! ॥৩॥

ভারতকৌমুদী

পূর্ব্বেতি। হে রাজন্! ক্ষত্রিয়শ্রেষ্ঠ পিতামহ! পুরুষস্য ভবিষ্যতো ভাবস্য পরম্ অভবিষ্যতা ভাবস্য চ যানি পূর্ব্বরূপাণি সূচকানি লক্ষণানি, তৎ সর্ব্বং মে ব্রূহি ॥১॥

মন ইতি। শংসতি সূচয়তি। ভদ্রমস্ত্বিতি শেষঃ ॥২॥

অত্রেতি। শ্রিয়া লক্ষ্মীদেব্যা সহ, নিবোধ শৃণু ॥৩॥

ভাবতভাবদীপঃ

"মগ্নস্য ব্যসনে কৃচ্ছ্র" ইত্যাদিনাধ্যায়েন বিপদি ধৈর্য্যমেব শ্রেয় ইতি পুনর্ব্বলিবাসবসংবাদাখ্যায়িকামুখেন প্রদর্শ্যতে ॥১—১১৯॥

ইতি শান্তিপর্ব্বণি মোক্ষধর্ম্মে নৈলকণ্ঠীয়ে ভাবতভাবদীপে পঞ্চবিংশত্যধিকদ্বিশততমোঽধ্যায়ঃ॥২২৫॥

আর ব্রাহ্মণেরা যজ্ঞস্থানে থাকিয়া স্তব করিতে লাগিলেন; তাহাতে দেবরাজ ইন্দ্র প্রফুল্লচিত্ত হইয়া শান্ত ও হৃষ্টচিত্তে এবং উজ্জ্বলতেজে গমন করিতে থাকিয়া স্বকীয় স্বর্গলোকে যাইয়া আনন্দ অনুভব করিতে লাগিলেন' ॥১১৯॥

—ঃ০ঃ—

যুধিষ্ঠির বলিলেন—'ক্ষত্রিয়শ্রেষ্ঠ পিতামহ! মানুষের ভাবী ও অভাবী অবস্থার পূর্ব্বসূচনা কিরূপ, তাহা আমার নিকট বলুন' ॥১॥

ভীষ্ম বলিলেন—'যুধিষ্ঠির! তোমার মঙ্গল হউক। মানুষের ভবিষ্যতে যাহা হইবে, বা না হইবে, তাহার পূর্ব্বসূচনা মনই করে ॥২॥

যুধিষ্ঠির! এ বিষয়েও মনস্বীরা লক্ষ্মীদেবীর সহিত ইন্দ্রের সংবাদরূপ যে প্রাচীন বৃত্তান্তের উল্লেখ করেন, তাহা তুমি আমার নিকট শ্রবণ কর ॥৩॥

মহতস্তপসো ব্যুষ্ট্যা পশ্যঁল্লোকৌ পরাবরৌ।
সামান্যমৃষিভির্গত্বা ব্রহ্মলোকনিবাসিভিঃ ॥৪॥
ব্রহ্মেবামিতদীপ্তৌজাঃ শান্তপাপ্মা মহাতপাঃ।
বিচচার যথাকামং ত্রিষু লোকেষু নারদঃ ॥৫॥ (যুগ্মকম্)
কদাচিৎ প্রাতরুত্থায় পিস্পৃক্ষুঃ সলিলং শুচি।
ধ্রুবদ্বারভবাং গঙ্গাং জগামাবততার চ ॥৬॥
মেরুপাদোদ্ভবাং গঙ্গাং নারায়ণপদচ্যুতাম্।
স বীক্ষমাণো হৃষ্টাত্মা তং দেশমভিজগ্মিবান্ ॥৭॥
যঞ্চ দেব! জবাকীর্ণং সূক্ষ্মকাঞ্চনবালুকম্।
গঙ্গাদ্বীপং সমাসাদ্য নানাবৃক্ষৈরলঙ্কৃতম্ ॥৮॥
সালতালাশ্বকর্ণানাং চন্দনানাঞ্চ রাজিভিঃ।
মণ্ডিতং বিবিধৈঃ পুষ্পৈর্হংসকারণ্ডবায়ুতম্ ॥৯॥
নদীপুলিনমাসাদ্য স্নাত্বা সংতর্প্য দেবতাঃ।
জজাপ জপ্যং ধর্ম্মাত্মা তন্ময়ত্বেন ভাস্বতা ॥১০॥ (কলাপকম্)

ভারতকৌমুদী

মহত ইতি। ব্যুষ্ট্যা সমৃদ্ধ্যা। "ব্যুষ্টিঃ ফলে সমৃদ্ধৌ চ" ইত্যমরঃ। পরাবরৌ উচ্চনীচৌ ব্রহ্মলোকপাতাললোকাবিত্যর্থঃ। সামান্যং তুল্যম্। অমিতঞ্চ দীপ্তঞ্চ ওজো যস্য সঃ ॥৪—৫॥

কদাচিদিতি। পিস্পৃক্ষুঃ স্প্রষ্টুমিচ্ছুঃ। ধ্রুবদ্বারভবাং ধ্রুবদ্বারাখ্যদেশবাহিনীম্ ॥৬॥

মের্বিতি। স নারদঃ। দেশং স্থানম্। হে দেব! রাজন্! জবাকীর্ণং জলবেগসম্বদ্ধম্। রাজিভিঃ শ্রেণীভিঃ। জপ্যম্ ইষ্টমন্ত্রম্, তন্ময়ত্বেন তন্ময়চিত্তত্বেন, ভাস্বতা ইষ্টদেবতাতেজঃপূর্ণেন চেতসা ॥৭—১০॥

ব্রহ্মার ন্যায় অমিত ও উজ্জ্বলতেজা, পাপবিহীন এবং মহাতপস্বী নারদ একদা নিজের মহাতপস্যার প্রভাবে ব্রহ্মলোক ও পাতাল দর্শন করিতে থাকিয়া ব্রহ্মলোক-বাসী ঋষিগণের তুল্য গমন করিয়া ইচ্ছানুসারে ত্রিভুবনে বিচরণ করিতে লাগিলেন ॥৪—৫॥

তিনি কোন সময়ে প্রাতঃকালে গাত্রোত্থান করিয়া পবিত্র জল স্পর্শ করিবার ইচ্ছায়, ধ্রুবদ্বারবাহিনী গঙ্গায় গমন ও অবতরণ করিলেন ॥৬॥

সুমেরুপর্ব্বতের পাদদেশ হইতে উৎপন্না ও নারায়ণচরণ হইতে বিচ্যুতা গঙ্গাকে দর্শন করিতে থাকিয়া, হৃষ্টচিত্ত হইয়া, নারদ সেইস্থানে উপস্থিত হইলেন; রাজা!

---

(৫) বিচচার যথাকালং—নি। (৭) ইতঃপ্রভৃতি চত্বারঃ শ্লোকাঃ পি বঙ্গ বর্দ্ধ ন সন্তি।

সহস্রনয়নশ্চাপি বজ্রী শম্বরপাকহা।
তস্যা দেবর্ষিজুষ্টায়াস্তীরমভ্যাজগাম হ ॥১১॥
তাবাপ্লুত্য যতাত্মানৌ কৃতজপ্যৌ সমাসতঃ।
নদ্যাঃ পুলিনমাসাদ্য সূক্ষ্মকাঞ্চনবালুকম্ ॥১২॥
পুণ্যকর্ম্মভিরাখ্যাতা দেবর্ষিকথিতাঃ কথাঃ।
চক্রতুস্তৌ যতাত্মানৌ মহর্ষিকথিতাস্তথা।
পূর্ব্ববৃত্তব্যতীতানি কথয়ন্তৌ সমাহিতৌ ॥১৩॥ (যুগ্মকম্)
অথ ভাস্করমুদ্যন্তং রশ্মিজালপুরস্কৃতম্।
পূর্ণমণ্ডলমালোক্য তাবুত্থায়োপতস্থতুঃ ॥১৪॥
বিবিক্তে পুণ্যদেশে তু রমমাণৌ মুদা যুতৌ।
দদৃশাতেঽন্তরিক্ষে তৌ সূর্য্যস্যোদয়নং প্রতি ॥১৫॥

ভারতকৌমুদী

সহস্রেতি। সহস্রনয়ন ইন্দ্রঃ, শম্বরং পাকঞ্চাসুরং হতবান্ ইতি শম্বরপাকহা ॥১১॥

তাবিতি। সমাসতঃ সংক্ষেপতঃ। পুণ্যকর্ম্মভির্ধার্ম্মিকৈঃ প্রাচীনৈঃ। পূর্ব্ববৃত্তব্যতীতানি ভাবীনি কর্ম্মাণি চ। ষট্পাদোঽয়ং শ্লোকঃ ॥১২—১৩॥

অথেতি। উপতস্থতুঃ উপাসাঞ্চক্রাতে ॥১৪॥

যেস্থানে গঙ্গাজলের বেগ সংসক্ত হইতেছিল, সূক্ষ্ম সূক্ষ্ম স্বর্ণবালুকা শোভা পাইতেছিল এবং যে স্থানটী নানাবৃক্ষে শোভিত ছিল; সেই গঙ্গাদ্বীপে নারদ উপস্থিত হইলেন এবং সাল, তাল, অশ্বকর্ণ ও চন্দনবৃক্ষশ্রেণী ও নানাবিধ পুষ্পে শোভিত এবং হংস ও কারণ্ডবপ্রভৃতি পক্ষিগণযুক্ত গঙ্গাপুলিনে উপস্থিত হইয়া, স্নান ও দেবতর্পণ করিয়া ধর্ম্মাত্মা নারদ, তন্ময় ও তেজঃপূর্ণচিত্তে ইষ্টমন্ত্র জপ করিতে লাগিলেন ॥৭—১০॥

তখন শম্বর ও পাকাসুরহন্তা বজ্রধারী ইন্দ্রও দেবর্ষিসেবিত সেই গঙ্গার তীরে আগমন করিলেন ॥১১॥

ক্রমে তাঁহারা সংযতচিত্ত হইয়া, স্নান করিয়া, সংক্ষেপে জপ সারিয়া, সূক্ষ্ম স্বর্ণবালুকাযুক্ত গঙ্গাপুলিনে উঠিয়া, উপবিষ্ট ও সমাহিতচিত্ত হইয়া, ভবিষ্যৎ কর্ত্তব্য বলিয়া, ধার্ম্মিকগণ, দেবর্ষিগণ ও মহর্ষিগণ কথিত উপাখ্যান সকল আলোচনা করিতে লাগিলেন ॥১২—১৩॥

তাহার পর কিরণসমূহযুক্ত ও পূর্ণমণ্ডল সূর্য্য উদিত হইতেছেন দেখিয়া, ইন্দ্র ও নারদ গাত্রোত্থান করিয়া সেই সূর্য্যের উপাসনা করিলেন ॥১৪॥

জ্যোতির্জ্জালসমাকীর্ণং জ্যোতিষাং গণমণ্ডিতম্।
অভিতস্তূদয়ন্তং তমর্কমর্কমিবাপরম্ ॥১৬॥ (যুগ্মকম্)
আকাশে দদৃশে জ্যোতিরুদ্ধতার্চ্চিঃ সমপ্রভম্।
তয়োঃ সমীপং সংপ্রাপ্তং প্রত্যদৃশ্যত ভারত! ॥১৭॥
তৎ সুপর্ণার্কচরিতমাস্থিতং বৈষ্ণবং পদম্।
ভাভিরপ্রতিমং ভাতি ত্রৈলোক্যমবভাসয়ৎ ॥১৮॥
তং দৃষ্ট্বা তৌ তু বিক্রান্তৌ প্রাঞ্জলী সমুপস্থিতৌ।
ক্রমাৎ সংপ্রেক্ষমাণৌ তৌ বিমানং দিব্যমদ্ভুতম্ ॥১৯॥
তস্মিংস্তদা সতীং কান্তাং লোককান্তাং পরাং শুভাম্।
ধাত্রীং লোকস্য রমণীং লোকমাতরমচ্যুতাম্ ॥২০॥

ভারতকৌমুদী

বিবিক্ত ইতি। বিবিক্তে নির্জ্জনে। উদয়নঃ প্রতি উদয়দিশি। উদয়ন্তং তম্ অর্কম্ অভিতঃ সম্মুখদেশে। "তসোভয়াভিঃ পরিসর্বৈঃ" ইতি দ্বিতীয়া। অপরম্ অর্কমিব দদৃশাতে ॥১৫—১৬॥

আকাশ ইতি। উদ্ধতার্চ্চিঃসমপ্রভম্ উদয়মানসূর্য্যতুল্যপ্রভম্। পবমেব তয়োঃ সমীপং সংপ্রাপ্তং প্রত্যদৃশ্যত তাভ্যাম্ ॥১৭॥

তদিতি। সুপর্ণার্কাভ্যাং গরুডসূর্য্যাভ্যাং চরিতং প্রত্যহং গতম্, বৈষ্ণবং পদং গগনম্, আস্থিতমারূঢম্। ভাভির্দ্যুতিভিঃ, অপ্রতিমং তুলনারহিতঞ্চ তৎ জ্যোতিঃ ত্রৈলোক্যমবভাসয়ৎ ভাতি স্ম ॥১৮॥

ক্রমে ইন্দ্র ও নারদ সেই নির্জ্জন ও পবিত্রস্থানে থাকিয়া, পূর্ব্বদিকে আকাশে হৃষ্টচিত্তে দেখিতে লাগিলেন—উদয়মান সূর্য্যের সম্মুখে আর একটী সূর্য্যেব ন্যায় তেজোরাশিযুক্ত ও তেজস্বিগণশোভিত একটী তেজঃপুঞ্জ উদিত হইতেছে ॥১৫—১৬॥

ভরতনন্দন! ক্রমে তাঁহাবা দেখিলেন—উদয়মান সূর্য্যেব ন্যায় উজ্জ্বল একটী তেজঃপুঞ্জ আকাশ হইতে তাঁহাদেব নিকটে উপস্থিত হইতেছে ॥১৭॥

সেই তেজঃপুঞ্জ আপনার দীপ্তিতে অতুলনীয় ছিল এবং ত্রিভুবনই যেন প্রকাশ করিতে থাকিয়া, সূর্য্য ও গরুড়েব বিচবণস্থান আকাশে থাকিয়া শোভা পাইতেছিল ॥১৮॥

(১৫—১৬) ইদং শ্লোকদ্বয়ং পি বঙ্গ বর্দ্ধ নাস্তি।
(১৮) তৎসুপর্ণার্করচিতম্—বঙ্গ বর্দ্ধ নি।
(১৯—২০) ইদং শ্লোকদ্বয়ং পি বঙ্গ বর্দ্ধ নাস্তি।

দিব্যাভিরূপশোভাভিরপ্সরোভিঃ পুরস্কৃতাম্ ।
বৃহতীমংশুমৎপ্রখ্যা বৃহদ্ভানোরিবার্চ্চিষম্ ॥২১॥
নক্ষত্রকল্পাভরণাং তারাপঙ্‌ক্তিসমস্রজম্ ।
শ্রিয়ং দদৃশতুঃ পদ্মাং সাক্ষাৎপদ্মদলস্থিতাম্ ॥২২॥ (কলাপকম্)
সাবরুহ্য বিমানাগ্রাদঙ্গনানামনুত্তমা ।
অভ্যাগচ্ছত্ত্রিলোকেশং শক্রং চর্ষিঞ্চ নারদম্ ॥২৩॥
নারদানুগতঃ সাক্ষান্মঘবাংস্তামুপাগমৎ ।
কৃতাঞ্জলিপুটো দেবীং নিবেদ্যাত্মানমাত্মনা ॥২৪॥

ভারতকৌমুদী

তমিতি। তং তেজঃপুঞ্জম্, তৌ ইন্দ্রনারদৌ সংপ্রেক্ষমাণৌ আস্তামিতি শেষঃ। তস্মিন্ বিমানে, সতীং বিদ্যমানাম্, কান্তাং সুন্দরীম্, লোকৈঃ কান্তাম্ অভীষ্টাম্, ধাত্রীং রক্ষয়িত্রীম্, রমণীমানন্দদায়িত্রীম্, লোকমাতরং লক্ষ্মীম্। উপস্থিতা শোভা যাসাং তাভিঃ, অংশুমৎপ্রখ্যাং সূর্য্যতুল্যোজ্জ্বলাম্, বৃহদ্ভানোরগ্নেঃ, অর্চ্চিষং শিখামিব স্থিতাম্। নক্ষত্রকল্পানি নক্ষত্রবদুজ্জ্বলানি আভরণানি যস্যাস্তাম্, তারাপঙ্‌ক্তিসমা স্রক্ মালা যস্যাস্তাম্। শ্রিয়ং কান্তিমতীম্, পদ্মাং লক্ষ্মীম্, দদৃশতুঃ ইন্দ্রনারদৌ ॥১৯—২২॥

সেতি। অঙ্গনানাং মধ্যে ন বিদ্যতে উত্তমা যস্যাঃ সা ॥২৩॥

নারদেতি। মঘবান্ ইন্দ্রঃ। নিবেদ্য ইন্দ্রত্বেন বিজ্ঞাপ্য ॥২৪॥

বিক্রমশালী ইন্দ্র ও নারদ সেই তেজঃপুঞ্জ দেখিয়া কৃতাঞ্জলি হইয়া তাহার নিকটে গমন করিলেন। ক্রমে তাঁহারা দেখিলেন—অলৌকিক ও অদ্ভুত একখানি বিমান, তাহার মধ্যে কমনীয় মূর্ত্তি, জগতের অভীষ্টা, অত্যন্তমঙ্গলকারিণী, লোকের আনন্দদায়িনী ও রক্ষাকারিণী এবং নারায়ণগৃহিণী লক্ষ্মীদেবী রহিয়াছেন। তাঁহার পশ্চাদ্‌ভাগে মনোহরমূর্ত্তি স্বর্গীয় অপ্সরোগণ রহিয়াছে। তাঁহার আকৃতি বিশাল, সূর্য্যের ন্যায় উজ্জ্বল এবং অগ্নিশিখার ন্যায় তেজস্বিনী; আর সমস্ত অঙ্গে নক্ষত্রের ন্যায় অলঙ্কার, কণ্ঠদেশে নক্ষত্রশ্রেণীর ন্যায় সুন্দর হার শোভা পাইতেছে এবং পদ্মের উপরে তিনি অবস্থান করিতেছেন। এহেন পরমসুন্দরী লক্ষ্মীদেবীকে তাঁহারা প্রত্যক্ষ দর্শন করিলেন ॥১৯—২২॥

মহিলাশ্রেষ্ঠ সেই লক্ষ্মীদেবী বিমান হইতে অবতীর্ণ হইয়া ত্রিলোকাধিপতি ইন্দ্র ও দেবর্ষি নারদের নিকট আগমন করিতে লাগিলেন ॥২৩॥

এদিকে নারদের সহিত ইন্দ্রও কৃতাঞ্জলি হইয়া নিজেই নিজের পরিচয় দিয়া সেই লক্ষ্মীদেবীর নিকট উপস্থিত হইলেন ॥২৪॥

চক্রে চানুপমাং পূজাং তস্যাশ্চাপি স সর্ব্ববিৎ।
দেবরাজঃ শ্রিয়ং রাজন্! বাক্যং চেদমুবাচ হ ॥২৫॥
কা ত্বং কেন চ কার্য্যেণ সংপ্রাপ্তা চারুহাসিনি!।
কুতশ্চাগম্যতে সুভ্রু! গন্তব্যং ক্ব চ তে শুভে! ॥২৬॥

শ্রীরুবাচ।

পুণ্যেষু ত্রিষু লোকেষু সর্বে স্থাবরজঙ্গমাঃ।
মমাত্মভাবমিচ্ছন্তো যতন্তে পরমাত্মনা ॥২৭॥
সাহং বৈ পঙ্কজে জাতা সূর্য্যরশ্মিবিবোধিতে।
ভূত্যর্থং সর্বভূতানাং পদ্মা শ্রীঃ পদ্মমালিনী ॥২৮॥
অহং লক্ষ্মীরহং ভূতিঃ শ্রীশ্চাহং বলসূদন!।
অহং শ্রদ্ধা চ মেধা চ সন্নতির্বিজিতিঃ স্থিতিঃ ॥২৯॥

ভারতকৌমুদী

চক্র ইতি। তস্যাঃ পদ্মায়াঃ। বচির্দ্বিকর্ম্মকঃ ॥২৫॥

কেতি। কার্য্যেণ প্রয়োজনেন, সংপ্রাপ্তা আগতা ॥২৬॥

পুণ্যেষ্বিতি। আত্মভাবঃ স্বগৃহাদৌ স্বরূপেণ স্থিতিম্, পরমাত্মনা বিশেষযত্নেন ॥২৭॥

সেতি। সূর্য্যরশ্মিভিঃ বিবোধিতে বিকাশিতে। ভূত্যর্থং সম্পজ্জননার্থম্ ॥২৮॥

অহমিতি। ভূতিঃ সম্পৎ, শ্রীঃ শোভা। সন্নতিরুন্নতিঃ, বিজিতির্বিজয়ঃ, স্থিতিঃ সম্পন্নতন্নাবস্থানম্, এতেষাং হেতুবিত্যর্থঃ ॥২৯॥

রাজা! পরে সর্ব্বজ্ঞ ও দেবরাজ ইন্দ্র লক্ষ্মীদেবীর বিশেষ পূজা করিলেন এবং তাঁহাকে এই কথা বলিলেন—॥২৫॥

'চারুহাসিনি! কল্যাণি! সুভ্রু! আপনি কে? কোন্ প্রয়োজনে আসিয়াছেন? কোথা হইতেই বা আসিয়াছেন এবং কোথায়ই বা যাইবেন?' ॥২৬॥

লক্ষ্মীদেবী বলিলেন—'পবিত্র ত্রিভুবনে সমস্ত স্থাবর ও জঙ্গম প্রাণিগণ আমার অবস্থিতি কামনা করিয়া, পরম যত্নসহকারে বিভিন্ন কার্য্য করিবার চেষ্টা করে ॥২৭॥

আমি সমস্ত প্রাণীর সম্পদ্ সম্পন্ন করিবার নিমিত্ত সূর্য্যরশ্মিপ্রকাশিত পদ্মমধ্যে উৎপন্ন হইয়াছি এবং পদ্মমালা ধারণ করি। আমার নাম পদ্মা বা শ্রী ॥২৮॥

বলাসুরহন্তা ইন্দ্র! আমি লক্ষ্মী, আমি সম্পদ্, আমি শোভা, আমি শ্রদ্ধা এবং আমিই মেধা, উন্নতি, জয় ও স্থিতি ॥২৯॥

---

(২৮) .. সূর্য্যরশ্মিপ্রবোধিতে—নি।

অহং ধৃতিরহং সিদ্ধিরহং ত্বদ্ভূতিরেব চ।
অহং স্বাহা স্বধা চৈব সংস্তুতির্নিয়তিঃ কৃতিঃ ॥৩০॥
রাজ্ঞাং বিজয়মানানাং সেনাগ্রেষু ধ্বজেষু চ।
নিবাসে ধর্ম্মশীলানাং বিষয়েষু পুরেষু চ ॥৩১॥
জিতকাশিনি শূরে চ সংগ্রামেষ্বনিবর্ত্তিনি।
নিবসামি মনুষ্যেন্দ্রে সদৈব বলসূদন! ॥৩২॥ (যুগ্মকম্)
ধর্ম্মনিত্যে মহাবুদ্ধৌ ব্রহ্মণ্যে সত্যবাদিনি।
প্রশ্রিতে দানশীলে চ সদৈব নিবসাম্যহম্ ॥৩৩॥
অসুরেষ্ববসং পূর্ব্বং সত্যধর্ম্মনিবন্ধনা।
বিপরীতাংস্তু তান্ বুদ্ধা ত্বয়ি বাসমরোচয়ম্ ॥৩৮॥

শক্র উবাচ।

কথংবৃত্তেষু দৈত্যেষু ত্বমবাৎসীর্বরাননে!।
দৃষ্ট্বা চ কিমিহাগাস্ত্বং হিত্বা দৈতেয়দানবান্ ॥৩৫॥

ভারতকৌমুদী

অহমিতি। ত্বদ্ভূতিঃ ভবতঃ সম্পত্তিঃ। কৃতির্যত্নঃ ॥৩০॥
রাজ্ঞামিতি। বিষয়েষু রাজ্যেষু। জিতেন জয়েন কাশতে শোভত ইতি তস্মিন্ ॥৩১—৩২॥
ধর্ম্মেতি। ধর্ম্মো নিত্যো যস্য তস্মিন্, ব্রহ্মণ্যে তপস্বিনি। প্রশ্রিতে সর্ব্বভূতপ্রণয়শালিনি ॥৩৩॥
অসুরেম্বিতি। সত্যধর্ম্ম এব নিবন্ধনম্ আবদ্ধীকরণহেতুর্যস্যাঃ সা ॥৩৪॥
কথমিতি। কথং কীদৃশানি বৃত্তানি ব্যবহারা যেষাং তেষু। আগা আগতা ॥৩৫॥

আমি ধৈর্য্য, আমি সিদ্ধি, আমি আপনার সমৃদ্ধি এবং আমিই স্বাহা, স্বধা, স্তুতি, নিয়তি ও কৃতি ॥৩০॥

ইন্দ্র! আমি বিজয়ী রাজাদের সৈন্যসম্মুখে ও ধ্বজে, ধার্ম্মিকগণের গৃহে, রাজ্যে ও পুরে এবং বিজয়শোভী ও যুদ্ধে অপলায়ী মনুষ্যশ্রেষ্ঠ বীরগণে সর্ব্বদা বাস করি ॥৩১—৩২॥

সর্ব্বদা ধর্ম্মপরায়ণ, বুদ্ধিমান্, তপস্যানিরত, প্রণয়সম্পন্ন এবং দানশীল লোকেও আমি সর্ব্বদা বাস করি ॥৩৩॥

পূর্ব্বে অসুরগণের সত্যধর্ম্ম ছিল বলিয়া, আমি তাহাদের গৃহে বাস করিতাম; কিন্তু তাহার পরে তাহাদিগকে বিপরীত জানিয়া আপনার গৃহে বাস করিবার ইচ্ছা করিয়াছি' ॥৩৪॥

---

(৩০) অহং সংভূতিরেব চ। সন্নতির্নিয়তিঃ স্মৃতিঃ—বঙ্গ বর্দ্ধ।

শ্রীরুবাচ।
স্বধর্ম্মমনুতিষ্ঠৎসু ধৈর্য্যাদচলিতেষু চ।
স্বর্গমার্গাভিরামেষু সত্ত্বেষু নিরতা হ্যহম্ ॥৩৬॥
দানাধ্যয়নযজ্ঞেজ্যাপিতৃদৈবতপূজনম্।
গুরূণামতিথীনাঞ্চ তেষাং নিত্যমবর্ত্তত ॥৩৭॥
সুসংমৃষ্টগৃহাশ্চাসন্ জিতস্ত্রীকা হুতাগ্নয়ঃ।
গুরুশুশ্রূষকা দান্তা ব্রহ্মণ্যাঃ সত্যবাদিনঃ ॥৩৮॥
শ্রদ্দধানা জিতক্রোধা দানশীলানসূয়বঃ।
ভৃতপুত্রা ভৃত্যমাত্যা ভৃতদারা হ্যনীর্ষবঃ ॥৩৯॥

ভারতকৌমুদী

পূর্ব্বার্দ্ধোক্তবনাহ শ্লোকজাতেন। স্বেতি। স্বর্গমার্গে অভিবামো ধর্ম্মেণাভিলাষো যেষাং তেষু, সত্ত্বেষু প্রাণিষু ॥৩৬॥

দানেতি। সসোমকক্রতুর্যজ্ঞঃ, নিঃসোমকশ্চ ইজ্যা। গুরূণাম্ অতিথীনাঞ্চ পূজনমিত্যনুবৃত্তিঃ ॥৩৭॥

স্বিতি। সুসংমৃষ্টানি সুপবিষ্কৃতানি গৃহাণি যৈস্তে, জিতাঃ স্ত্রিয়ো যৈস্তে। দান্তা ইন্দ্রিয়দমনশীলাঃ, ব্রহ্মণ্যাস্তপস্তানিবতাঃ ॥৩৮॥

শ্রদিতি। শ্রদ্দধানা গুরুশাস্ত্রবাক্যেষু বিশ্বাসবন্তঃ। অনীর্ষব ঈর্ষ্যাশূন্যাঃ ॥৩৯॥

ইন্দ্র বলিলেন—'ববাননে! আপনি কীদৃশব্যবহারসম্পন্ন দৈত্যগণের গৃহে বাস কবিতেন এবং কি দেখিয়াই বা দৈত্য ও দানবগণকে পরিত্যাগ করিয়া, আমার গৃহে আসিয়াছেন?' ॥৩৫॥

লক্ষ্মী বলিলেন—'যাঁহাবা আপন ধর্ম্মেব অনুষ্ঠান কবেন, ধৈর্য্যচ্যুত হন না এবং ধর্ম্মে নিরত থাকেন, সেই সকল লোকেব গৃহেই আমি সর্ব্বদা অবস্থান করি ॥৩৬॥

পূর্ব্বে দৈত্যগণেব মধ্যে দান, অধ্যয়ন, যাগ, যজ্ঞ, পিতৃশ্রাদ্ধ, দেবপূজা, গুরুসেবা ও অতিথিসৎকাব নিত্যই অনুষ্ঠিত হইত ॥৩৭॥

পূর্ব্বে অসুবগণ বাসস্থান সুষ্ঠুভাবে পবিষ্কৃত কবিত, স্ত্রীদিগকে আয়ত্তে রাখিত, হোম কবিত এবং গুরুশুশ্রূষা, ইন্দ্রিয়দমন ও তপস্যা কবিত; আব সত্যবাদী ছিল ॥৩৮॥

আব তাহাবা পূর্ব্বে শাস্ত্রবাক্য ও গুরুবাক্যে বিশ্বাস কবিত, ক্রোধ দমন কবিতে পারিত, দানশীল ও অসূয়াশূন্য ছিল এবং পুত্র, কলত্র ও ভৃত্যগণকে ভরণপোষণ কবিত, আব কাহাবও প্রতি ঈর্ষ্যা কবিত না ॥৩৯॥

অমর্ষেণ ন চান্যোন্যং স্পৃহয়ন্তে কদাচন।
ন চ জাতূপতপ্যন্তি ধীরাঃ পরসমৃদ্ধিভিঃ ॥৪০॥
দাতারঃ সংগ্রহীতার আর্য্যাঃ করুণবেদিনঃ।
মহাপ্রসাদা ঋজবো দৃঢ়ভক্তা জিতেন্দ্রিয়াঃ ॥৪১॥
সন্তুষ্টভৃত্যসচিবাঃ কৃতজ্ঞাঃ প্রিয়বাদিনঃ।
যথার্হমানার্থকরা হ্রীনিষেবা যতব্রতাঃ ॥৪২॥
নিত্যং পর্বসু সুস্নাতাঃ স্বনুলিপ্তাঃ স্বলঙ্কৃতাঃ।
উপবাসতপঃশীলাঃ প্রতীতা ব্রহ্মবাদিনঃ ॥৪৩॥ (বিশেষকম্)
নৈতানভ্যুদিয়াৎ সূর্য্যো ন চাপ্যাসন্ প্রগেশয়াঃ।
রাত্রৌ দধি চ সক্তূংশ্চ নিত্যমেব ব্যবর্জয়ন্ ॥৪৪॥

ভারতকৌমুদী

অমর্ষেণেতি। অমর্ষেণ ক্রোধেন যুদ্ধাদিনা, স্পৃহয়ন্তে পরধনং কাময়ন্তে স্ম ॥৪০॥

দাতার ইতি। সংগ্রহীতারঃ প্রণয়েন সহায়সংগ্রহকারিণঃ, আর্য্যাঃ সজ্জনাঃ, করুণবেদিনো দয়াভিজ্ঞাঃ। মহাপ্রসাদাঃ পরেষু বিশেষানুগ্রহকারিণঃ, ঋজবঃ সরলাঃ, দৃঢ়ভক্তা গুরুষু। সন্তুষ্টা ভৃত্যাঃ সচিবাশ্চ যেষু তে। যথার্হং যথাযোগ্যং মানং পরেষাং সম্মানম্ অর্থং কার্য্যঞ্চ কুর্ব্বন্তীতি তে, হ্রিয়ং লজ্জাং নিষেবন্ত ইতি তে, যতব্রতা দৃঢ়নিয়মাঃ। পর্ব্বসু সংক্রান্ত্যাদিষু। প্রতীতা বিশ্বস্তা আসন্নিতি শেষঃ ॥৪১—৪৩॥

নেতি। এতান্ শয়িতান্ অসুরান্ অভি লক্ষ্যীকৃত্য সূর্য্যো নোদিয়াৎ। যেন হি তে প্রগে প্রাতঃ শেরত ইতি প্রগেশয়াশ্চ নাপ্যাসন্ ॥৪৪॥

ধীরপ্রকৃতি অসুরেরা তৎকালে কখনও ক্রোধপ্রযুক্ত পরস্পর ধনগ্রহণের কামনা করিত না কিংবা পরের সমৃদ্ধি দেখিয়া কখনও সন্তপ্ত হইত না ॥৪০॥

তৎকালে তাহারা দাতা, সহায়সংগ্রহকারী, সজ্জন, দয়ালু, অনুগ্রহপরায়ণ, সরলপ্রকৃতি, গুরুজনের প্রতি দৃঢ়ভক্তিসম্পন্ন, কৃতজ্ঞ, প্রিয়বাদী, লজ্জাশীল ও দৃঢ়নিয়মপরায়ণ ছিল। ভৃত্য ও মন্ত্রিগণ তাহাদের উপরে সন্তুষ্ট থাকিত; তাহারাও যোগ্যতানুসারে লোকের সম্মান ও কার্য্য করিত। পর্ব্বকালে বিশেষভাবে স্নান, অনুলেপন ও অলঙ্কার ধারণ করিত; আর তাহারা তৎকালে উপবাস ও তপস্যাপরায়ণ, সকলের বিশ্বাসের পাত্র ও বেদবক্তা ছিল ॥৪১—৪৩॥

সেই সময়ে অসুরেরা প্রাতঃকালে নিদ্রিত থাকিত না; সুতরাং সূর্য্যও তাহাদের নিদ্রাভঙ্গের পূর্ব্বে উদয় পাইতেন না এবং তাহারা সর্ব্বদাই রাত্রিতে দধি ও সক্তু (ছাতু) ভোজন বর্জ্জন করিত ॥৪৪॥

কল্যং ঘৃতঞ্চান্ববৈক্ষন্ প্রয়তা ব্রহ্মবাদিনঃ।
মঙ্গলান্যপি চাপশ্যন্ ব্রাহ্মণাংশ্চাপ্যপূজয়ন্ ॥৪৫॥
সদা হি বদতাং ধর্ম্মং সদা চাপ্রতিগৃহ্নতাম্।
অর্দ্ধঞ্চ রাত্র্যাঃ স্বপতাং দিবা চাস্বপতাং তথা ॥৪৬॥
কৃপণানাথবৃদ্ধানাং দুর্ব্বলাতুরযোষিতাম্।
দয়াঞ্চ সংবিভাগঞ্চ নিত্যমেবানুমোদতাম্ ॥৪৭॥ (যুগ্মকম্)
ত্রস্তং বিষণ্ণমুদ্বিগ্নং ভয়ার্ত্তং ব্যাধিতং কৃশম্।
হৃতস্বং ব্যসনার্ত্তঞ্চ নিত্যমাশ্বাসয়ন্তি তে ॥৪৮॥
ধর্ম্মমেবান্ববর্ত্তন্ত ন হিংসন্তি পরস্পরম্।
অনুকূলাশ্চ কার্য্যেষু গুরুবৃদ্ধোপসেবিনঃ ॥৪৯॥

ভারতকৌমুদী

কল্যমিতি। কল্যম্ উষঃকালং প্রাপ্য। প্রয়তাঃ শুদ্ধাঃ। মঙ্গলানি ব্রাহ্মণগবাদীনি। তথা চ শুদ্ধিতত্ত্বধৃতবচনম্—"লোকেঽস্মিন্মঙ্গলান্যষ্টৌ ব্রাহ্মণো গৌর্হুতাশনঃ। হিরণ্যং সর্পিরাদিত্য আপো রাজা তথাষ্টমঃ॥ এতানি সততং পশ্যেন্নমস্যেদর্চ্চয়েত্তু যঃ। প্রদক্ষিণঞ্চ কুর্ব্বীত তস্য চায়ুর্ন হীয়তে॥" ॥৪৫॥

সদেতি। অর্দ্ধং প্রাপ্যৈব সংবিভাগং সম্যগ্‌বিভজ্য খাদ্যাদিদানম্। অনুমোদতাম্ অনুমন্যমানানামসুরাণাং গৃহে অবসমিতি শেষঃ ॥৪৬—৪৭॥

ত্রস্তমিতি। হৃতস্বম্ অপহৃতধনম্। ব্যসনার্ত্তং বিপৎপীড়িতম্ ॥৪৮॥

ধর্ম্মমিতি। কার্য্যেষু কর্ত্তব্যেষু বিষয়েষু অনুকূলাশ্চ আসন্ ॥৪৯॥

আর তাহারা সেই সময়ে প্রাতঃকালে ঘৃতদর্শন করিত, বিশুদ্ধ থাকিত, বেদের আলোচনা করিত এবং মাঙ্গলিকপদার্থদর্শন ও ব্রাহ্মণগণের সম্মান করিত ॥৪৫॥

সর্ব্বদা ধর্ম্মের আলোচনা করিত, কখনও প্রতিগ্রহ করিত না, অর্দ্ধরাত্রির পূর্ব্বেই নিদ্রা যাইত এবং দিনে নিদ্রা যাইত না; আর তাহারা সর্ব্বদাই দরিদ্র, অনাথ, বৃদ্ধ, দুর্ব্বল ও রোগী স্ত্রীলোকদের উপরে দয়া ও উপযুক্ত খাদ্যবস্তু প্রদান করিত ॥৪৬—৪৭॥

পূর্ব্বে অসুরেরা ত্রস্ত, বিষণ্ণ, উদ্বিগ্ন, ভয়ার্ত্ত, রোগগ্রস্ত, ক্ষীণদেহ, হৃতধন ও বিপন্ন ব্যক্তিগণকে সর্ব্বদাই আশ্বস্ত করিত ॥৪৮॥

তাহারা তৎকালে ধর্ম্মেরই অনুসরণ করিত, পরস্পর হিংসা করিত না, কর্ত্তব্যকার্য্যে অনুকূল থাকিত এবং গুরুজন ও বৃদ্ধজনের সেবা করিত ॥৪৯॥

---

(৪৭) নিত্যমেবানুমোদতাম্—নি।

পিতৄন্ দেবাতিথীংশ্চৈব যথাবত্তেঽভ্যপূজয়ন্।
অবশেষাণি চাশ্নন্তি নিত্যং সত্যতপোধৃতাঃ ॥৫০॥
নৈকেঽশ্নন্তি সুসম্পন্নং ন গচ্ছন্তি পরস্ত্রিয়ম্।
সর্ব্বভূতেষ্ববর্ত্তন্ত যথাত্মনি দয়াং প্রতি ॥ ১॥
নৈবাকাশে ন পশুষু বিযোনৌ ন চ পর্বসু।
ইন্দ্রিয়স্য বিসর্গং তে রোচয়ন্তি কদাচন ॥৫২॥
নিত্যং দানং তথা দাক্ষ্যমার্জ্জবঞ্চৈব নিত্যদা।
উৎসাহোঽথানহঙ্কারঃ পরমং সৌহৃদং ক্ষমা ॥৫৩॥
সত্যং দানং তপঃ শৌচং কারুণ্যং বাগনিষ্ঠুরা।
মিত্রেষু চানভিদ্রোহঃ সর্বং তেষ্বভবৎ প্রভো। ॥ ৪॥ (যুগ্মকম্)
নিদ্রা তন্দ্রীরসম্প্রীতিরসূয়ার্থানবেক্ষিতা।
অরতিশ্চ বিষাদশ্চ স্পৃহা চাপ্যবিশন্ন তান্ ॥৫৫॥

ভারতকৌমুদী

পিতৄনিতি। অবশেষাণি ভুক্তাবশিষ্টানি, অশ্নন্তি ভুঞ্জতে স্ম ॥৫০॥
নেতি। সুসম্পন্নং সুপক্কং পায়সাদিকম্। দয়াং প্রতি দয়াবিষয়ে ॥৫১॥
নেতি। ইন্দ্রিয়স্য রেতসঃ, বিসর্গং ত্যাগম্ ॥৫২॥
নিত্যমিতি। আর্জ্জবং সরলতা। কারুণ্যং দয়া ॥৫৩—৫৪॥
নিদ্রেতি। তন্দ্রীস্তন্দ্রা, অসংপ্রীতিরসন্তোষঃ, অনবেক্ষিতা পরিজনান্ প্রত্যৌদাসীন্যম্। অরতিঃ সুহৃৎস্বননুরাগঃ, স্পৃহা পরধনাদৌ লোভঃ ॥৫৫॥

আর তাহারা সেই সময়ে যথানিয়মে দেবতা, পিতৃলোক ও অতিথিদিগের সেবা করিত এবং তাঁহাদের ভুক্তাবশিষ্ট দ্রব্য ভোজন করিত; আর সর্ব্বদাই সত্যপরায়ণ ও তপোনিষ্ঠ ছিল ॥৫০॥

তৎকালে তাহারা একাকী মিষ্টদ্রব্য ভোজন করিত না কিংবা পরস্ত্রী গমন করিত না এবং যেমন নিজের প্রতি, তেমন সর্ব্বভূতের প্রতি দয়া করিত ॥৫১॥

তাহারা সেই সময়ে কখনও শূন্যে, পশুযোনিতে, বিরুদ্ধযোনিতে কিংবা পর্ব্বকালে শুক্রত্যাগ করিবার ইচ্ছা করিত না ॥৫২॥

দেবরাজ! তৎকালে সর্ব্বদা দান, কার্য্যনৈপুণ্য, সরলতা, উৎসাহ, অহঙ্কারশূন্যতা, পরমসৌহার্দ্দ, ক্ষমা, সত্য, ত্যাগ, তপস্যা, শৌচ, দয়া, কোমলবাক্য ও মিত্রের অদ্রোহ—এই সমস্ত গুণই তাহাদের ছিল ॥৫৩—৫৪॥

সাহমেবংগুণেষ্বেব দানবেষ্ববসং পুরা।
প্রজাসর্গমুপাদায় নৈকং যুগবিপর্য্যয়ম্ ॥৫৬॥
ততঃ কালবিপর্য্যাসে তেষাং গুণবিপর্য্যয়াৎ।
অপশ্যং নির্গতং ধর্ম্মং কামক্রোধবশাত্মনাম্ ॥৫৭॥
সভাসদাঞ্চ বৃদ্ধানাং সতাং কথয়তাং কথাঃ।
প্রাহসন্নভ্যসূয়ংশ্চ সর্ববৃদ্ধান্ গুরূন্ পরান্ ॥৫৮॥
যুবানশ্চ সমাসীনা বৃদ্ধানভিগতান্ সতঃ।
নাভ্যুত্থানাভিবাদাভ্যাং যথাপূর্ব্বমপূজয়ন্ ॥৫৯॥
বর্ত্তযত্যেব পিতরি পুত্রঃ প্রভবতে তথা।
অমিত্রভৃত্যতাং প্রাপ্য খ্যাপয়ন্ত্যনপত্রপাঃ ॥৬০॥

ভাবতকৌমুদী

সেতি। প্রজাসর্গং লোকসৃষ্টিম্, উপাদায় আরভ্য অবসম্, কিন্তু একং যুগবিপর্য্যয়ং যুগাতিক্রমমারভ্য নাবসম্ ॥৫৬॥

তত ইতি। কামক্রোধবশাত্মনাং তেষাম্ অসুরাণাম্ ॥৫৭॥

ইদানীং গুণবিপর্য্যয়মাহ সভেতি। অভ্যসূয়ন্ দোষাবিষ্কারবিষয়ান্ অকুর্ব্বন্ অসুরাঃ ॥৫৮॥

যুবান ইতি। অভিগতান্ উপস্থিতান্। যথাপূর্ব্বং পূর্ব্ববৎ ॥৫৯॥

তৎকালে অসুরগণের নিদ্রা, তন্দ্রা, অসন্তোষ, অসূয়া, পরিজনগণের প্রতি ঔদাসীন্য, সুহৃদ্গণের প্রতি বিরক্তি, বিবাদ এবং পরধনে লোভ উপস্থিত হইত না ॥৫৫॥

একযুগ অতিক্রমমাত্র নহে, সেই সৃষ্টিকাল হইতেই আমি এইরূপ গুণসম্পন্ন অসুরগণের গৃহে বাস করিতাম ॥৫৬॥

তাহার পর কালের পরিবর্ত্তন হইলে, অসুরগণেরও গুণের পরিবর্ত্তন হইল। তখন আমি দেখিলাম—তাহারা কাম ও ক্রোধের বশীভূত হইয়া পড়িতেছে এবং তাহাদের মধ্য হইতে ধর্ম্মও নির্গত হইয়া গিয়াছে ॥৫৭॥

বৃদ্ধ ও সাধু সভ্যগণ নানাবিষয়ের আলোচনা করিতে থাকিলে, নব্যেরা সেই সমস্ত বৃদ্ধ ও গুরুজনদিগকে লক্ষ্য করিয়া হাস্য করিতে লাগিল এবং তাঁহাদের দোষাবিষ্কার করিতে থাকিল ॥৫৮॥

বৃদ্ধেরা উপস্থিত হইলেও যুবকেরা উপবিষ্টই থাকিত; কিন্তু পূর্ব্বের ন্যায় আর গাত্রোত্থান ও অভিবাদন করিয়া তাঁহাদের সম্মান করিত না ॥৫৯॥

(৫৮) সর্ব্ববৃদ্ধান্ গুণাবরাঃ—বঙ্গ।
(৬০) অভৃত্যা ভৃত্যতাং প্রাপ্য—বঙ্গ।

তথা ধর্ম্মাদপেতেন কর্ম্মণা গর্হিতেন যে।
মহতঃ প্রাপ্নুবন্ত্যর্থাংস্তেষাং তত্রাভবৎ স্পৃহা ॥৬১॥
উচ্চৈশ্চাভ্যবদন্ রাত্রৌ নীচৈস্তত্রাগ্নিরজ্বলৎ।
পুত্রাঃ পিতৄনত্যচরন্নার্য্যশ্চাত্যচরন্ পতীন্ ॥৬২॥
মাতরং পিতরং বৃদ্ধমাচার্য্যমতিথিং গুরুম্।
গুরুত্বান্নাভ্যনন্দন্ত কুমারান্নান্বপালয়ন্ ॥৬৩॥
ভিক্ষাং বলিমদত্ত্বা চ স্বয়মন্নানি ভুঞ্জতে।
অনিষ্ট্বাহসংবিভজ্যাথ পিতৃদেবাতিথীন্ গুরূন্ ॥৬৪॥

ভাবতকৌমুদী

বর্ত্তয়তীতি। বর্ত্তয়তি বিদ্যমানে সতি, প্রভবতে প্রভুর্ভবতি স্ম। অমিত্রাণাং শত্রূণাং ভৃত্যতাং প্রাপ্য, অনপত্রপা নির্লজ্জা এব খ্যাপয়ন্তি স্বপ্রভুত্বং প্রকাশয়ন্তি স্ম ॥৬০॥

তথেতি। মহতঃ প্রচুরান্, অর্থান্ ধনানি, তত্র কর্ম্মণি ॥৬১॥

উচ্চৈরিতি। অভ্যবদন্ বাক্যান্যকথয়ন্। তেন চ পরেষাং নিদ্রাব্যাঘাতাৎ পাপোৎপত্তিরিতি ভাবঃ। তত্রাসুরগৃহেষু, অগ্নির্নীচৈরল্পম্ অজ্বলৎ আর্দ্রেন্ধনলগ্নত্বাৎ। তেষামালস্যং তদাসীদিত্যাশয়ঃ ॥৬২॥

মাতরমিতি। নাভ্যনন্দন্ত নাপূজয়ন্, কুমারান্ শিশূন্ ॥৬৩॥

ভিক্ষামিতি। বলিং শিবোপহারাদিকম্। অনিষ্ট্বা অপূজয়িত্বা, অসংবিভজ্য বিভজ্যোপহারাদিকমদত্ত্বা ॥৬৪॥

পিতা বিদ্যমান থাকিতে পুত্র প্রভু হইতে লাগিল এবং তাহারা শত্রুর ভৃত্য হইয়াও নির্লজ্জভাবে নিজেদের প্রভুত্ব প্রকাশ করিতে থাকিল ॥৬০॥

যাহারা ধর্ম্মভ্রষ্ট ও গর্হিতকার্য্যদ্বারা প্রচুর ধন উপার্জ্জন করিত, তাহাদের সেই কার্য্যের প্রতি অসুরদের ইচ্ছা জন্মিতে লাগিল ॥৬১॥

অসুরেরা রাত্রিতে উচ্চস্বরে কথা বলিতে থাকিল এবং তাহাদের গৃহে অগ্নি অল্প অল্প জ্বলিতে লাগিল; আর পুত্রেরা পিতার উপরে এবং ভার্য্যারা পতির উপরে অত্যাচার করিতে আরম্ভ করিল ॥৬২॥

ক্রমে অসুরেরা মাতা, পিতা, বৃদ্ধ, আচার্য্য, অতিথি ও অন্যান্য গুরুজনের সম্মান করিতে থাকিল না এবং বালকদিগকে প্রতিপালন করিতে লাগিল না ॥৬৩॥

প্রার্থীকে ভিক্ষা বা শিবাপ্রভৃতিকে বলি না দিয়া কিংবা দেবতা, পিতৃলোক, গুরু ও অতিথিদিগের সম্মান ও সৎকার না করিয়া, নিজেরা অন্নভোজন করিতে লাগিল ॥৬৪॥

ন শৌচমন্বরুদ্ধ্যন্ত তেষাং সূদজনাস্তথা।
মনসা কর্ম্মণা বাচা ভক্ষ্যমাসীদনাবৃতম্ ॥৬৫॥
বালানাং প্রেক্ষমাণানাং ভক্তান্যশ্নন্তি মোহিতাঃ।
একো দাসোঽভবত্তেষাং তেষাং দাসীদ্বয়ং তথা ॥৬৬॥
ত্রিগবা দানবাঃ কেচিচ্চতুরজাস্তথা পরে।
ষড়শ্বাঃ সপ্তমাতঙ্গাঃ পঞ্চমাহিষিকাঃ পরে ॥৬৭॥
রাত্রৌ দধি চ সক্তূংশ্চ নিত্যমেবাবিবর্জিতাঃ।
অন্তর্দশাহে চাশ্নন্তি গবাং ক্ষীরং বিচেতনাঃ ॥৬৮॥

ভারতকৌমুদী

নেতি। তেষামসুরাণাম্, সূদজনাঃ পাচকলোকাঃ। মনসা কর্ম্মণা বাচা চ, শৌচং পবিত্রতাম্, নান্বরুদ্ধ্যন্ত নাবতিষ্ঠন্। ভক্ষ্যমন্নাদিকম্ অনাবৃতমনাচ্ছাদিতঞ্চাসীৎ ॥৬৫॥

বালানামিতি। প্রেক্ষমাণান্ বালান্ অনাদৃত্য ইত্যর্থঃ, ভক্তানি অন্নানি। দাসস্ত্বেকস্মে দাস্যোশ্চ দ্বিত্বে তয়োঃ সাপত্ন্যকলহ ইতি ভাবঃ ॥৬৬॥

ত্রীতি। ত্রিস্রো গাবো যেষাং তে, চত্বার অজাশ্ছাগা যেষাং তে, পঞ্চ মাহিষিকা মহিষা যেষাং তে ॥৬৭॥

রাত্রাবিতি। অবিবর্জিতান বিবর্জিতবন্তঃ। তেন চ তেষাং স্বাস্থ্যভঙ্গসম্ভব ইতি ভাবঃ। অন্তর্দশাহে প্রসবাবধিদশাহমধ্যে। তদানীং তৎক্ষীরপাননিষেধাদ্দোষ ইতি ভাবঃ ॥৬৮॥

তাহাদের পাচকেরা মন, কর্ম্ম বা বাক্য—ইহার কোনটাদ্বারাই পবিত্রতার অনুষ্ঠান করিতে লাগিল না এবং তাহাদের খাদ্যবস্তু সকল অনাবৃত অবস্থায় থাকিতে লাগিল ॥৬৫॥

ক্রমে বালকেরা দাঁড়াইয়া দেখিতেছে এই অবস্থাতেই অসুরেরা উত্তম খাদ্যবস্তু ভোজন করিতে থাকিল, আর তাহারা একটী করিয়া দাস ও দুইটী করিয়া দাসী রাখিতে আরম্ভ করিল ॥৬৬॥

কতকগুলি অসুরের তিনটী করিয়া গরু থাকিত, অন্যান্যের চারিটী করিয়া ছাগল রহিত, অনেকে ছয়টী অশ্ব পোষণ করিত, বহু অসুর সাতটী হাতী রাখিত, আবার কেহ কেহ পাঁচটী মহিষ পালন করিত ॥৬৭॥

বিবেকবিহীন অসুরেরা প্রত্যেক দিনই রাত্রিতে দধি ও সক্তু ভোজন করিতে থাকিল এবং গরুর প্রসবের দশ দিনের মধ্যেই তাহাদের দুগ্ধ পান করিতে লাগিল ॥৬৮॥

(৬৬) ইতঃপ্রভৃতি ত্রয়োদশশ্লোকাঃ পি বঙ্গ বর্দ্ধ ন সন্তি।

ক্রমদোহং ন কুর্ব্বন্তি বৎসাঃ স্তন্যানি ভুঞ্জতে।
অনাথাং কৃপণাং ভার্য্যাং ঘ্নন্তি নিত্যং শপন্তি চ ॥৬৯॥
শূদ্রান্নপুষ্টা বিপ্রাস্তু নির্লজ্জাশ্চ ভবন্ত্যত।
সঙ্কীর্ণানি চ ধান্যানি নাত্যবেক্ষৎ কুটুম্বিনী ॥৭০॥
মার্জ্জারকুক্কুটশ্বানৈঃ ক্রীড়াং কুর্ব্বন্তি মানবাঃ।
গৃহে কণ্টকিনো বৃক্ষাস্তথা নিষ্পাববল্লরী ॥৭১॥
যজ্ঞিয়াশ্চ তথা বৃক্ষাস্তেষামাসন্ দুরাত্মনাম্।
কূপস্নানরতা নিত্যং পর্ব্বমৈথুনগামিনঃ ॥৭২॥
তিলানশ্নন্তি রাত্রৌ চ তৈলাভ্যক্তাশ্চ শেরতে।
বিভীতককরঞ্জানাং ছায়ামূলনিবাসিনঃ ॥৭৩॥

ভাবতকৌমুদী

ক্রমেতি। ক্রমদোহং ন কুর্ব্বন্তি একদৈব গবাং দোহনং কুর্ব্বন্তীত্যর্থঃ। তেন চ বৎসাঃ স্তন্যানি তাসামেব গবাং দুগ্ধানি ন ভুঞ্জতে। তেন চ ম্রিয়ন্ত ইত্যাশয়ঃ। ঘ্নন্তি প্রহরন্তি ॥৬৯॥

শূদ্রেতি। সঙ্কীর্ণানি তিলমুদ্গাদিভিঃ সহ মিশ্রিতানি, কিন্তু কুটুম্বিনী গৃহিণী নাত্যবেক্ষৎ বিশেষেণ তন্ন পর্য্যবৈক্ষত ॥৭০॥

মার্জ্জারেতি। শ্বান ইতি প্রজ্ঞাদিত্বাৎ স্বার্থে অণ্। কণ্টকিনো মন্দারাদয়ঃ, নিষ্পাববল্লরী নিষ্পাবায় গৃহাঙ্গণপরিষ্কারায় বল্লরী তুলস্যাদিমঞ্জরী তৈর্ব্যবহৃতা ইতি শেষঃ। "নিষ্পাবঃ পবনে পবঃ" ইত্যমরঃ ॥৭১॥

যজ্ঞিয়া ইতি। যজ্ঞিয়া বিল্বাদয়ো বৃক্ষাস্তেষাং প্রশাখা নিষ্পাবায় আসন্ ॥৭২॥

তাহারা একদাই ধেনুগণের দুগ্ধ দোহন করিতে লাগিল; তাহাতে বৎসগুলি আর দুগ্ধ পান করিতে পারিত না। এবং তাহারা অনাথা ও দুর্ব্বলা ভার্য্যাকে সর্ব্বদা প্রহার ও গালিদান করিতে লাগিল ॥৬৯॥

তৎকালে ব্রাহ্মণেরা শূদ্রান্নে পরিপুষ্ট ও লজ্জাহীন হইতে লাগিলেন এবং তাঁহাদের গৃহিণীরা তিল, মুগ ও ধান পরস্পর মিশ্রিত হইতে থাকিলেও সেদিকে বিশেষ দৃষ্টিপাত করিতে থাকিলেন না। ॥৭০॥

মানুষেরা বিড়াল, কুক্কুট ও কুক্কুরের সহিত খেলা করিতে আরম্ভ করিল এবং তাহাদের বাসভবনের নিকটে কণ্টকীবৃক্ষ সকল উৎপন্ন হইতে লাগিল এবং তাহারা তুলসীপ্রভৃতির মঞ্জরীদ্বারা গৃহ পরিষ্কার করিতে থাকিল ॥৭১॥

অনেকে যজ্ঞীয়বৃক্ষের শাখাপ্রশাখাদ্বারাও গৃহ পরিষ্কার করিতে আরম্ভ করিল, আবার অনেকে প্রত্যহ কূপজলে স্নান করিতে থাকিল এবং বহু লোক পর্ব্বকালে স্ত্রীসংসর্গ করিতে প্রবৃত্ত হইল ॥৭২॥

করবীরঞ্চ তে পুষ্পং ধারয়ন্তি চ মোহিতাঃ।
পদ্মবীজানি খাদন্তি পুষ্পং জিঘ্রন্তি মোহিতাঃ ॥৭৪॥
ন ভোক্ষ্যন্তি তথা নিত্যং দৈত্যাঃ কালেন মোহিতাঃ।
নিন্দন্তি স্তবনং বিষ্ণোস্তস্য নিত্যদ্বিষো জনাঃ ॥৭৫॥
হোমধূমো ন তত্রাসীদ্বেদঘোষস্তথৈব চ।
যজ্ঞাশ্চ ন প্রবর্ত্তন্তে যথাপূর্ব্বং গৃহে গৃহে ॥৭৬॥
শিষ্যশ্চার্য্যক্রমো নাসীৎ পুত্রৈরাত্মপিতুঃ পিতা।
বিষ্ণুং ব্রহ্মণ্যদেবেশং হিত্বা পাষণ্ডমাশ্রিতাঃ ॥৭৭॥
হব্যকব্যবিহীনাশ্চ জ্ঞানাধ্যয়নবর্জ্জিতাঃ।
দেবস্বাদানরুচয়ো ব্রহ্মস্বরুচয়স্তথা।
স্তুতিমঙ্গলহীনানি দেবস্থানানি সর্বশঃ ॥৭৮॥

ভাবতকৌমুদী

তিলানিতি। বিভীতকাদিছায়ামূলনিবাসে স্বাস্থ্যহানিবিত্যাশয়ঃ ॥৭৩॥

কববীবমিতি। অত্রাপি পূর্ব্ববদ্ভাবঃ ॥৭৪॥

নেতি। ন ভোক্ষ্যন্তি বাজ্যং ন পালয়িষ্যন্তি। তত্র হেতুর্নিন্দতীত্যাদিঃ ॥৭৫॥

হোমেতি। বেদঘোষো বেদপাঠধ্বনিঃ ॥৭৬॥

শিষ্য ইতি। আর্য্যস্য সজ্জনস্যেব ক্রমো গুরুশুশ্রূষাদিনিয়মো যস্য সঃ, পুত্রৈঃ আত্মপিতুঃ পিতা পিতৃত্বমিব আশ্রীয়ত ইতি শেষঃ। পাষণ্ডং বিকৃতবেশাদির্ধর্ম্মম্ ॥৭৭॥

বহু অসুব বাত্রিতে তিল ভক্ষণ কবিতে আবম্ভ কবিল, অনেকে তৈলাভ্যক্ত হইয়া শযন কবিতে থাকিল এবং অনেক অসুব বিভীতক কবঞ্জবৃক্ষেব ছায়ায় ও মূলে বাস কবিতে আবম্ভ কবিল ॥৭৩॥

বিকৃতচিত্ত অসুবেবা কববীব পুষ্প ধাবণ, পদ্মবীজ ভক্ষণ এবং কববীব পুষ্পেবই আঘ্রাণ কবিতে লাগিল ॥৭৪॥

মুগ্ধ অসুবেবা কোন কালেই আব সর্ব্বদা বাজ্যভোগ কবিতে পারিবে না। কাবণ, তাহাবা সর্ব্বদাই বিষ্ণুব বিদ্বেষ কবে এবং তাঁহার স্তবেব নিন্দা কবিযা থাকে ॥৭৫॥

অসুবদেব প্রত্যেক গৃহে আব পূর্ব্বেব ন্যায হোমেব ধূম, বেদধ্বনি বা যজ্ঞ হয় না ॥৭৬॥

শিষ্যেবা আব সজ্জনেব নিযম পালন কবে না, পুত্রেবা নিজের পিতার উপবে তাঁহাব পিতাব ন্যায় ব্যবহাব কবে এবং প্রায অসুবই ব্রহ্মণ্যদেব বিষ্ণুকে পবিত্যাগ কবিয়া পাষণ্ডেব আচাব গ্রহণ কবিয়াছে ॥৭৭॥

বিপ্রকীর্ণানি ধান্যানি কাকমূষিকভোজনম্।
অপাবৃতং পয়োঽতিষ্ঠদুচ্ছিষ্টাস্পৃশন্ ঘৃতম্ ॥৭৯॥
কুদ্দালং দাত্রপিটকং প্রকীর্ণং কাংস্যভোজনম্।
দ্রব্যোপকরণং সর্বং নান্ববৈক্ষৎ কুটুম্বিনী ॥৮০॥
প্রাকারাগারবিধ্বংসান্ন স্ম তে প্রতিকুর্বতে।
ক্ষুদ্রাঃ সংস্কারহীনাশ্চ নার্য্যো হ্যুদরপোষণাঃ ॥৮১॥
শৌচাচারপরিভ্রষ্টা নির্লজ্জা ভোগবঞ্চিতাঃ।
উভাভ্যামেব পাণিভ্যাং শিরঃকণ্ডূয়নান্বিতাঃ ॥৮২॥

ভাবতকৌমুদী

হব্যেতি। "হব্যকব্যে দৈবপৈত্র্যে" ইত্যমবঃ। দেবস্বাদানে দেবধনগ্রহণে রুচির্যেষাং তে ব্রহ্মস্বরুচয়ো ব্রাহ্মণধনগ্রহণাভিলাষাঃ। ষট্‌পাদোঽয়ং শ্লোকঃ ॥৭৮॥

বিপ্রেতি। বিপ্রকীর্ণানি ইতস্ততো বিক্ষিপ্তানি। অতএব তেষাং কাকমূষিকৈর্ভোজনমভবৎ। অপাবৃতম্ অনাচ্ছাদিতম্ ॥৭৯॥

কুদ্দালমিতি। দাত্রাণাং দাত্রাদীনামস্ত্রাণাং পিটকং মঞ্জুষাম্, প্রকীর্ণম্ ইতস্ততো বিক্ষিপ্তম্, ভুজ্যতে অস্মিন্নিতি ভোজনম্। কাংস্যভোজনং কাংস্যপাত্রম্ ॥৮০॥

প্রাকাবেতি। ক্ষুদ্রা নীচাশয়াঃ, সংস্কাবহীনা গাত্রমার্জ্জনাদিশূন্যাঃ ॥৮১॥

শৌচেতি। অসুরা আসন্নিতি শেষঃ ॥৮২॥

বহু অসুরই হব্য, কব্য, জ্ঞান ও অধ্যযন বর্জ্জন কবিয়াছে, দেবতাব ধন ও ব্রাহ্মণেব ধন লইবাব ইচ্ছা করে এবং তাহাদেব দেবস্থান সকল স্তব ও মাঙ্গলিক কার্য্যবিহীন হইয়া পড়িয়াছে ॥৭৮॥

তাহাদেব গৃহে ধান্যাদি শস্য বিকীর্ণ থাকে এবং তাহা কাক ও মূষিকগণ ভক্ষণ কবে এবং দুগ্ধ অনাবৃত থাকে, আব তাহারা উচ্ছিষ্টমুখে ঘৃত স্পর্শ কবে ॥৭৯॥

কুদ্দাল, দাত্রপ্রভৃতি অস্ত্রেব পিটক (পেট্‌রা), কাংস্যপাত্র এবং সমস্ত উপকবণ দ্রব্য ইতস্ততঃ বিক্ষিপ্ত থাকে, কিন্তু গৃহিণীবা সেদিকে দৃষ্টিপাত কবে না ॥৮০॥

প্রাচীব ও গৃহ নষ্ট হইতেছে, কিন্তু অসুবেবা সেগুলিব সংস্কাব কবে না এবং তাহাদেব স্ত্রীলোকেবা নীচপ্রবৃত্তি হইয়া পড়িয়াছে এবং গাত্রসংস্কাব কবে না, অথচ নিজের উদবই পোষণ কবে ॥৮১॥

ক্রমে অসুবেবা শৌচ ও আচাবপরিভ্রষ্ট, নির্লজ্জ এবং ভোগবঞ্চিত হইতে লাগিল; আব তাহাবা দুই হস্তদ্বারাই মস্তক কণ্ডূয়ন কবিতে আবম্ভ কবিল ॥৮২॥

---

(৮১) দ্বিতীয়ার্দ্ধাদারভ্য ত্রয়ঃ শ্লোকাঃ পি বঙ্গ বর্দ্ধ ন সন্তি।

গৃহজালাভিসংস্থানা হ্যাসংস্তত্র স্ত্রিয়ঃ পুনঃ।
শ্বশ্রূশ্বশুরয়োর্মধ্যে ভর্ত্তারং কৃতকং যথা ॥৮৩॥
প্রেক্ষয়ন্তি চ নির্লজ্জা নার্য্যঃ কুলজলক্ষণাঃ।
নাদ্রিয়ন্তে পশূন্ বদ্ধা যবসেনোদকেন চ ॥৮৪॥ (যুগ্মকম্)
বালানাং প্রেক্ষমাণানাং স্বয়ং ভক্ষ্যমভক্ষয়ন্।
তথা ভৃত্যজনং সর্ব্বমসন্তর্প্য চ দানবাঃ ॥৮৫॥
পায়সং কৃসরং মাংসমপূপানথ শষ্কুলীঃ।
অপাচয়ন্নাত্মনোঽর্থে বৃথামাংসান্যভক্ষয়ন্ ॥৮৬॥
উৎসূর্য্যশায়িনশ্চাসন্ সর্বে চাসন্ প্রগেশয়াঃ।
অবর্ত্তন্ কলহাশ্চাত্র দিবারাত্রং গৃহে গৃহে ॥৮৭॥

ভাবতকৌমুদী

গৃহেতি। গৃহজালেষু গবাক্ষেষু অভিসংস্থানং পরপুরুষদর্শনায়াবস্থানং যাসাং তাঃ। কৃতকং যথা কর্ম্মকরণায় সংগৃহীতং পুরুষমিব। প্রেক্ষয়ন্তি পশ্যন্তি। কুলজস্য জনস্যেব লক্ষণং যাসাং তাঃ। যবসেন ঘাসেন ॥৮৩—৮৪॥

বালানামিতি। অত্রানাদরে ষষ্ঠী। অসংতর্প্য ভোজনেনাসন্তোষ্য ॥৮৫॥

পায়সমিতি। কৃসরং তিলবটকম্, শষ্কুলীঃ ঘৃতপক্বগোধূমচূর্ণনির্ম্মিতখাদ্যবিশেষান্। বৃথা-মাংসানি দেবপিতৃভ্যঃ অনিবেদিতমাংসানি ॥৮৬॥

উৎসূর্য্যেতি। উৎক্রান্তঃ সূর্য্যো যস্মিন্ তস্মিন্ সায়ংকালে শেরত ইতি তে, প্রগে প্রাতঃ শেরত ইতি তে ॥৮৭॥

তখন অসুরস্ত্রীগণ গবাক্ষজালের নিকটে অবস্থান করিতে লাগিল এবং সৎকুল-জাত স্ত্রীলোকেরা শ্বশ্রূ ও শ্বশুরের মধ্যস্থিত ভর্ত্তাকে কর্ম্মচারী পুরুষের ন্যায় নির্লজ্জ-ভাবে দেখিতে থাকিল, আর তাহারা পশুবন্ধন করিয়া ঘাস ও জলদ্বারা সেগুলির আদর করিত না ॥৮৩—৮৪॥

'বালকগণ দাঁড়াইয়া দেখিতেছে' এই অবস্থায় তাহাদিগকে অনাদর করিয়া এবং ভৃত্যজনকে খাদ্যদ্বারা সন্তুষ্ট না করিয়া, নিজেরা সুস্বাদু দ্রব্য ভক্ষণ করিতে থাকিল ॥৮৫॥

ক্রমে অসুরেরা কেবল নিজেদের জন্য পায়স, তিলের বড়ি, মাংস, পিষ্টক ও লুচি পাক করাইতে লাগিল এবং বৃথামাংস ভক্ষণ করিতে থাকিল ॥৮৬॥

অসুরেরা সন্ধ্যাকালে ও প্রাতঃকালে নিদ্রা যাইতে লাগিল এবং তাহাদের প্রত্যেক গৃহে দিবারাত্র কলহ হইতে থাকিল ॥৮৭॥

অনার্য্যাশ্চার্য্যমাসীনং পর্য্যুপাসন্ন তত্র হ।
আশ্রমস্থান্ বিধর্ম্মস্থাঃ প্রাদ্বিষন্ত পরস্পরম্।
সঙ্করাশ্চাভ্যবর্ত্তন্ত ন চ শৌচমবর্ত্তত ॥৮৮॥
যে চ বেদবিদো বিপ্রা বিস্পষ্টমনৃচশ্চ যে।
নিরন্তরবিশেষাস্তে বহুমানাবমানয়োঃ ॥৮৯॥
ভাবমাভরণং বেশং গতং স্থিতমবেক্ষিতম্।
অসেবন্ত ভুজিষ্যা বৈ দুর্জ্জনাচরিতং বিধিম্ ॥৯০॥
স্ত্রিয়ঃ পুরুষবেশেন পুংসঃ স্ত্রীবেশধারিণঃ।
ক্রীড়ারতিবিহারেষু পরাং মুদমবাপ্নুবন্ ॥৯১॥
প্রভবদ্ভিঃ পুরা দায়ানর্হেভ্যঃ প্রতিপাদিতান্।
নাভ্যবর্ত্তন্ত নাস্তিক্যাদ্বর্ত্তন্তঃ সম্ভবেষ্বপি ॥৯২॥

ভারতকৌমুদী

অনার্য্যা ইতি। অনার্য্যাঃ শূদ্রাদয়ঃ, আর্য্যং ব্রাহ্মণাদিম্, সঙ্করাঃ স্ত্রীণাং ব্যভিচারাৎ বর্ণসঙ্করাঃ। ষট্পাদোঽয়ং শ্লোকঃ ॥৮৮॥

য ইতি। বিস্পষ্টং সুব্যক্তম্, অনৃচো মন্ত্রহীনাঃ। নির্ন বিদ্যতে অন্তরে তন্মধ্যে বিশেষঃ পার্থক্যং যেষাং তে ॥৮৯॥

ভাবমিতি। ভাবং পুরুষেষু চিত্তবিকারম্। অসেবন্ত পুরুষাণামগ্রিক এবাকুর্ব্বন্, ভুজিষ্যা দাস্যঃ ॥৯০॥

স্ত্রিয় ইতি। ক্রীড়া খেলা রতিঃ কেলিঃ বিহারো বিচরণং তেষু ॥৯১॥

প্রেতি। প্রভবদ্ভিঃ স্বামিভিঃ পিত্রাদিভিঃ, অর্হেভ্যঃ প্রাপ্তুং যোগ্যেভ্যঃ পুত্রাদিভ্যঃ পুরা

—

উচ্চজাতি উপবিষ্ট থাকিতে নীচজাতি উপস্থিত হইয়া তাঁহার অভিবাদন করিতে লাগিল না, বিধর্ম্মীরা আশ্রমধর্ম্মীদের প্রতি পরস্পর বিদ্বেষ করিতে লাগিল, বর্ণসঙ্কর জন্মিতে থাকিল এবং শৌচাচার লোপ পাইতে লাগিল ॥৮৮॥

যাঁহারা বেদবিদ্ ছিলেন এবং যাঁহারা একেবারেই বেদ জানিতেন না, সেই সকল ব্রাহ্মণের সম্মান ও অপমান বিষয়ে তারতম্য উঠিয়া যাইতে লাগিল ॥৮৯॥

দাসীরা ভাব, আভরণ, বেশ, গতি, স্থিতি ও দৃষ্টিপাতবিষয়ে দুর্জ্জনের আচরণই করিতে লাগিল ॥৯০॥

স্ত্রীলোকেরা পুরুষবেশ এবং পুরুষেরা স্ত্রীবেশ ধারণ করিয়া কেলা, খেলি ও বিচরণ স্থানে যাইয়া পরম আমোদ অনুভব করিতে লাগিল ॥৯১॥

(৯০) হাবমাভরণম্—বঙ্গ বৰ্দ্ধ।

মিত্রেণাভ্যর্থিতং মিত্রমথ সংশয়িতে ক্বচিৎ।
বালকোট্যগ্রমাত্রেণ স্বার্থেনাঘ্নত তদ্বসু ॥৯৩॥
পরস্বাদানরুচয়ো বিপণব্যবহারিণঃ।
অদৃশ্যন্তার্য্যবর্ণেষু শূদ্রাশ্চাপি তপোধনাঃ ॥৯৪॥
অধীয়ন্তেঽব্রতাঃ কেচিদ্বৃথাব্রতমথাপরে।
অশুশ্রূষুর্গুরোঃ শিষ্যঃ কশ্চিচ্ছিষ্যসখো গুরুঃ ॥৯৫॥
পিতা চৈব জনিত্রী চ শ্রান্তৌ বৃত্তোৎসবাবিব।
অপ্রভুত্বে স্থিতৌ বৃদ্ধাবন্নং প্রার্থয়তঃ সুতান্ ॥৯৬॥

ভাবতকৌমুদী

পূর্ব্বম্, প্রতিপাদিতান্ দত্তান্, দায়ান্ সংক্রমনীয়ধনানি, সত্তবেষু যোগ্যতাসু, বর্ত্তন্তো বর্ত্তমানা অপি ভ্রাতাদয়ঃ, নাস্তিক্যাৎ নাভ্যবর্ত্তন্ত নান্বসবন্ অপি তু বলাদেব গৃহীতবন্তঃ ॥৯২॥

মিত্রেণেতি। ক্বচিৎ অর্থস্য ধনস্য সংশয়িতে মদীয়মন্বদীয়ং বেতি সংশয়ে জাতে সতি, মিত্রেণ অভ্যর্থিতং মধ্যস্থো ভবেতি প্রার্থিতং মিত্রং কর্ত্তৃ, বালকোট্যগ্রমাত্রেণ কেশাগ্রতুল্যক্ষুদ্রেণাপি স্বার্থেন, তদ্বসু ধনম্, অঘ্নত ব্যনাশয়ৎ। আর্ষোঽয়ং প্রয়োগঃ ॥৯৩॥

পরেতি। পরস্বাদানে পরধনগ্রহণে রুচির্যেষাং তে, বিপণেষু মাংসাদিবিরুদ্ধবস্তুবিক্রয়েষু ব্যবহারা এষাং সন্তীতি তে তথোক্তাশ্চাসন্। আর্য্যবর্ণেষু ব্রাহ্মণাদিষু ত্রিষু বর্ণেষু মধ্যে ॥৯৪॥

অধীয়ন্ত ইতি। অব্রতা ব্রহ্মচর্য্যাদিনিয়মহীনাঃ। বৃথা শাস্ত্রবিবিহীনানি ব্রতানি যস্মিন্ কর্ম্মণি তদ্যথা তথা। শিষ্যস্য সখা শিষ্যসখঃ সখিবৎ ব্যবহারী আসীৎ ॥৯৫॥

পিতেতি। বৃত্তঃ সম্প্রাপ্তঃ উৎসবো যয়োস্তাবিব সাংসারিককর্ম্মকরণেন শ্রান্তৌ বভূবতুঃ ॥৯৬॥

স্বামী পূর্ব্বে যোগ্যলোকদিগকে যে সকল সম্পত্তি দিয়া গিয়াছেন, পরবর্ত্তী অধিকারীরা নাস্তিকতাবশতঃ সে দানের অনুমোদন করিতে লাগিল না ॥৯২॥

এই সম্পত্তি নিজের বা অন্যের এইরূপ কোন সংশয় উপস্থিত হইলে এবং তাহার মীমাংসার জন্য এক মিত্র অপর মিত্রকে প্রার্থনা করিলে, সেই প্রার্থিত মিত্র কেশাগ্রতুল্য ক্ষুদ্র স্বার্থের জন্যও তাহার সে সম্পত্তি নষ্ট করিয়া দিতে লাগিল ॥৯৩॥

বহু লোক পরস্ব হরণের ইচ্ছা করিতে লাগিল, অনেকে কুৎসিত বাণিজ্য করিতে আরম্ভ করিল এবং ব্রাহ্মণ, ক্ষত্রিয় ও বৈশ্যগণের মধ্যে শূদ্রদিগকে তপস্যা করিতে দেখা যাইতে থাকিল ॥৯৪॥

অনেকে ব্রহ্মচর্য্যাদিব্রতশূন্য হইয়া বেদ অধ্যয়ন করিতে লাগিল, কেহ কেহ অশাস্ত্রীয় ব্রত অবলম্বন করিয়া বেদপাঠে প্রবৃত্ত হইতে থাকিল, শিষ্যেরা গুরুশুশ্রূষা পরিত্যাগ করিতে আরম্ভ করিল এবং কোন কোন গুরু শিষ্যের সখা হইতে লাগিলেন ॥৯৫॥

(৯৩) দ্রব্যমর্থী সংশ্রয়তে ক্বচিৎ—নি।

তত্র বেদবিদঃ প্রাজ্ঞা গাম্ভীর্য্যে সাগরোপমাঃ।
কৃষ্যাদিষ্বভবন্ সক্তা মূর্খাঃ শ্রাদ্ধান্যভুঞ্জত ॥৯৭॥
প্রাতঃ প্রাতশ্চ সুপ্রশ্নং কল্পনং প্রেষণক্রিয়াঃ।
শিষ্যানপ্রহিতাস্তেষামকুর্ব্বন্ গুরবঃ স্বয়ম্ ॥৯৮॥
শ্বশ্রূশ্বশুরয়োরগ্রে বধূঃ প্রেষ্যানশাসত।
অন্বশাশাসচ্চ ভর্ত্তারং সমাহূয়াভিজল্পতি ॥৯৯॥
প্রযত্নেনাপি চারক্ষচ্চিত্তং পুত্রস্য বৈ পিতা।
ব্যভজচ্চাপি সংরম্ভাদ্দুঃখবাসং তথাবসৎ ॥১০০॥

ভাবতকৌমুদী

তত্রেতি। সক্তাঃ প্রবৃত্তাঃ, মূর্খা ব্রাহ্মণাঃ শ্রাদ্ধানি শ্রাদ্ধীয়দ্রব্যাণি ॥৯৭॥

প্রাতবিতি। শোভনপ্রশ্নঃ সুখেন বাত্রিবতিবাহিতা কিমিতি পৃচ্ছা যস্মিন্ তৎ, কল্পনং যথাস্থানে বসনাদিস্থাপনম্, প্রেষণক্রিয়া চলাচ্চানযনায় প্রেবণব্যাপাবান্। তেষাং শিষ্যাণাম্ ॥৯৮॥

শ্বশ্রেতি। প্রেষ্যান্ ভৃত্যান্। অভিজল্পতি তৎকর্ত্তব্যং ব্রবীতি স্ম ॥৯৯॥

প্রযত্নেনেতি। চিত্তমবক্ষৎ অসন্তোষং ন্যাবাবয়ৎ সংবম্ভাৎ পুত্রস্য ক্রোধাৎ ব্যভজৎ আত্মানং তদদৃশ্যস্থানে নীতবান্; তথা তেন হেতুনা দুঃখবাসং যথা তথা অবসৎ ॥১০০॥

পিতা ও মাতা উৎসবেব সময়েব ন্যায় সাংসাবিক কার্য্য কবিতে কবিতে পবিশ্রান্ত হইতে লাগিলেন এবং তাঁহাবা বৃদ্ধকালে প্রভুত্বশূন্য হইয়া পুত্রদেব নিকট অন্নপ্রার্থনা কবিতে থাকিলেন ॥৯৬॥

সেই সময়ে বেদবিদ্ ও সমুদ্রেব ন্যায় গাম্ভীর্য্যসম্পন্ন পণ্ডিতেবা কৃষিপ্রভৃতি কার্য্যে প্রবৃত্ত হইতে থাকিলেন, আব মূর্খ ব্রাহ্মণেবা শ্রাদ্ধান্ন ভোজন কবিতে লাগিলেন ॥৯৭॥

গুরুগণ প্রত্যহ প্রাতঃকালে যাইয়া শিষ্যগণেব নিকটে সুখে বাত্রিযাপনেব প্রশ্ন কবিতে লাগিলেন, তাহাদেব বসনভূষণাদি যথাস্থানে বাখিতে থাকিলেন এবং তাঁহাদের দূতেব কার্য্য নিজেবাই কবিতে প্রবৃত্ত হইলেন; কিন্তু শিষ্যগণকে সে কার্য্যে প্রেবণ কবিতে থাকিলেন না ॥৯৮॥

পুত্রবধূবা শ্বশুব ও শ্বাশুড়ীব নিকটে ভৃত্যগণেব শাসন কবিতে লাগিল এবং ভর্ত্তাকে ডাকিয়া আনিযা শাসন কবিতে আবম্ভ কবিল, আব কর্ত্তব্যকার্য্যেব আদেশ দিতে থাকিল ॥৯৯॥

পিতা বিশেষযত্নপূর্ব্বক পুত্রেব মন রক্ষা করিয়া চলিতে লাগিলেন এবং পুত্রেব ক্রোধ হইতে আপনাকে দূবে বাখিতে থাকিলেন, এইভাবে পিতা দুঃখে বাস কবিতে আরম্ভ কবিলেন ॥১০০॥

অগ্নিদাহেন চৌরৈর্বা রাজভির্বা হৃতং ধনম্।
দৃষ্ট্বা দ্বেষাৎ প্রাহসন্ত সুহৃৎসম্ভাবিতা হ্যপি ॥১০১॥
কৃতঘ্না নাস্তিকাঃ পাপা গুরুদারাভিমর্শিনঃ।
শ্বশুরানুগতাঃ সর্বে হ্যুৎসৃজ্য পিতরৌ সুতাঃ ॥১০২॥
স্বকর্ম্মণা চ জাতোঽহমিত্যেবংবাদিনস্তথা।
অভক্ষ্যভক্ষণরতা নির্ম্মর্য্যাদা হতত্বিষঃ ॥১০৩॥
তেষ্বেবমাদীনাচারানাচরৎসু বিপর্য্যয়ে।
নাহং দেবেন্দ্র! বৎস্যামি দানবেষ্বিতি মে মতিঃ ॥১০৪॥
তন্মাং স্বয়মনুপ্রাপ্তামভিনন্দ শচীপতে!।
ত্বয়ার্চ্চিতাং মাং দেবেশ! পুরো ধাস্যন্তি দেবতাঃ ॥১০৫॥

ভারতকৌমুদী

অগ্নীতি। সুহৃৎসম্ভাবিতা বন্ধুত্বেনাভিগতা অপি ॥১০১॥

কৃতঘ্না ইতি। উৎসৃজ্য বিহায়, পিতরৌ মাতাপিতরৌ ॥১০২॥

স্বেতি। অহং স্বকর্ম্মণৈব জাত ইতি পিত্রোর্নাধীন ইতি ভাবঃ। নির্ম্মর্য্যাদা গুরুলঘুজ্ঞানহীনাঃ, হতত্বিষঃ স্বপাপেনৈব নাশিততেজস্কাঃ ॥১০৩॥

তেষ্বিতি। আচরৎসু কুর্ব্বৎসু, বিপর্য্যয়ে কালপরিবৃত্তৌ ॥১০৪॥

তদিতি। অনুপ্রাপ্তামাগতাম্। পুরঃ অগ্রতঃ, ধাস্যন্তি স্থাপয়িষ্যন্তি ॥১০৫॥

কাহারও ধন অগ্নিদাহে নষ্ট হইলে কিংবা চোর বা রাজা অপহরণ করিলে, তাহা দেখিয়া বন্ধুজনেরাও বিদ্বেষবশতঃ হাস্য করিতে আরম্ভ করিল ॥১০১॥

কৃতঘ্ন, নাস্তিক ও গুরুপত্নীগামী পাপাত্মা পুত্রেরা পিতা ও মাতাকে পরিত্যাগ করিয়া শ্বশুরের অনুগত হইয়া চলিতে লাগিল ॥১০২॥

এমন ক্ষেত্রে পুত্রেরা বলিতে থাকিল যে, আমরা আপন কর্ম্মানুসারেই জন্মগ্রহণ করিয়াছি (সুতরাং আমরা পিতা ও মাতার অধীন হইয়া চলিব কেন)। আর তাহারা অভক্ষ্য ভক্ষণে নিরত, গুরুলঘুজ্ঞানশূন্য ও তেজোবিহীন হইতে থাকিল ॥১০৩॥

দেবরাজ! কালক্রমে সেই দানবেরা এই প্রকার আচরণ করিতে থাকিলে, আমি তাহাদের গৃহে বাস করিব না—এইরূপ আমার ইচ্ছা হইল ॥১০৪॥

অতএব শচীপতি দেবরাজ! আমি নিজেই আপনার নিকট উপস্থিত হইয়াছি; আপনি আমার অভিনন্দন করুন, আপনি সম্মান করিলে অন্য দেবতারাও আমাকে সম্মুখেই স্থাপন করিবেন ॥১০৫॥

যত্রাহং তত্র মৎকান্তা মদ্বিশিষ্টা মদর্পণাঃ।
সপ্তদেব্যো জয়াষ্টম্যো বাসমেষ্যন্তি তেঽষ্টধা ॥১০৬॥
আশা শ্রদ্ধা ধৃতিঃ ক্ষান্তির্ব্বিজিতিঃ সন্নতিঃ ক্ষমা।
অষ্টমী বৃত্তিরেতাসাং পুরোগা পাকশাসন! ॥১০৭॥
তাশ্চাহঞ্চাসুরাংস্ত্যক্ত্বা যুষ্মদ্বিষয়মাগতাঃ।
ত্রিদশেষু নিবৎস্যামো ধর্ম্মনিষ্ঠান্তরাত্মসু ॥১০৮॥
ইত্যুক্তবচনাং দেবীং প্রীত্যর্থঞ্চ ননন্দতুঃ।
নারদশ্চাত্র দেবর্ষির্ব্বৃত্রহন্তা চ বাসবঃ ॥১০৯॥
ততোঽনলসখো বায়ুঃ প্রববৌ দেববর্ত্মসু।
ইষ্টগন্ধঃ সুখস্পর্শঃ সর্ব্বেন্দ্রিয়সুখাবহঃ ॥১১০॥

ভারতকৌমুদী

যত্রেতি। মম কান্তাঃ প্রিয়াঃ, মদ্বিশিষ্টা উৎকৃষ্টাঃ, মদর্পণা মদবলম্বনাঃ। জয়া অষ্টমী যাসাং তাঃ। অষ্টধা পূর্ণতাদ্যষ্টপ্রকারৈঃ ॥১০৬॥

কান্তা ইত্যাহ আশেতি। ক্ষান্তির্ব্বিরতিঃ, বিজিতির্ব্বিজয়া, সন্নতিরুন্নতিঃ ॥১০৭॥

তা ইতি। তা আশাদয়ঃ, অহঞ্চ বয়ম্ অসুরাংস্ত্যক্ত্বা যুষ্মদ্বিষয়ং দেবলোকমাগতাঃ সত্যঃ, ধর্ম্মনিষ্ঠা অন্তরাত্মানো যেষাং তেষু, ত্রিদশেষু দেবেষু নিবৎস্যামঃ ॥১০৮॥

ইতীতি। প্রীত্যর্থং দেব্যা এব সন্তোষার্থম্, ননন্দতুঃ সম্মানয়ামাসতুঃ ॥১০৯॥

তত ইতি। অনলস্যাগ্নেঃ সখেতি অনলসখঃ, দেববর্ত্মসু গগনে ॥১১০॥

আমি যেস্থানে থাকিব, সেই স্থানেই আমার প্রিয়তমা, আমা অপেক্ষা উৎকৃষ্টা এবং আমার অবলম্বনস্বরূপা অপর সাতটী দেবী ও অষ্টমী জয়াদেবী অবশ্যই থাকিবেন; সুতরাং তাঁহারাও আপনার গৃহে পূর্ণতাপ্রভৃতি অষ্টপ্রকারে বাস করিবেন ॥১০৬॥

দেবরাজ! আশা, শ্রদ্ধা, ধৃতি, ক্ষান্তি, বিজয়া, উন্নতি ও ক্ষমা—এই সেই সাতটী দেবী, আর ইঁহাদের অগ্রগামিনী অষ্টমী দেবী বৃত্তি ॥১০৭॥

তাঁহারা এবং আমি আমরা সকলেই অসুরগণকে ত্যাগ করিয়া আপনাদের দেবলোকে যাইয়া ধার্ম্মিক দেবগণের গৃহে বাস করিব" ॥১০৮॥

লক্ষ্মীদেবী এইরূপ বলিলে, তাঁহার সন্তোষের জন্য দেবর্ষি নারদ ও বৃত্রাসুরহন্তা ইন্দ্র তাঁহার অভিনন্দন করিলেন ॥১০৯॥

তাহার পর অগ্নির সখা বায়ু সুগন্ধ, সুখস্পর্শ ও সমস্ত ইন্দ্রিয়ের সুখজনক হইয়া আকাশে বহিত হইতে থাকিল ॥১১০॥

শুচৌ চাভ্যর্থিতে দেশে ত্রিদশাঃ প্রায়শঃ স্থিতাঃ।
লক্ষ্মীসহিতমাসীনং মঘবন্তং দিদৃক্ষবঃ ॥১১১॥
ততো দিবং প্রাপ্য সহস্রলোচনঃ শ্রিয়োপপন্নঃ সুহৃদা মহর্ষিণা।
রথেন হর্য্যশ্বযুজা সুরর্ষভঃ সদঃ সুরাণামভিসৎকৃতো যযৌ ॥১১২॥
অথেঙ্গিতং বজ্রধরস্য নারদঃ শ্রিয়শ্চ দেব্যা মনসা বিচারয়ন্।
শ্রিয়ৈ শশংসামরদৃষ্টপৌরুষঃ শিবেন তত্রাগমনং মহর্ষিভিঃ ॥১১৩॥
ততোঽমৃতং দ্যৌঃ প্রববর্ষ ভাস্বতী পিতামহস্যায়তনে স্বয়ম্ভুবঃ।
অনাহতা দুন্দুভয়োঽথ নেদিরে তথা প্রসন্নাশ্চ দিশশ্চকাশিরে ॥১১৪॥

ভাবকৌমুদী

শুচাবিতি। শুচৌ পবিত্রে অভ্যর্থিতে প্রশস্তে, স্থিতা উপস্থিতাঃ ॥১১১॥

তত ইতি। ততঃ সুরর্ষভো দেবশ্রেষ্ঠঃ, সহস্রলোচন ইন্দ্রঃ, শ্রিয়া লক্ষ্মীদেব্যা, সুহৃদা মহর্ষিণা নারদেন চ উপপন্নো মিলিতঃ সন্, হর্য্যশ্বযুজা হরিদ্বর্ণঘোটকশালিনা রথেন, দিবং স্বর্গং প্রাপ্য, পথি সুরৈরেবাভিসৎকৃতঃ সন্ সুরাণাং সদঃ সভাং যযৌ ॥১১২॥

অথেতি। অথ অমরেষু দৃষ্টপৌরুষো নারদো মহর্ষিভিঃ সহ মনসা বজ্রধরস্য ইন্দ্রস্য শ্রিয়ো দেব্যাশ্চ ইঙ্গিতমভিপ্রায়ং বিচারয়ন্ সন্, শিবেন কুশলেন তত্র স্বর্গে আগমনং শ্রিয়ৈ শশংস পপ্রচ্ছ ॥১১৩॥

তত ইতি। ততঃ ভাস্বতী দীপ্তিমতী দ্যৌরাকাশম্, স্বয়ম্ভুবঃ পিতামহস্য আয়তনে ভবনে অমৃতং প্রববর্ষ। অথ দুন্দুভয়ঃ অনাহতা অবাদিতা অপি নেদিরে শব্দং চক্রুঃ, তথা প্রসন্না দিশশ্চ চকাশিরে শুশুভিরে ॥১১৪॥

লক্ষ্মীর সহিত ইন্দ্র সেই পবিত্র ও প্রশস্ত স্থানে উপবিষ্ট ছিলেন, এমন সময় তাঁহাকে দেখিবার জন্য প্রায় দেবগণই আসিয়া উপস্থিত হইলেন ॥১১১॥

তাহার পর দেবশ্রেষ্ঠ ইন্দ্র লক্ষ্মীদেবী ও সুহৃৎ নারদের সহিত মিলিত হইয়া হরিদ্বর্ণঘোটকযুক্ত রথে আরোহণ করিয়া স্বর্গে যাইয়া দেবগণকর্ত্তৃক অভিনন্দিত হইতে থাকিয়া দেবসভায় গমন করিলেন ॥১১২॥

তদনন্তর দেবগণের প্রভাবদর্শী নারদ অন্যান্য মহর্ষিদের সহিত মিলিত হইয়া মনে মনে ইন্দ্র ও লক্ষ্মীদেবীর অভিপ্রায় অবগত হইয়া লক্ষ্মীদেবীর নিকট প্রশ্ন করিলেন যে, 'স্বর্গে আপনার কুশলে আগমন হইয়াছে ত?' ॥১১৩॥

তাহার পর নির্ম্মল আকাশমণ্ডল স্বয়ম্ভু ব্রহ্মার ভবনে অমৃত বর্ষণ করিতে লাগিল, অবাদিত হইয়াও দুন্দুভিসকল শব্দ করিতে থাকিল এবং নির্ম্মল দিক্ সকল শোভা ধারণ করিল ॥১১৪॥

যথর্ত্তু শস্তেষু ববর্ষ বাসবো ন ধর্ম্মমার্গাদ্বিচচাল কশ্চন।
অনেকরত্নাকরভূষণা চ ভূঃ সুঘোষঘোষা চ দিবৌকসাং জয়ে ॥১১৫॥
ক্রিয়াভিরামা মনুজা মনস্বিনো বভুঃ শুভে পুণ্যকৃতাং পথি স্থিতাঃ।
নরামরাঃ কিন্নরযক্ষরাক্ষসাঃ সমৃদ্ধিমন্তঃ সুমনস্বিনোঽভবন্ ॥১১৬॥
ন জাত্বকালে কুসুমং কুতঃ ফলং পপাত বৃক্ষাৎ পবনেরিতাদপি।
রসপ্রদাঃ কামদুঘাশ্চ ধেনবো ন দারুণা বাগ্ বিচচার কস্যচিৎ ॥১১৭॥
ইমাং সপর্য্যাং সহ সর্ব্বকামদৈঃ শ্রিয়াশ্চ শক্রপ্রমুখৈশ্চ দৈবতৈঃ।
পঠন্তি যে বিপ্রসদঃ সমাগতাঃ সমৃদ্ধকামাঃ শ্রিয়মাপ্নুবন্তি তে ॥১১৮॥

ভারতকৌমুদী

যথেতি। দিবৌকসাং দেবানাং লক্ষ্মীলাভেন জয়ে সতি, বাসব ইন্দ্রঃ যথর্ত্তু, ঋতুমনতিক্রম্য শস্তেষু ববর্ষ; কশ্চনাপি জনো ধর্ম্মমার্গাৎ ন বিচচাল; তথা অনেকে রত্নাকরাঃ সমুদ্রা ভূষণানি যস্যাঃ সা, ভূঃ পৃথিবী চ সুঘোষং সুন্দররবং ঘোষয়তি প্রকাশয়তীতি সা বভুবেতি শেষঃ ॥১১৫॥

ক্রিয়েতি। ক্রিয়াভির্যজ্ঞাদিভিঃ, অভিরামা মনোহরাঃ। সুমনস্বিনঃ অতীবপ্রশস্তচিত্তাঃ ॥১১৬॥

নেতি। কুসুমম্, পবনেরিতাৎ বায়ুচালিতাৎ বৃক্ষাদপি, জাতু কদাচিৎ, অকালে ন পপাত; ফলস্য কুতঃ পপাত অপি তু কুতোঽপি নেত্যর্থঃ। রসপ্রদা দুগ্ধদায়িন্যো ধেনবশ্চ, কামদুঘা লোকানামভীষ্টবস্তুদায়িকা অভবন্; তথা কস্যচিদপি জনস্য দারুণা তীক্ষ্ণা বাক্, মুখান্ন বিচচার ॥১১৭॥

ইমামিতি। যে জনাঃ, বিপ্রাণাং সদঃ সভাম্, সমাগতাঃ সন্তঃ, সর্ব্বকামদৈঃ শক্রপ্রমুখৈঃ ইন্দ্রপ্রভৃতিভির্দৈবতৈঃ সহ শ্রিয়া লক্ষ্মীদেব্যা, ইমাং সপর্য্যাং পূজাং গৌরবোপাখ্যানম্, পঠন্তি; তে সমৃদ্ধকামাঃ পূর্ণাভিলাষাঃ সন্তঃ, শ্রিয়মাপ্নুবন্তি ॥১১৮॥

লক্ষ্মীকে লাভ করায় দেবগণের জয় হইলে, ইন্দ্র যথাকালে শস্যের উপরে বারি-বর্ষণ করিতে লাগিলেন, কোন লোকই ধর্ম্মপথ হইতে বিচ্যুত হইল না এবং সমুদ্র-মেখলা পৃথিবী মনোহর শব্দ করিতে থাকিল ॥১১৫॥

তৎকালে মনুষ্যেরা পুণ্যবান্দিগের মঙ্গলময় পথে থাকিয়া সৎক্রিয়া, সুন্দর ও প্রশস্ত চিত্ত হইয়া শোভা পাইতে লাগিল এবং দেবতা, কিন্নর, যক্ষ, রাক্ষস ও মনুষ্যেরা অত্যন্ত উদারহৃদয় হইয়া সমৃদ্ধিশালী হইলেন ॥১১৬॥

তখন হইতে বায়ুসঞ্চালিত বৃক্ষ হইতেও কখনই অকালে ফুল বা ফল পতিত হয় নাই; দুগ্ধবতী ধেনুরা সকলেরই অভীষ্ট পূরণ করিতে লাগিল এবং কাহারও মুখ হইতে তীক্ষ্ণবাক্য নির্গত হইতে থাকিল না ॥১১৭॥

---

(১১৫) সুঘোষশেষা ভুবনৌকসাং জয়ে—বঙ্গ।

ত্বয়া কুরূণাংবর! যৎ প্রচোদিতং ভবাভবস্যেহ পরং নিদর্শনম্।
তদদ্য সর্ব্বং পরিকীর্ত্তিতং ময়া পরীক্ষ্য তত্ত্বং পরিগন্তুমর্হসি ॥১১৯॥
সংস্মৃত্য বুদ্ধীন্দ্রিয়গোচরাতিগং স্বগোচরে সর্বকৃতালয়ং তম্।
হরিং মহাপাপহরং জনাস্তে সংস্মৃত্য সংপূজ্য বিধুতপাপাঃ ॥১২০॥
যমৈশ্চ নিত্যং নিয়মৈশ্চ সংযতাস্তত্ত্বঞ্চ বিষ্ণোঃ পরিপশ্যমানাঃ।
দেবানুসারেণ বিমুক্তিযোগং তে গাহমানাঃ পরমাপ্নুবন্তি ॥১২১॥
এবং রাজেন্দ্র! সততং জপহোমপরায়ণঃ।
বাসুদেবপরো নিত্যং জ্ঞানধ্যানপরায়ণঃ।
দানধর্ম্মরতির্নিত্যং প্রজাস্ত্বং পরিপালয় ॥১২২॥

ভারতকৌমুদী

ত্বয়েতি। হে কুরূণাংবর! ত্বয়া ইহ জগতি ভবাভবস্য উন্নত্যবনত্যোঃ পরং নিদর্শনম্ উত্তমো দৃষ্টান্তঃ, যৎ প্রচোদিতং পৃষ্টম্, তৎ সর্বমদ্য ময়া পরিকীর্ত্তিতম্; ত্বং পুনস্তৎপরীক্ষ্য পর্য্যালোচ্য পরিগন্তুমনুসর্ত্তুমর্হসি ॥১১৯॥

উপদেষ্টুং নিদর্শনমাহ সংস্মৃত্যেতি। সর্ব্বেষু পদার্থেষু কৃত আলয়ো জীবরূপেণাশ্রয়ো যেন তম্, তং প্রসিদ্ধম্, স্বস্য চিত্তস্য গোচরে বিষয়ে সংস্মৃত্য। বিধুতপাপা ভবন্তি ॥১২০॥

যমৈরিতি। যমনিয়মৌ যোগদর্শনে দ্রষ্টব্যৌ। দেবানুসারেণ নারদাদ্যনুসারেণ বিমুক্তিযোগং গাহমানাঃ প্রাপ্নুবন্তঃ ॥১২১॥

এবমিতি। দানধর্ম্মে রতিরনুরাগো যস্য সঃ। ষট্পাদোঽয়ং শ্লোকঃ ॥১২২॥

যাঁহারা ব্রাহ্মণের সভায় যাইয়া সর্ব্বাভীষ্টদাতা ইন্দ্রপ্রভৃতি দেবগণের সহিত লক্ষ্মীদেবীর এই গৌরবময় উপাখ্যান পাঠ করেন, তাঁহারা পূর্ণ মনোরথ হইয়া লক্ষ্মীকে লাভ করেন ॥১১৮॥

কৌরবশ্রেষ্ঠ যুধিষ্ঠির! তুমি এই জগতে উন্নতি ও অবনতির পরম নিদর্শনের কথা যে জিজ্ঞাসা করিয়াছিলে, সে সমস্তই আমি এখন বলিলাম; তুমি পর্য্যালোচনা করিয়া তাহার অনুসরণ করিতে পার ॥১১৯॥

প্রসিদ্ধ সেই ধার্ম্মিক লোকেরা বুদ্ধি ও ইন্দ্রিয়ের অগোচর, সমস্ত পদার্থে অধিষ্ঠিত ও সর্ব্বপাপনাশক নারায়ণকে সর্ব্বদা মনে স্মরণ ও অর্চ্চনা করিয়া পাপবিহীন হইয়া থাকেন ॥১২০॥

এবং তাঁহারা যম ও নিয়ম অবলম্বনপূর্ব্বক সর্ব্বদা সংযত হইয়া বিষ্ণুর তত্ত্ব অবগত হইতে থাকিয়া নারদাদি দেবর্ষিগণের ন্যায় প্রথমে জীবন্মুক্তি লাভ করিয়া পরিশেষে নির্ব্বাণমুক্তি লাভ করেন ॥১২১॥

(১২০) ইতঃপ্রভৃতি চত্বারঃ শ্লোকাঃ পি বঙ্গ বর্দ্ধ ন সন্তি।

বাসুদেবপরো নিত্যং জ্ঞানধ্যানপরায়ণান্।
বিশেষেণার্চ্চয়েথাস্ত্বং সততং পর্য্যুপাস্ব চ ॥১২৩॥
ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং শান্তিপর্ব্বণি মোক্ষধর্ম্মে শ্রীবাসবসংবাদে ষড়্বিংশত্যধিকদ্বিশততমোঽধ্যায়ঃ ॥০॥ *

—:০:—

সপ্তবিংশত্যধিকদ্বিশততমোঽধ্যায়ঃ।

—:০:—

যুধিষ্ঠির উবাচ।
কিংশীলঃ কিংসমাচারঃ কিংবিদ্যঃ কিংপরাক্রমঃ।
প্রাপ্নোতি ব্রহ্মণঃ স্থানং যৎ পরং প্রকৃতের্ধ্রুবম্ ॥১॥

ভারতকৌমুদী

বাস্বিতি। জ্ঞানধ্যানপরায়ণা ঋষীন্ ॥১২৩॥
ইতি মহামহোপাধ্যায়-ভারতাচার্য্য শ্রীহরিদাসসিদ্ধান্তবাগীশভট্টাচার্য্যবিরচিতায়াং মহাভারত-টীকায়াং ভারতকৌমুদীসমাখ্যায়াং শান্তিপর্ব্বণি মোক্ষধর্ম্মে ষড়্বিংশত্যধিকদ্বিশততমোঽধ্যায়ঃ ॥০॥

—:০:—

কিমিতি। কিং কীদৃশং শীলং স্বভাবো যস্য সঃ। এবমন্যত্র। স্থানং স্বরূপম্, যৎ স্থানং প্রকৃতেরপি পরম্ উৎকৃষ্টং ধ্রুবং নিত্যঞ্চ ॥১॥

অতএব রাজশ্রেষ্ঠ যুধিষ্ঠির! তুমিও এইভাবে সর্ব্বদা জপ, হোম, জ্ঞান ও ধ্যানপরায়ণ হইয়া দানধর্ম্মে অনুরক্ত এবং বাসুদেবে পরম ভক্ত থাকিয়া প্রজা পালন কর॥১২২॥

আর তুমি বাসুদেবে ভক্তিমান্ হইয়া জ্ঞানী ও ধ্যানীদিগকে সর্ব্বদা বিশেষ-ভাবে সেবা ও উপাসনা করিতে থাক' ॥১২৩॥

—:০:—

যুধিষ্ঠির বলিলেন—'পিতামহ! মানুষ কিরূপ স্বভাব, কিপ্রকার আচার, কিম্ভূত বিদ্যা ও কীদৃশ শক্তিশালী হইয়া ব্রহ্মস্বরূপ লাভ করিতে পারে? যে ব্রহ্ম-স্বরূপ প্রকৃতি অপেক্ষাও উৎকৃষ্ট এবং নিত্য' ॥১॥

---

* '.. অষ্টাবিংশত্যধিকদ্বিশততমোঽধ্যায়ঃ' বঙ্গ বর্দ্ধ, '.. পঞ্চত্রিংশদধিকদ্বিশততমোঽধ্যায়ঃ' নি।

ভীষ্ম উবাচ।

মোক্ষধর্ম্মেষু নিয়তো লঘ্বাহারো জিতেন্দ্রিয়ঃ।
প্রাপ্নোতি ব্রহ্মণঃ স্থানং তৎপরং প্রকৃতের্ধ্রুবম্ ॥২॥
অত্রাপ্যুদাহরন্তীমমিতিহাসং পুরাতনম্।
জৈগীষব্যস্য সংবাদমসিতস্য চ ভারত! ॥৩॥
মহাদেবান্তরে বৃত্তং দেব্যাশ্চৈবান্তরে তথা।
যথাবচ্ছৃণু রাজেন্দ্র! জ্ঞানদং পাপনাশনম্ ॥৪॥
জৈগীষব্যং মহাপ্রাজ্ঞং ধর্ম্মাণামাগতাগমম্।
অক্রুধ্যন্তমহৃষ্যন্তমসিতো দেবলোঽব্রবীৎ ॥৫॥
ন প্রীয়সে বন্দ্যমানো নিন্দ্যমানো ন কুপ্যসে।
কা তে প্রজ্ঞা কুতশ্চৈষা কিং তে তস্যাঃ পরায়ণম্ ॥৬॥

ভারতকৌমুদী

মোক্ষেতি। মোক্ষধর্ম্মেষু নিষ্কামধর্ম্মেষু, নিয়তো নিয়মেন স্থিতঃ ॥২॥

অত্রেতি। জৈগীষব্যস্য তদাখ্যস্য মুনেঃ, অসিতস্য দেবলস্য চ ॥৩॥

তঞ্চেতিহাসং স্তৌতি মহেতি। মহাদেবস্য শিবস্য অন্তরে চিত্তে স্থিতমিতি শেষঃ। দেব্যাঃ পার্ব্বত্যাশ্চ ॥৪॥

জৈগীষব্যমিতি। আগতো জ্ঞাতঃ, আগমঃ শাস্ত্রং যেন তম্ ॥৫॥

নেতি। কা কীদৃশী। পরায়ণং প্রধানং কারণম্ ॥৬॥

ভীষ্ম বলিলেন—'মোক্ষধর্ম্মে ব্যাপৃত, লঘুভোজী ও জিতেন্দ্রিয় মানুষই প্রকৃতি অপেক্ষাও উৎকৃষ্ট ও নিত্য সেই ব্রহ্মস্বরূপ লাভ করিতে পারেন ॥২॥

ভরতনন্দন! জ্ঞানীরা এবিষয়েও জৈগীষব্য মুনি ও অসিতদেবল মুনির সংবাদরূপ এই প্রাচীন বৃত্তান্তের উল্লেখ করিয়া থাকেন ॥৩॥

রাজশ্রেষ্ঠ! এই বৃত্তান্ত শিব ও পার্ব্বতীর হৃদয়ে পর্য্যন্ত স্থান পাইয়াছে এবং ইহা জ্ঞানদান ও পাপনাশ করে। অতএব তুমি এই বৃত্তান্ত যথাযথভাবে শ্রবণ কর ॥৪॥

জৈগীষব্য মুনি মহাপ্রাজ্ঞ ছিলেন ও ধর্ম্মশাস্ত্র জানিতেন; কিন্তু কখনও ক্রুদ্ধ বা হৃষ্ট হইতেন না; একদা অসিতদেবল মুনি উপস্থিত হইয়া উক্ত জৈগীষব্যকে বলিলেন—॥৫॥

---

(২) মোক্ষধর্ম্মেষু নিরতঃ—বর্দ্ধ।

(৪) এষ শ্লোকঃ পি বঙ্গ বর্দ্ধ নাস্তি।

ভীষ্ম উবাচ।

ইতি তেনানুযুক্তঃ স তমুবাচ মহাতপাঃ।
মহদ্বাক্যমসন্দিগ্ধং পুষ্কলার্থপদং শুচি ॥৭॥

জৈগীষব্য উবাচ।

যা গতির্যা পরা নিষ্ঠা যা শান্তিঃ পুণ্যকর্ম্মণাম্।
তাং তেঽহং সংপ্রবক্ষ্যামি মহতীমৃষিসত্তম! ॥৮॥
নিন্দৎসু চ সমা নিত্যং প্রশংসৎসু চ দেবল!।
নিহ্নুবন্তি চ যে তেষাং সময়ং সুকৃতঞ্চ যৎ ॥৯॥
উক্তাশ্চ ন বিবক্ষন্তি বক্তারমহিতে হিতম্।
প্রতিহন্তুং ন চেচ্ছন্তি হন্তারং বৈ মনীষিণঃ ॥১০॥

ভারতকৌমুদী

ইতীতি। তেন দেবলেন, অনুযুক্তঃ পৃষ্টঃ। পুষ্কলাঃ প্রচুরা অর্থা যেষাং তানি পুষ্কলার্থানি পদানি যত্র তৎ, শুচি পবিত্রম্ ॥৭॥

যেতি। গতিরবলম্বনম্, নিষ্ঠা কর্ম্মনিষ্পত্তিঃ ॥৮॥

নিন্দৎস্বিতি। যে জনাঃ, তেষাং নিন্দতাং প্রশংসতাঞ্চ সময়ং দুরাচরণং সুকৃতং সদাচরণঞ্চ যত্তবেৎ তচ্চ যে নিহ্নুবন্তি গোপয়ন্তি তেষামবস্থা সমেতি সম্বন্ধঃ ॥৯॥

উক্তা ইতি। মনীষিণঃ, উক্তাঃ কেনচিন্নিন্দিতা অপি ন বিবক্ষন্তি তং নিন্দিতুং নেচ্ছন্তি; অহিতে বিষয়ে বক্তারমপি হিতমেব বিবক্ষন্তি; তথা হন্তারঞ্চ প্রতিহন্তুং নেচ্ছন্তি ॥১০॥

'মহর্ষি! কেহ আপনাকে প্রশংসা করিলেও আপনি সন্তুষ্ট হন না এবং নিন্দা করিলেও ক্রোধ করেন না; এ বুদ্ধিটা আপনার কি প্রকার! কোথা হইতেই বা আপনার এ বুদ্ধি আসিল! এবং এ বুদ্ধির প্রকৃষ্ট কারণই বা কি?' ॥৬॥

ভীষ্ম বলিলেন—'দেবল এইরূপ প্রশ্ন করিলে, মহাতপা জৈগীষব্য সন্দেহশূন্য, প্রচুরার্থবোধক ও পবিত্র এই উত্তম বাক্যসকল দেবলকে বলিতে লাগিলেন ॥৭॥

জৈগীষব্য বলিলেন—'ঋষিশ্রেষ্ঠ! পুণ্যকর্ম্মা মানবগণের যাহা অবলম্বন, যাহাতে পরমনিষ্ঠা এবং যাহাতে অসাধারণ শান্তি, সেই প্রশস্ত বিষয় আমি আপনার নিকট বলিতেছি ॥৮॥

দেবল! যাঁহারা পরকৃত দুর্ব্যবহার ও সদ্ব্যবহার গোপন রাখিতে পারেন, তাঁহাদের পরকৃত নিন্দায় বা প্রশংসায় সমান অবস্থাই থাকে ॥৯॥

---

(৮) পরা কাষ্ঠা—বঙ্গ বর্দ্ধ।

(৯) উক্তাশ্চ ন বদিষ্যন্তি—বঙ্গ বর্দ্ধ।

নাপ্রাপ্তমনুশোচন্তি প্রাপ্তকালানি কুর্ব্বতে।
ন চাতীতানি শোচন্তি ন চৈতান্ প্রতিজানতে ॥১১॥
সংপ্রাপ্তানাঞ্চ পূজ্যানাং কামাদর্থেষু দেবল!।
যথোপপত্তিং কুর্বন্তি শক্তিমন্তো ধৃতব্রতাঃ ॥১২॥
পক্কবিদ্যা মহাপ্রাজ্ঞা জিতক্রোধা জিতেন্দ্রিয়াঃ।
মনসা কর্ম্মণা বাচা নাপরাধ্যন্তি কস্যচিৎ ॥১৩॥
অনীর্ষবো ন চান্যোন্যং বিহিংসন্তি কদাচন।
ন চ জাতূপতপ্যন্তে ধীরাঃ পরসমৃদ্ধিভিঃ ॥১৪॥

ভারতকৌমুদী

নেতি। অপ্রাপ্তং ধনাদিকম্, প্রাপ্তকালানি কর্ম্মাণি। অতীতানি সুখানি ন চৈব প্রতিজানতে অবশ্যকর্ত্তব্যতয়া কিমপি ন ব্রুবন্তি ॥১১॥

সংপ্রাপ্তানামিতি। হে দেবল! ধৃতব্রতাঃ পরহিতসাধনে গৃহীতনিয়মাঃ, তত্র শক্তিমন্তশ্চ জনাঃ, অর্থেষু কেম্বপি বিষয়েষু কামাদভিলাষাৎ সংপ্রাপ্তানামাগতানাং পূজ্যানাং জনানাং সম্বন্ধে, যথা যথাশক্তি উপপত্তিং তৎকামপূরণং কুর্বন্তি ॥১২॥

পক্কেতি। পক্কবিদ্যাঃ পরিণতবিদ্যাঃ। কস্যচিৎ সম্বন্ধে ॥১৩॥

